# সাংবাদিকতা ঃ কি? কেন? কিভাবে?

মোহাম্মদ রুহুল ফারুক

# সাংবাদিকতা

# কি ?
# কেন ?
# কিভাবে?

প্রথম খণ্ড

মোহাম্মদ রুহুল ফারুক

নিউ এমদাদিয়া পাবলিকেশন্স
৩৪/১ নর্থব্রুক হল রোড, ঢাকা।

www.pathagar.com

প্রকাশক : মোঃ নিজাম উদ্দিন
নিউ এমদাদিয়া পাবলিকেশন্স
বাংলাবাজার, ঢাকা-১১০০।

প্রথম প্রকাশ : অক্টোবর-১৯৯৬

মূল্য : ৬০.০০ টাকা মাত্র।

মুদ্রণে : দি আদর্শ ছাপাখানা-ঢাকা।

অক্ষরবিন্যাস : বরেন্দ্র কম্পিউটার-ঢাকা।

## সূচীপত্র

| | | | |
|---|---|---|---|
| প্রথম অধ্যায় | : | সাংবাদিকতা কি? | ৫ |
| | | সাংবাদিকতার শ্রেণীভেদ কি? | ৭ |
| | | সাংবাদিকতার নীতিমালা | ৮ |
| | | সাংবাদিক কে? | ১১ |
| | | সাংবাদিকের কি কি গুণাবলী থাকা দরকার? | ১২ |
| দ্বিতীয় অধ্যায় | : | সাংবাদিকতা কেন? | ১৯ |
| তৃতীয় অধ্যায় | : | সাংবাদিকতা কিভাবে? | ২২ |
| | | কি ভাবে সংবাদ যাচাই করবেন | ২৪ |
| | | সাংবাদিকের বিশেষ গুণাবলী কি কি? | ২৫ |
| | | সাড়া জাগানো সংবাদ | ২৮ |
| চতুর্থ অধ্যায় | : | কিভাবে খবর সংগ্রহ করবেন? | ৩১ |
| | | কিভাবে সংবাদ লিখবেন? | ৩৩ |
| | | সংবাদ লেখার কৌশল | ৩৮ |
| পঞ্চম অধ্যায় | : | ভাষার ব্যবহার | ৪২ |
| | | ETHICS OF JOURNALISM | ৪৪ |
| | | CONSULTATION ON PRESS SYSTEMS IN SAARC | ৫৬ |
| | | সাংবাদিকতার পরিভাষা-ইংরেজী-বাংলা | ৫৮ |

www.pathagar.com

# ভূমিকা

মোহাম্মদ রুহুল ফারুক এক সময় সাংবাদিকতাকেই পেশা হিসেবে নিতে চেয়েছিলেন এখন তিনি প্রবাসী এবং ভিন্ন পেশায় নিয়োজিত। সাংবাদিকতার সঙ্গে এখন তার আর পেশাগত যোগ নেই। সংযোগ কিন্তু ছিন্ন হয়নি। প্রথম প্রেমের মত সাংবাদিকতা তার মন জুড়ে আছে। 'সাংবাদিকতা—কি? কেন? কিভাবে? বইটিই তার প্রমান।

মোহাম্মদ রুহুল ফারুক যখন মফঃস্বল থেকে সাংবাদিকতা শুরু করেন তখন প্রস্তুতিগত সহায়তার যোগ্য উপকরন কিছুই পাননি। দেশে সাংবাদিকতা নিয়ে উচ্চ শিক্ষার এবং পেশাগত প্রশিক্ষনের সুযোগ কিছু সৃষ্টি হলেও মফঃস্বলের নবাগতদের সাহায্যে আসার মত উপকরনের অভাব এখনো একই রকম রয়ে গেছে। এ ব্যাপারটি তাকে পীড়া দিয়েছে, হয় তাড়িয়েও ফিরেছে। আর তাই প্রবাসের ব্যস্ত জীবনের মাঝেও কিছু সময় করে নিয়ে 'সাংবাদিকতা—কি? কেন? কিভাবে? নামের এ বইটি তিনি লিখতে পেরেছেন কিংবা লিখতে বাধ্য হয়েছেন। এমন বাধ্যবাধকতার কাছে আত্মসমর্পন, নিজের এবং দশের, সবার জন্যেই তৃপ্তি ও কল্যানকর।

বইটির বিষয় আর প্রকৃতির পরিচয় এর নামেই বিধৃত। যারা এই মহৎ পেশার সঙ্গে পরিচিত হতে আগ্রহী, এ বই তাদের কাজে আসবে, তাতে সন্দেহ নেই। দেখে ভালো লাগলো, লেখক তার স্বল্পকালীন অভিজ্ঞতাকেই পুঁজি হিসেবে ব্যবহার করেননি। এ নিয়ে বিস্তর ঘাঁটাঘাটিও করেছেন। অধ্যয়নলব্ধ তত্ত্ব ও তথ্যকে সুন্দর ভাবে ব্যবহার করেছেন নিজ বক্তব্য পরিস্ফুট করার লক্ষ্যে। সূত্রের উল্লেখ বক্তব্যের বিশ্বাসযোগ্যতা বাড়িয়েছে।

মোহাম্মদ রুহুল ফারুকের এ উদ্যোগ আমাকে আনন্দ দিয়েছে। আমি তার উদ্দেশ্যের সাফল্য কামনা করি।

দৈনিক বাংলা, ঢাকা
১৭.৬.৯৬

সালেহ চৌধুরী
সহকারী সম্পাদক
দৈনিক বাংলা, ঢাকা।

www.pathagar.com

# লেখকের কথা

সাংবাদিকতা আমার কাছে "পেশা ও নেশা" এবং একটি "আন্দোলন ও মিশন।" এ পেশায় আনন্দ আছে, সন্তুষ্টি আছে, আত্মার বিকাশের খোরাক আছে।

নেশা এ জন্য একবার সাংবাদিকতা পেশায় যোগদিলে বাহির হওয়া কঠিন, কারন সত্যিকার অর্থে যারা সাংবাদিকতা করেন ও যোগ্যতা রাখেন তারা চোখ বুঝে গোটা দুনিয়া উপলব্ধি করতে পারেন। সেই উপলব্দির শক্তিই এদেরকে বেঁধে রাখে। আন্দোলন = আন + দোলন; অর্থাৎ পরিবর্তন আনয়ন করা মিশন; মানবজাতির কল্যানে ভূমিকা পালন। আমি মনে করি **"সাংবাদিকতা সারা পৃথিবীতে মানবজাতির জন্য কল্যানকর ও পরিবর্তন আনয়নকারী শক্তি।"**

১৯৮১ সালে সাংবাদিকতা পেশায় যোগদেয়ার পর থেকে বার বার পেশাগত জ্ঞান ও নিয়মনীতি সম্পর্কে নিজের সীমাবদ্ধতা উপলব্দি করেছি। এজন্য ছুটতে হয়েছে সিনিয়র সাংবাদিকের কাছে, এবং সাংবাদিকতার বইয়ের জন্য 'মুসলিম সাহিত্য সংসদে,' 'জাতীয় প্রেস ক্লাব লাইব্রেরীতে,' প্রেস ইনিস্টিটিউটে, জাতীয় গ্রন্থাগারে, সিলেটে সরকারী পাবলিক লাইব্রেরীতে। এ-সব বই পড়ে যে সব তথ্য ও অভিজ্ঞতা পেয়েছি; তা স্বল্প হলেও আমার জন্য অনেক।

বর্তমানে বাংলাদেশে সাংবাদিকতা পেশার বিকাশ ঘটছে। পত্র-পত্রিকা ব্যাপকহারে প্রকাশিত হচ্ছে। নবীন সাংবাদিকের সংখ্যা বাড়ছে। একটি হাদিসের ভাবানুবাদ হল " কাউকে কোন সম্পদ দান করতে হলে তাকে জ্ঞান ও অভিজ্ঞতা দান কর।"

আমি মফস্বল সাংবাদিক, নবীন (কাব) সাংবাদিকেদের জন্য সামান্য চেষ্টা করেছি মাত্র। এ বইটি তাদের চাহিদা মেটাতে পারলে নিজের প্রচেষ্টাকে সার্থক মনে করব। সাংবাদিকতা : কি? কেন? কিভাবে? (১ম খন্ড) বইটির লেখায় আমার সহধর্মিনী রাশেদা এফ. চৌধুরী. অনুজ রুহুল আজম মাসুদ, ভাগিনী রেজওয়ানা নূরী, বন্ধুবর সাংবাদিক সৈয়দ আরিফ আহমদের সহযোগীতা পেয়েছি। এজন্য আল্লাহ তাদেরে সঠিক উপহার দিন।

বিশেষ করে শ্রদ্ধাভাজন দৈনিক বাংলার সহকারী সম্পাদক সালেহ চৌধুরী সাহেব আমার বইয়ের ভূমিকা লিখে দিয়ে কৃতার্থ করেছেন আমি তাঁর সহযোগিতা শ্রদ্ধাভরে স্মরন রাখব।

আমার লেখার কোন প্রকার ভুলত্রুটি কেউ ধরে দিলে খুশি হব। ২য় খন্ডে আরও বিস্তারিত ও অন্যান্য দিক তুলে ধরার চেষ্টা করব। সবার দোয়া চাই। আল্লাহ হাফিজ

তাং-২২. ৯. ৯৬ ইং

মোহাম্মদ রুহুল ফারুক
৫৮, মজুমদারী, সিলেট।

www.pathagar.com

# প্রথম অধ্যায়

## ● সাংবাদিকতা কি?
**(WHAT IS JOURNALISM)**

সাংবাদিকতা একটি পেশার নাম, JOURNAL ও ISM এর সমন্বয়ে JOURNALISM এর উদ্ভব। JOURNAL মানে কোন প্রকাশনা যা নিয়মিত প্রকাশ পায়। ISM মানে কোন মতবাদ, পদ্ধতী (SYSTEM) অর্থাৎ কোন কিছুর অনুশীলন। অতএব, সাংবাদিকতা (JOURNALISM) মানে কোন আদর্শের নীতিমালার ভিত্তিতে একটি প্রকাশনা বের করার অনুশীলন, যা নিয়মিত প্রকাশ পাবে এবং নির্দষ্ট চাহিদা মেটাবে।

EXPLORING JOURNALISMএর লেখক। ROLAND E. WOLSELEY ও LAURENCE R. CAMPBILL সাংবাদিকতাকে—

"নিয়মতান্ত্রিক এবং বিশ্বাসযোগ্যভাবে জন সাধারণ্যে জনগণের তথ্য, জনমত ও জনবিনোদন আধুনিক যোগাযোগ গণমাধ্যমে ছড়িয়ে দেয়াই সাংবাদিকতা।

MICHAELL. SIMMONS এর মতে সাংবাদিকতা হচ্ছে সংবাদপত্র লেখা, পরিচালনা করা, প্রকাশনা করা বা ব্যবসা করা। বিভিন্ন স্তরের সাংবাদকর্মীরা এটাকে কখনও কখনও পেশা বলেছেন, ব্যবসা বলেছেন, কেউ কেউ খেলাও বলেছেন। এমনকি কোন কোন ব্যক্তি এটাকে অভিযান বলেছেন। আবার কেউবা এটাকে সমাজের একটু ভদ্র-ভাষার প্রকাশনা বলে উল্লেখ করেছেন।"

## ● তাহলে মূল সাংবাদিকতা বিষয়টা কি?

এখানে আরও স্পষ্ট করে বলা যেতে পারে, যা সংবাদপত্রের পেশাজীবীগণ এবং সাংবাদিকতার অধ্যাপকগণ মৌলিক সাংবাদিকতা সম্পর্কে ঐক্যমতের সুরেই বলেছেন যে, "কোন সংবাদ লিখা প্রদান করার কলা কৌশলের উপরেই মৌলিক সাংবাদিকতার ভিত্তি প্রতিষ্ঠিত"। এখানে অতি নগণ্য সংখ্যক লোক রয়েছেন যারা একমত হন না যে সাংবাদিকতার কাজে উপরে উঠতে আগ্রহী কোন নবাগত ব্যক্তিকে প্রথমে একজন শিক্ষানবিশ সংবাদদাতা হিসাবে কাজ শুরু করতে হবে।

কোন কোন ব্যক্তি বললে আশ্চর্য্য বোধ করেন অন্যান্য পেশায় বা দক্ষ ব্যবসায় ব্যবহৃত কলাকৌশলের তুলনায় মৌলিক সাংবাদিকতায় ব্যবহৃত কলাকৌশল অনেকটা সহজতর। এর ব্যাখ্যা হচ্ছে সাংবাদিকতা পেশায় নবাগত ব্যক্তির সাংবাদিকতা সংক্রান্ত বিষয়ে ব্যবহৃত মৌলিক সরঞ্জামাদির অন্যতম



www.pathagar.com

শব্দাবলীর সাথে প্রাথমিক ভাবে পরিচিত। এরপর বিশেষ বিশেষ প্রেক্ষিত অনুসারে এবং বিশেষ বিশেষ সংবাদপ্রদান নীতিমালা অনুযায়ী এগুলোর বিশেষ ব্যবহার করতে হয়। সে বিষয়ে পারদর্শীতা অর্জন খুব কঠিন কাজ নয় যতটা কঠিন অনেকে মনে করেন। কথার মারপ্যাঁচ অনেক সময় সাহিত্যিক ঝঞ্ঝাট বাঁধিয়ে দিতে পারে। অথচ সাংবাদিকতার অর্ন্তদৃষ্টি সম্পন্ন কম শিক্ষিত ব্যক্তিরাও ছোট ছোট সংবাদের অনুচ্ছেদ দিয়ে পিস্তলের বারুদের মত ধোয়া তুলে দিতে পারে। তাই সাংবাদিকতাকে চলমান ইতিহাস বলা হয়।

লেসলি স্টীফেন বলেন, "যে বিষয়গুলো সম্পর্কে তুমি অজ্ঞ সে বিষয়গুলোর ওপর পারিশ্রমিক নিয়ে লেখাই হচ্ছে সাংবাদিকতা।

স্যার এরিখ হজিনস্ বলেছেন, "সাংবাদিকতা হচ্ছে সঠিক, পরিজ্ঞাত ও ত্বরিতগতিতে তথ্যাদির এদিক ওদিক এমনভাবে প্রেরণ যাতে করে সত্য পরিবেশিত হয় এবং তাৎক্ষনিকভাবে নাহলেও সব তথ্যের যথার্থতা ধীরে ধীরে সুস্পষ্ট হয়ে উঠে।" তবে সংবাদপত্র কোন প্রচারণার হাতিয়ার নয়। পত্রিকা যা বলে তা সত্য করেই বলে। যে সংবাদপত্র মিথ্যা কথা বলে জনগণ তাকে প্রত্যাখ্যান করে। জনগণের বিশ্বাসই সংবাদপত্রের ভিত্তি। তাই এ হচ্ছে গণমাধ্যম (MASS—MEDIA)।

বর্তমানে সংবাদপত্রের পর গণমাধ্যমে যুক্ত হয়েছে রেডিও, টেলিভিশন, সেটেলাইট নেট ওয়ার্ক, কম্পিউটার নেট ওয়ার্ক, চলচ্চিত্র ইত্যাদি।

ইংরেজী PRESS শব্দের বাংলা পরিভাষায় "সাংবাদপত্র হলেও সাংবাদিকতা শুধু মুদ্রণ সাংবাদিকতায় পরিব্যপ্ত নয়, তার সঙ্গে যুক্ত হয়েছে রেডিও, টিভি, ফিল্ম বা অন্য কথায় ইলেকট্রনিক সাংবাদিকতা। সেখানে তথ্য ও গণ জ্ঞাপন পদ্ধতিই মুখ্য। তাই ডেভিড ওয়েন রাইট যথার্থই বলেছেন।

JOURNALISM IS INFORMATION. IT IS COMMUNICATION. IT IS THE EVENTS OF THE DAY DISTILLED INTO A FEW WORDS. SOUNDS OR PICTURES. PROCESSED BY THE MECHANICS OF COMMUNICATION TO SATISFY THE HUMAN CURISITY. OF A WORLD THAT IS ALWAYS EAGER TO KNOW WHATS NEW.

"সাংবাদিকতা হচ্ছে তথ্য। সাংবাদিকতা হচ্ছে জ্ঞাপণ বা যোগাযোগ সাধন। সাংবাদিকতা হচ্ছে কিছু শব্দ, ধ্বনি বা চিত্রের রূপে রূপায়িত প্রতিবেদনের কিছু ঘটনাবলী। নতুনকে জানার জন্য বিশ্বের মানুষের অদম্য কৌতুহল মেটানোর লক্ষ্যে জ্ঞাপন পদ্ধতির মাধ্যমে প্রক্রিয়াজাত।"

একে আরো পরিশীলিত করে ডাঃ পার্থ চট্টোপাধ্যায় তার সংজ্ঞায় বলেছেন, "সাংবাদিকতা চলমান জীবনের শব্দময় প্রতিচ্ছবি, যা কখনও মন্ময় (SUBJECTIVE) কখনও বস্তুনিষ্ঠ।"



www.pathagar.com

সাংবাদিকতা এই প্রতিচ্ছবিকে আপন হৃদয়ে ধারণ করে তাকে আবার সাধারণের কাছে ফিরিয়ে দেবার এক জটিল পদ্ধতি। সাংবাদিকতা বস্তুনিষ্ঠ সাহিত্য ও দ্রুত লয়ের ইতিহাসের এক সংমিশ্রণ। সাংবাদিকতা জীবন, সমাজ ও রাষ্ট্রের গতি প্রকৃতি বর্ণনার এক কৌশল।

শিক্ষা-সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, ধর্ম, দর্শন, বিনোদন তথা মানব সভ্যতা বিকাশের মূল বাহন হচ্ছে সাংবাদিকতা। চিন্তার ক্ষেত্রে পরিবর্তন, ধ্যান ধারণার বিবর্তন, সমাজ বিপ্লব কিংবা সাংস্কৃতিক রূপান্তরের ধারক ও বাহক হলো সাংবাদিকতা। উইকহ্যামষ্টিডের মতে-সাংবাদিকতা হচ্ছে সমাজ সেবার প্রধান একটি আধুনিক রূপ।

সবশেষে আমরা সাংবাদিকতা পেশাকে শল্য-চিকিৎসা পেশার সাথে তুলনা করতে পারি। কারণ শল্য-চিকিৎসার মাধ্যমে মানব দেহের সকল রোগ চিহ্নিত করা যায় এবং রোগ নিরাময়ের জন্য বিহিত ব্যবস্থা করা হয় এবং যারা শল্য-চিকিৎসা করেন তাদেরকে শল্যবিদ বা ফিজিশিয়ান বা ডাক্তার বলা হয়। তেমনি যারা সাংবাদিকতা করেন তাদেরকে সাংবাদিক বলা হয়।

শল্য-চিকিৎসার মাধ্যমে মানব দেহের চিকিৎসা করা হয়। সাংবাদিকতার মাধ্যমে সামাজিক চিকিৎসা তথা রাষ্ট্রের অর্থনীতি, রাজনীতি, সমস্যা , দুর্ঘটনা, উন্নয়ন, সম্ভাবনা, বিনোদন, খেলাধুলা, অপরাধ এসবের ভাল মন্দ তুলে ধরা হয় এবং প্রেশক্রিপশনের মত প্রয়োজনীয় দিক নির্দেশনা বা গাইড লাইন দেয়া হয়। বর্তমান বিশ্বের উন্নয়ন ও বিকাশে সাংবাদিকতা হচ্ছে সামাজিক চিকিৎসা এবং সাংবাদিক হচ্ছেন সামাজিক ডাক্তার।

## ● সাংবাদিকতার শ্রেণীভেদ কি?

সাংবাদিকতা একটা মহত ও বৃহৎ পেশা। এর বিভিন্ন স্তর, বিভাগ ও শাখা-প্রশাখা আছে। যেমন—

১. বস্তুনিষ্ট সাংবাদিকতা,
২. অনুসন্ধানী সাংবাদিকতা
৩. কূটনৈতিক সাংবাদিকতা
৪. অর্থনৈতিক সাংবাদিকতা
৫. রাজনৈতিক সাংবাদিকতা
৬. পরিবেশ সাংবাদিকতা
৭. উন্নয়ন সাংবাদিকতা
৮. অপরাধ সাংবাদিকতা
৯. বিজ্ঞান বিষয়ক সাংবাদিকতা


www.pathagar.com

১০. হলুদ সাংবাদিকতা
১১. নব্য সাংবাদিকতা
১২. ব্যাখ্যামূলক সাংবাদিকতা
১৩. সমন্বয় সাংবাদিকতা
১৪. চিত্র সাংবাদিকতা

## ● সাংবাদিকতার নীতিমালা ঃ

পৃথীবির সবকিছু কোন না কোন একটা নীতিমালার ভিত্তিতে চলছে। সকল পেশারই একটা নীতিমালা আছে এবং প্রত্যেক পেশাদাররাই একটা বিধান, নিয়ম এবং আইনের অধীনে চলতে বাধ্য। সাংবাদিকরাও নৈতিক সুনিদৃষ্ট কিছু নীতিমালা ও প্রচলিত রাষ্ট্রিয় আইনের অধীনে সাংবাদিকতা পেশার চর্চা, প্রচার, প্রকাশ ও উন্নয়নের জন্য মেনে চলতে বাধ্য। কারণ—

(ক) রাষ্ট্রীয় আইন অমান্য করলে প্রচলিত বিধান মতে শাস্তি, জেল, জরিমানা হতে পারে।

(খ) নৈতিক দায়িত্ব হিসাবেও একজন সাংবাদিক প্রচলিত আইন ও সাংবাদিকতার নীতিমালা মেনে নিবেন। যেহেতু আমরা জানি "একজন জ্ঞানীর কলমের কালি শহীদের রক্তের চেয়েও পবিত্র।" তাহলে বুঝতে হবে একজন সাংবাদিকের দায়িত্ব কত এবং কতটুকু গুরুত্বপূর্ণ। একজন সাংবাদিক শুধু দুনিয়ার প্রচলিত আইনের ভাল বা মন্দের বিবেচ্য হবেন না, তার পরকালীন জীবনে তথা মৃত্যুর পরও বিচারের সম্মুখীন হবেন; তার জীবনের সকল কাজের জন্য। প্রসঙ্গত একজন ব্যক্তির জীবনের কর্ম ভাল বা মন্দ হোক; তার ফলাফল শেষ বিচারের দিন পর্যন্ত অব্যাহত থাকে এবং কর্মফল অব্যাহত থাকলে শেষ বিচারের দিন পর্যন্ত যে পরিমাণ দাঁড়াবে; সেই কর্মফলের পরিমাণ ভাল হলে ভাল, বা পূণ্যে এবং মন্দ বা পাপ হলে; পাপের পরিমাণের সাথে যোগ হবে।

যেমন ঃ কোন একটা এলাকায় বেশ্যাবৃত্তি, নারী নির্যাতন, মদ-জুয়া, শিশু পাচার এসব জঘন্য অপরাধ হয় বা "গোল্ডেন ট্রয়েঙ্গেল" বলে পরিচিত। একজন সাংবাদিক তার নৈতিক ও পেশাগত দায়িত্ব হিসাবে রিপোর্ট করায় এসব দূর হল এবং এলাকা বাসীদের উদ্যোগে সে স্থানে একটা স্কুল বা মাদ্রাসা বা হাসপাতাল গড়ে উঠল। সুতরাং এই প্রতিষ্ঠান থেকে যতদিন পর্যন্ত কল্যাণ বা ভাল ফল মানুষ পাবে ততদিন পর্যন্ত ঐ সাংবাদিকসহ সকল সহযোগী ব্যক্তিরাও নিজের কর্মফলে ভাল ফল পাবেন। অনুরূপ ভাবে মন্দ রিপোর্ট করে কোন সামাজিক, অর্থনৈতিক, রাষ্ট্রিয় ক্ষতি সাধন করে থাকলে সারা জীবনের কর্মফলের সাথে মন্দ কর্মফল যোগ হবে।

(গ) সাংবাদিকতার মহান পেশাকে সমুন্নত রাখা এবং উন্নতির ধারা অব্যাহত রাখা।


www.pathagar.com

## ● নীতিমালা ঃ

১. প্রতিদিনের খবর প্রতিদিনই জনগণকে যথাযথভাবে জানতে দেওয়া। আইনগত অথবা অন্যকোন যুক্তিসংগত বা অপরিহার্য কারণ ছাড়া কোন সংবাদকে সংবাদপত্রের পৃষ্ঠা থেকে বাদ দেয়া যাবে না।

২. জনমতকে রাষ্ট্র ও জাতির কল্যাণের পথে পরিচালিত ও নিয়ন্ত্রিত করতে যথাসাধ্য চেষ্টা করা। জনমতের ভূলভ্রান্তি ও অনিষ্টকর সম্ভাবনার কথা যুক্তিপূর্ণ সুস্পষ্ট ভাষায় প্রকাশ করতে হবে। সুস্থ জনমতের সমর্থন এবং অসুস্থ জনমতের যুক্তিসহ সমালোচনাই সত্যিকার সাংবাদিকতার কর্মনীতি।

৩. রাষ্ট্র ও জাতির কল্যাণই যেহেতু সাংবাদিকতার মূল লক্ষ্য তাই, সরকারের কর্মধারা, সরকারী কর্মচারী ও জনসাধারণের প্রতিনিধিদের কার্যকলাপ, রাষ্ট্র ও জাতির সত্যিকার কল্যাণমুখী কিনা, সেদিকে তীক্ষ্ণ নজর রাখা সাংবাদিকের পরম কর্তব্য।

৪. রাষ্ট্র ও জাতির "কল্যাণ ভিত্তিক সমালোচনা থেকে সাংবাদিকতাকে নিরস্ত করার অধিকার কারুর নাই। কেউ যদি অধিকারের" নামে সে সম্পর্কে কোনরূপ বিধিনিষেধ সাংবাদিকের উপর জারী করেন, তবে সত্যনিষ্ট সাংবাদিক কখনো তার নিকট নতি স্বীকার করবেন না। তবে সমালোচনা হবে গঠনমূলক।

৫. রাষ্ট্রের কাজে যারা নিযুক্ত, তারা যাতে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করে যেতে পারেন সে সম্পর্কে তাদেরকে সুবিবেচিত পরামর্শ দেওয়া সাংবাদিকের অন্যতম কাজ।

৬. সরকারের ভালকাজে সহযোগীতা করার জন্য জাতিকে উদ্বুদ্ধ করা এবং রাষ্ট্রের যারা দুশ্‌মন, জাতির ক্ষতিকর কাজে যারা নিয়োজিত তাদের মুখোশ খুলে ফেলাও সাংবাদিকের একটা বড় দায়িত্ব (কারণ রাষ্ট্র বিরোধিতার কাজে যারা নেমেছে, তাদের মুখোশ যথাসময়ে খুলে না ধরলে তাদের দ্বারা রাষ্ট্র ও জাতির যে ক্ষতি হবে, তার ভাবীফল রাষ্ট্র ও জাতীর জন্য ভয়াবহ হয়ে উঠতে পারে। যথাসময়ে ওদের স্বরূপ জাতির সামনে তুলে ধরলে রাষ্ট্র ও জাতি সে বিপদ থেকে রক্ষা পেতে পারে।)

৭. প্রতিটি পেশায় নিয়োজিত ব্যক্তির জন্য প্রথম দায়িত্ব জ্ঞানার্জন। তাই সুষ্ঠু ও সফল সাংবাদিকতার জন্য সব বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন আবশ্যক।

৮. জনগণের জানার অধিকার আছে, এমন সবকিছু তাঁদের জানাতে হবে। অর্থাৎ কোন খবর ইচ্ছাকৃত ভাবে ব্ল্যাকআউট করা যাবে না।

৯. পরিবেশিত সংবাদ নির্ভুল তথ্য ভিত্তিক হতে হবে। তাই তথ্যাদি উপযুক্ত সূত্র থেকে গ্রহণ করতে হবে এবং যথারীতি তা যাচাই করতে হবে।

১০. বস্তুনিষ্ঠতা বজায় রাখতে হবে, অর্থাৎ যা ঘটেছে এবং যেভাবে ঘটেছে তা তুলে ধরতে হবে-বিকৃত করা চলবে না।



www.pathagar.com

১১. কোন ব্যাপারে আংশিক সত্য নয়, সম্পূর্ণ সত্য প্রকাশ করতে হবে।

১২. ভারসাম্য বজার রাখতে হবে–অর্থাৎ প্রতিবেদনের বিষয়বস্তুর বিভিন্ন দিককে যথাযথ গুরুত্ব দিতে হবে।

১৩. পরিবেশনা এমন হবে যে,– পাঠক তা সঠিক অর্থে গ্রহন করেন। অতএব স্বার্থবোধক ভাষা পরিহার করতে হবে।

১৪. (যেখানে প্রয়োজন) ঘটনাটিকে সঠিক প্রেক্ষাপটে দেখাতে হবে।

১৫. নিজ নিজ পক্ষপাতিত্বের উর্ধ্বে উঠে ঘটনাবলী বিচার করতে হবে। অর্থাৎ পরিবেশিত সংবাদ বেইস মুক্ত হবে।

১৬. ইতিপূর্বে পরিবেশিত সংবাদে যদি কোন ভুল থেকে থাকে, প্রথম সুযোগেই তা সংশোধন করতে হবে। কেউ কোন সংবাদ বা বক্তব্যের প্রতিবাদ জানালে তা গ্রাহ্যে নিতে হবে।

১৭. দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতির আলোকে যে সংবাদ যতটুকু গুরুত্ব ডিসার্ভ করে তাকে তা দিতে হবে।

১৮. সংবাদপত্রের পৃষ্ঠায় রাষ্ট্রবিরোধী কোন কিছুকে স্থান দেওয়া যাবে না। রাষ্ট্রবিরোধী কোন তৎপরতাকে প্রত্যক্ষ বা পরোক্ষ উৎসাহ প্রদান করা যাবে না।

১৯. আদালত অবমাননা করা যাবে না।

২০. আদালতে অপরাধী প্রমাণিত না হওয়া পর্যন্ত কাউকে অপরাধী বলে ধরে নেয়া যাবেনা। সংবাদপত্রের পৃষ্ঠায় কাউকে বিচার করা চলবে না।

২১. কারো মানহানি করা চলবে না।

২২. দুর্নীতির বিরুদ্ধে কিছু লেখার সময় সতর্ক থাকতে হবে, যেন কোন নিরপরাধ বক্তি সম্পর্কে জনমনে অহেতুক কোন ভুল ধারণা না জন্মায়। কোন সংস্থার সকলে দুর্নীতি পরায়ণ এমন ধারণা কিছুতেই দেওয়া যাবে না।

২৩. কোন সম্প্রদায়ের বিরুদ্ধে ঘৃণা ছড়ান যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন করতে পারে এমন কিছু প্রকাশ করা যাবে না।

২৪. কোন গুজবকে সংবাদপত্রে স্থান দেওয়া যাবে না। গুজবকে গুজব আখ্যা দিয়ে ছাপা যাবে না।

২৫. সেক্স জীবনের একটা দিক। তাই সেক্স সংক্রান্ত খবর বা আলোচনা চলতে পারে। কিন্তু অশ্লীলতা অবশ্যই বর্জন করতে হবে।

২৬. কারো ব্যক্তিগত জীবনের গোপনীয়তা রক্ষা করতে হবে-প্রাইভেসী রক্ষা করতে হবে।

২৭. কারো দেশপ্রেমের প্রতি কটাক্ষ করা যাবে না।

২৮. বিজ্ঞাপনকে খবরের ছদ্মাবরণ করা যাবে না

২৯. সূত্রের পরিচয় গোপন রাখা হবে বলে যদি কথা দেওয়া হয়ে থাকে,



www.pathagar.com

তাহলে সর্বাবস্থায় সে কথা রক্ষা করতে হবে। সূত্রের নিরাপত্তা ক্ষুন্ন হবে এমন কিছু করা যাবে না।

৩০. "অব দি রেকর্ড' বলে স্বীকৃত কোন আলাপ আলোচনা ফাঁস করা যাবে না।

## ● সাংবাদিক কে?

শাব্দিক অর্থে সাংবাদিক = সংবাদ + দিক। তথা যে সংবাদ দেয় সেই সাংবাদিক।

ইংরেজীতে সাংবাদিককে JOURNALIST বলা হয়। JOURNAL + LIST = JOURNALIST

JOURNAL = সংবাদ বা প্রতিবেদন

LIST = তালিকা এবং প্রচলিতভাবে REPORTER বলা হয়। যিনি কোন সংবাদকে তালিকাভূক্ত করে বা প্রতিবেদন আকারে প্রকাশ করে তাকে সাংবাদিক (জার্নালিষ্ট) বলা যায়।

জার্নালিষ্ট (JOURNALIST) শব্দটি প্রথম ১৭১০ সালে এডিসন নামে এক ব্যক্তির নামের সঙ্গে প্রকাশিত হয়।

সাংবাদিকের সংজ্ঞা বিভিন্নদেশে বিভিন্ন সময়ে নানাভাবে সংজ্ঞায়িত করা হয়েছে। বাংলাদেশে ১৯৭৪ সালের সংবাদপত্র আইনে বলা হয়েছে, "পেশাদার সাংবাদিক হচ্ছেন একজন সার্বক্ষণিক সাংবাদিক যিনি একটি সংবাদপত্র বা এত সংক্রান্ত কোন প্রতিষ্ঠানে কর্মরত, যার অন্তর্ভুক্ত হচ্ছেন সম্পাদক লীডার রাইটার (সম্পাদকীয় লেখক) বার্তা সম্পাদক; সহ-সম্পাদক; ফিচার লেখক, প্রতিবেদক, সংবাদদাতা, অনুলিপি পরীক্ষক, কার্টুনিষ্ট, সংবাদ আলোকচিত্রী, ক্যালিগ্র্যাফিষ্ট ও প্রুফরিডার।

পাকিস্তান পে কমিশন সংবাদপত্রের সম্পাদনা এবং রিপোটিং বিভাগে কর্মরত ও সংবাদ সংস্থা সমূহের তালিকাভুক্ত ব্যক্তিদেরকেই সাংবাদিক বলেছেন।

অক্সফোর্ড অভিধানে একটি সরকারী সাময়িকী সম্পাদনা ও লেখার মাধ্যমে যিনি জীবিকা নির্বাহ করেন তাকেও সাংবাদিক বলা হয়েছে।

একজন আদর্শ সাংবাদিক হচ্ছেন তিনি, যিনি আত্মীকরণ করে নিপুণতা অর্জন করেছেন, প্রাচীনের প্রাজ্ঞতা, অধিকতর আধুনিকের দর্শন, বৈজ্ঞানিকের জ্ঞান প্রকৌশলীর যন্ত্র বিদ্যা; তার নিজের ও অন্যান্য সময়ের ইতিহাস, অর্থনীতির মূল শর্তাবলী; সামাজিক-রাজনৈতিক জীবন, চিন্তা-ভাবনা ও তার উপলব্ধি এবং চাহিদা অনুযায়ী তার সরবরাহ, আর লক্ষ লক্ষ পাঠকের ইচ্ছা পূরনার্থে নীতিগত ভাবে সেগুলোকে জ্ঞাত করেন।


www.pathagar.com

আর, ডি, ব্লুমেনফেল্ড বলেন, যে ব্যক্তি সংবাদ সংগ্রহ এবং তাকে সংবাদ উপযোগী করে তৈরী ও প্রকাশ করেন তিনিই সাংবাদিক। টি, এইচ এস, স্কট বলেছেন একটি প্রদেয় লক্ষ্যানুযায়ী সাময়িক বিরতিতে লেখার মাধ্যমে। যিনি জনমতকে প্রভাবিত করতে চান, তিনিই সাংবাদিক।

## ● সাংবাদিকের কি কি গুণাবলী থাকা দরকার?

সাংবাদিকতা একটি চেলেঞ্জের পেশা। এই চ্যালেঞ্জের পেশা মোকাবিলার জন্য অবশ্যই যোগ্যতা সম্পন্ন; দৃঢ় মনোবল, শক্তি ও সাহসী লোকের দরকার। বিশেষ করে, বর্তমান বিশ্ব ব্যবস্থা কৃষি যুগ, শিল্প যুগ পার হয়ে এখন কম্পিউটার যুগ বা মিডিয়া যুগে এসেছে। এখন চলছে মিডিয়া যুদ্ধ। এ যুদ্ধে বিজয়ী হওয়ার জন্য প্রতিটি সাংবাদিক সৈনিককে পেশাদার সৈনিকের মতই গুণাবলী থাকা দরকার। "শুধুমাত্র একজন সাংবাদিক সৈনিক ও সাধারণ সৈনিকের মধ্যে পার্থক্য থাকবে কলম ও অস্ত্রের।" একজন হবে কলম সৈনিক ও অন্যজন সশস্ত্র সৈনিক।

**সাংবাদিক মাত্র মৌলিক ৫টি গুণ থাকা দরকার।**

১. সংবাদ বুঝার ক্ষমতা (NOSE FOR NEWS)

২. জ্ঞান তথা শিক্ষাগত যোগ্যতা (EDUCATION)

৩. প্রতিজ্ঞা বা বিশ্বাস (COMMITMENT)

৪. যথার্থতা (ACCURACY)

৫. মিতাচারী/মিতব্যয়ী (ECONOMY)

**১. সংবাদ বোঝার ক্ষমতা (NOSE FOR NEWS) :** "একটি আবেগাত্মক ও ব্যাপকভাবে প্রচলিত বিশ্বাসের বিরুদ্ধে গিয়ে বলতে হয়, সংবাদ বোঝার তথাকথিত ক্ষমতাটি মায়ের পেটে থাকতে কারোরই জন্মায় না। অন্য কথায় সংবাদ কর্মীরা তৈরী হয় জ্ঞান ও অভিজ্ঞতার দ্বারা এবং তারা ঐ ভাবে জন্ম নেয় না। এ কথাগুলি সাংবাদিকতায় বিশেষজ্ঞ MICHAL L. SIMMONS. বলেন : কিন্তু আমি মনে করি-প্রতিটি মানুষ কম-বেশী জ্ঞান ও কোন না কোন একটা প্রতিভা নিয়ে জন্মায়। এই প্রতিভার হয়ত বিকাশ, মায়ের পেটে হয় না। জন্মের পর শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও প্রতিভার বিকাশ হয়। তাই বলতে হয়, সংবাদকর্মীদের মধ্যেও এ ধরনের একটা স্পৃহা থাকা দরকার, যাতে সে চর্চা ও প্রশিক্ষণের মাধ্যমে তার সফলতায় পৌছতে পারে। এজন্যই সাংবাদিকতায় ষষ্ঠ ইন্দ্রিয়ের ব্যবহার বলতে একটি কথা আছে। যদি ষষ্ঠ ইন্দ্রিয় থাকে তবে সেটা সম্ভবত অন্য পঞ্চ ইন্দ্রিয়ের সতর্ক ব্যবহারের ফলেই তৈরী হয়।

"সংবাদ বোঝার ক্ষমতা"র অর্থ হচ্ছে সমাজ, গ্রহ, উপগ্রহ, ন্যায় অন্যায়, ঘটনা দুর্ঘটনা, আগুন ও পানি, রাজনীতি, অর্থনীতি, পাপ-পূণ্য, উন্নতি-অবনতি,



www.pathagar.com

সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস-ঐতিহ্য, ধর্মীয় ব্যবস্থা, কৃষি, জ্ঞান-বিজ্ঞান, স্বাস্থ্য, জীবন-মরণ, ইহকাল-পরকাল প্রভৃতি সম্পর্কে "মৌলিক ধারণ" ও হজম করার ক্ষমতার মাধ্যমে সংবাদ রচনা ও সংবাদপত্র পরিচালনায় তা কার্যকরী করাকেই বুঝায়। প্রসঙ্গত ঃ সংবাদ বোঝার ক্ষমতা"র গুণাবলী যার মধ্যে বা যে সাংবাদিকের মধ্যে আছে সে জগৎ জীবন ও গোটা সৃষ্টির মালিক, সৃষ্টিকর্তা আল্লাহ্‌কে বুঝতে ও সহজে চিনতে এবং আল্লাহর সান্নিধ্য ও সন্তুষ্টি লাভ করে পরম সফলতার দ্বারে যাওয়া তরান্বিত হবে।

**২. জ্ঞান তথা শিক্ষাগত যোগ্যতা (EDUCATION) ঃ** সাংবাদিকতা পেশা, লেখা ও প্রকাশ করার সঙ্গে জড়িত। স্বাভাবিকভাবেই শিক্ষার দরকার, ইতিপূর্বে স্বল্পমাত্রার একাডেমিক যোগ্যতা নিয়ে সাংবাদিকতার পেশাগত কর্মতৎপরতা ও দক্ষতা দিয়ে অনেকে সফলতা লাভ করেছেন বা এখনও অনেকে সাংবাদিকতা বিষয়ে একাডেমিক শিক্ষাগত যোগ্যতা ছাড়াও সফলভাবে সাংবাদিকতার মহান দায়িত্ব পালন করে যাচ্ছেন। কিন্তু পরবর্তী পৃথিবীতে বর্তমানে সবকিছু বিশেষ করে চিহ্নিত হচ্ছে। সুনির্দিষ্টকরণ করা হচ্ছে। প্রতিটি বিষয় পেশাকে উন্নত করাও উন্নতর সেবা প্রদানের জন্য সে বিষয় ও পেশায় সুনিদৃষ্টভাবে শিক্ষা ও প্রশিক্ষণ দেয়া হচ্ছে। অনেকে সাংবাদিকতায় এখন লেখা পড়া করে বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী নিচ্ছে। এবং পত্রিকাগুলিও সাংবাদিকতা বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত লোকদেরকেই সাংবাদিকতা পেশায় নিয়োগের বিজ্ঞপ্তি দিচ্ছে।

**৩. প্রতিজ্ঞা বা বিশ্বাস (COMMITMENT) :** প্রতিটি মানুষের জন্য যে কোন পেশায় বা জীবনে সফলতার জন্য (COMMITMENT বা প্রতিজ্ঞা, (বিশ্বাস) এবং আরবীতে ঈমান দরকার। কারণ যতক্ষণ পর্যন্ত একটি কাজের প্রতি বা পেশার প্রতি একজন শ্রদ্ধাশীল বা আস্থাশীল না হয়, আগ্রহী না হয়, বিশ্বাসী না হয়; ততক্ষণ পর্যন্ত সফল হতে পারে না। আবেগ প্রবণ হয়ে একটা কাজে যোগ দিলে তা সাময়ীক হতে পারে। আবেগের বশবর্তী হয়ে একজন মানুষ গুলির সামনে যেতে পারে; কিন্তু তিলে তিলে একটি পেশায় সময় দেওয়া কঠিন"। তাই তাকে ঈমানের পদক্ষেপ নিতে হবে। আল্লাহর উপর ঈমান আনতে হলে

১. মনে প্রাণে বিশ্বাস করতে হয়,

২. মুখে বলতে হয়,

৩. এবং আল্লার বিধান প্রতিষ্ঠা করতে হয়; বা আমল বা (ESTABLISH) করতে হয়।

অনুরূপ ভাবে সাংবাদিকতা পেশায় যোগ দিলে এক ব্যক্তিকে—

১. পেশার প্রতি বিশ্বাসী হতে হবে;

২. বুকে মুখে প্রতিফলিত করতে হবে;

৩. এবং সেই পেশার বিধি ও নিয়ম কানুন নিজের কর্মজীবনে প্রতিষ্ঠা করতে হবে।



www.pathagar.com

৪. **যথার্থতা (ACCURACY) :** বিশদভাবে বলতে গেলে, যথার্থতার অর্থ কেবলমাত্র নাম, স্থান, বানান এবং এরূপ বিষয়ের ব্যাপারেও যত্নবান হওয়ার চেয়েও বেশী কিছু। যদিও এগুলোও গুরুত্বপূর্ণ। যখন কোন কিছুর সত্যতা সম্পর্কে সন্দেহ জাগে, তখন সকল সম্ভাব্য সূত্র থেকে এ ব্যাপারে যাচাই এবং পুনঃ যাচাই করার প্রয়োজনীয়তা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। সঠিক তথ্যের স্থলে একজনের ধারণার অনুশীলন অবশ্যই পরিহার করতে হবে।

একটি সংবাদ কাহিনীর জন্য উপাত্ত সংগ্রহে স্পষ্ট ভাবে লেখা ও স্পষ্ট পাদটীকাসমূহ লেখার অভ্যাস গঠনকারী অনুশীলন; ভুলের বিরুদ্ধে প্রথম সারির প্রতিরোধ ব্যবস্থা; একটি সাক্ষাতকার গ্রহণকালে নোট করতে গিয়ে অহেতুক তাড়াহুড়া এবং প্রশ্নের অপর্যাপ্ততা সাক্ষাতকারটি যথাযথ না হওয়ার সাধারণ কারণ।

ছোটখোটো ভুল প্রথমাবস্থায় সামান্যকিছু অসুবিধার কারণ মনে হতে পারে, কিন্তু সম্পাদকের কাছে তা হতে পারে ঃ একটি কাহিনীর একজন লোকের নামের বানান ভূল হওয়ার ফলে পত্রিকা একজন বন্ধুকে হারাতে পারে। বয়সে ভুল তৈরী করতে পারে একজন ক্ষমাহীন শত্রু। একজন পাঠক যদি কোন কাহিনীতে একটি মাত্র ভুল নিয়ন্ত্রণ করতে পারে তবে তাতে তার মাঝে গোটা ঘটনা সম্পর্কে সন্দেহ সৃষ্টি হতে পারে। এরূপ ভুলের ঘটনা যদি খুববেশী হয় তবে পত্রিকার অস্তিত্ব শীঘ্রই হাস্যকর অথবা ধিক্কারের বিষয় হয়ে দাঁড়াবে।

৫. **মিতচারী/মিতব্যয়ী (ECONOMY) :** পরিমিতি জ্ঞান, সংক্ষিপ্ততা, বুদ্ধিমত্তার আত্মা এটা হচ্ছে সংবাদ কাহিনীর হাতিয়ার।

পরীক্ষায় দেখা গেছে যে একটি আধুনিক পত্রিকার সবগুলো শব্দ পড়তে ১৪ ঘন্টা সময় ব্যয় হয়। বৈজ্ঞানিক জরিপে দেখা যায় গড়পড়তা পাঠক তার দৈনিক পত্রিকায় আধঘন্টার বেশী ব্যয় করেন না। এজন্য সংবাদ কাহিনী লেখার ক্ষেত্রে তা সংক্ষিপ্ত হওয়ার প্রয়োজন রয়েছে। প্রয়োজন রয়েছে উপস্থাপনের একটি বিশেষ আঙ্গিকের যা ব্যস্ত পাঠককে যতদূর সম্ভব দ্রুত ও সহজে প্রকৃত তথ্য দিতে পারে। তাই শব্দ ব্যবহারের ক্ষেত্রে সংযমী হতে হবে। সংক্ষিপ্ত করণ ও পরিমিতি অর্জনের সবচেয়ে কার্যকর একক বিষয় হচ্ছে "সকর্ম ক্রিয়া সমূহের ব্যবহার।

যেমন–

"গ্রোগানের দাবী ছিলো এটা যে, নতুন মজুরীর হার আগের টেকহোমের পারিশ্রমিকের সমান হবে না।

উক্ত প্যারা সম্পাদনা করে লেখা যায় ঃ গ্রোগান দাবী করে, নতুন মজুরীর হার যেন আগের টেকহোম পারিশ্রমিকের সমান না হয়।"

লক্ষ্যণীয় যে এখানে ব্যাপকভাবে পরিমিতি অর্জীত হয়েছে বিধেয় করন অথবা "দাবী" এবং "সমান" শব্দ দু'টিকে সকর্মক্রিয়ার রূপান্তরের মাধ্যমে। সকর্ম ক্রিয়ার যথাযথ ব্যবহারের ফলে সকল ক্ষেত্রেই দুর্বল ও শব্দবহুল প্রবাদ বাক্যগুলো বাতিল হয়ে যায়। যথাযথভাবে বিধেয় করণের অব্যাহত প্রচেষ্টায় শেষ



www.pathagar.com

পর্যন্ত এর ব্যবহারে একটা অভ্যাসের সুবিধা গড়ে তোলে এবং আপনি আপনার দৈনিক পত্রিকায় এরূপ অগনিত উদাহরণ পাবেন করার মতো।

"সর্বোপরি একজন সাংবাদিক লেখার ক্ষেত্রে পরিমিতি, মিতাচারী ও মিতব্যয়ী হবেন না, অর্থনৈতিক স্বাবলম্বীতা ও ব্যক্তিগত জীবনে ভারসাম্যপূর্ণ জীবন যাপনের ক্ষেত্রেও এসব গুণাবলী অর্জন করবেন। কারণ সাংবাদিকের জীবন খুবই হিসাব-নিকাশ করে চলার জীবন।

"উপরোক্ত ৫টি মৌলিকগুণ থাকার পাশাপাশি যে সব গুণাবলি থাকা দরকার তা হল ঃ

১. **ভাষাজ্ঞান ঃ** মাতৃভাষা জ্ঞানের সাথে সাথে আন্তর্জাতিক ভাষাজ্ঞান থাকা দরকার। বিশেষ করে ইংরেজী ও আরবী।

২. **স্বাস্থ্য ঃ** একজন সাংবাদিক হবেন সু-স্বাস্থ্যের অধিকারী। কারণ দিবারাত্রি কঠোর পরিশ্রমের মাধ্যমেই তার সফলতা আসতে পারে। (এ জন্য প্রতিমাসে ডাক্তারের কাছে চেক্আপ্" করাতে পারেন)।

৩. **কৌতূহল ঃ** ভাল-মন্দ বিশ্লেষণ করার ক্ষমতা ও কৌতুহলী মনোভাব থাকতে হবে

৪. **প্রজ্ঞা ঃ** সংবাদ সূত্র, সংবাদ সংগ্রহ ও তা প্রকাশের ক্ষেত্রে প্রজ্ঞার পরিচয় দিতে হবে।

৫. **উদ্ভাবনী ক্ষমতা ঃ** তীব্র কল্পনা শক্তি ও উদ্ভাবনী ক্ষমতা থাকতে হবে।

৬. **সাহসী ঃ** একজন সাংবাদিক হবেন সাহসী সৈনিক। তাকে যে কোন পরিস্থিতি ও পরিবেশে গমন ও মোকাবিলার জন্য মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। একটি দৈনিক পত্রিকা এসাইনমেন্ট দিয়ে একজন সাংবাদিককে ইরাক কুয়েত যুদ্ধ অথবা "আরব" "ইসরাইল" যুদ্ধে পাঠালে প্রথমেই তাকে গরম আবহাওয়া, পানির স্বল্পতা, ভীতিপূর্ণ অবস্থার সম্মুখীন হতে হবে। এবং থাকা খাওয়া, সংবাদ সংগ্রহ, ছবি সংগ্রহ, সংবাদ প্রেরণ, মিত্রপক্ষ ও শত্রুপক্ষের মোকাবিলা ইত্যাদি পরিস্থিতিতে সাহসীকতার পরিচয় দিতে হবে। ভয় ও ভীতিপূর্ণ মন নিয়ে এ পেশায় যোগ দিলে ব্যর্থ হতে হবে।

৭. **ব্যবহার ঃ** সকল শ্রেণীর মানুষের সাথে ব্যবহার হবে সৌজন্যবাদী, বন্ধু ভাবাপন্ন, শান্তশিষ্ট, ভদ্র, নিরহংকারী, সহাস্যবদন, সহনশীল, ধৈর্য্যশীল, ইত্যাদি। একজন সাংবাদিক খিটখিটে মেজাজের হলে তথ্য সংগ্রহে বাধাগ্রস্থ হতে পারেন।

৮. **ব্যক্তিত্ব ঃ** একজন সাংবাদিক হবেন ব্যক্তিত্ব সম্পন্ন। কারণ অকারণে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামনে নতজানু হবেন না।

৯. **অধ্যাবসায়ী ঃ** পেশার উন্নতির জন্য, বার বার ব্যর্থ হওয়ার পরও চেষ্টা চালিয়ে যেতে হবে।

১০. **সততা ঃ** একজন সাংবাদিক হবেন সৎ। সাংবাদিকতার পথ-পিচ্ছিল ও প্রলোভনের পথ। সেই প্রলোভনের পথ তাকে জয় করতে হবে। এ জয় নিজের ইন্দ্রিয়কে জয়। নিজেকে জয় না করতে পারলে সাংবাদিকতার "মিশন" থেকে বিচ্যুত হবেন।



www.pathagar.com

**১১. সময়ের ব্যবহার ঃ** মানুষের জীবন সংক্ষিপ্ত। এই স্বল্প সময়ের মধ্যে তার যোগ্যতা অর্জন, পেশার উন্নয়ন, পরিবার গঠন ও বিকাশ সাধন করে সফলতার চূড়ান্ত পর্যায়ে যেতে হয় বিধায় পেশার উন্নতির জন্য সময়ের সদ্ব্যবহার করতে হবে। বিশেষ করে সাংবাদিক একটা সময়সীমার" (ডেডলাইনের) মধ্যে কাজ করেন। যেমনঃ একটি এলাকায় ঘুর্ণিঝড় বা টর্নেডো বয়ে যাচ্ছে; এই রিপোর্ট তাৎক্ষণিক ভাবে করা দরকার। না হলে উদ্ধার অভিযান বা ত্রাণ সাহায্য দ্রুত আসবে না এবং অসংখ্য মানুষ মারা যাবে।

**১২. গতি ঃ** গতিই জীবন; স্থিতি মৃত্যু। সাংবাদিকতার কাজে গতি থাকা দরকার। সময়ের গতিকে পরাজিত করে কাজ করার যোগ্যতা একজন সাংবাদিকের থাকতে হবে। দ্রুত কাজ করার মধ্যে তথ্যগত ভুল ও ভাষাগত শিথিলতা থেকে মুক্ত হতে হবে।

**১৩. স্মৃতিশক্তি ঃ** সাংবাদিকতা পেশা তথ্য নির্ভর, তাই একজন সাংবাদিক সকল তথ্য বেগে ভর্তি করে চলতে পারে না। অনেক ক্ষেত্রে তাকে স্মৃতির উপর নির্ভর করতে হয়। তাই প্রখর স্মৃতিশক্তি থাকা দরকার।

**১৪. সতর্কদৃষ্টি ঃ** একজন সাংবাদিকের সাথে গাছ, লতা-পাতা, আগুন-পানি, বাতাস, পশু-পাখি অর্থাৎ একজন মানুষ ছাড়া সকল জীব-ও জড় পদার্থ কথা বলে। এই জীব-জড় পদার্থের কথা, ভাষা, ইশারা-ইঙ্গিত, অবস্থান, গতি, পরিবর্তন, পরিবর্ধন, জন্মমৃত্যুর প্রতি, সাংবাদিক চলার পথে, চতুর্দিকে সতর্ক দৃষ্টি রাখবেন। কারণ এই সতর্ক দৃষ্টির ক্যামেরায় হয়ত গুরুত্বপূর্ণ একটি সংবাদ বা সংবাদ সূত্র ধরা পড়তে পারে। যেহেতু একজন সাংবাদিক একটি (NEWS) তৈরী করেন NORTH, EAST, WEST, ও SOUTH এই চর্তুকোন মিলিয়ে; তাই তাকে চতুর্দিকে হরিণের মত চোখ, নাক, কান সহ সকল ইন্দ্রিয়কে সজাগ রেখে চলতে হবে এবং কোন তুচ্ছ ব্যাপারকে খাটো করে দেখবেন না।

**১৫. উপস্থিত বুদ্ধি ঃ** সাংবাদিক তার জন্য বিশেষত সংবাদ সংগ্রহের ক্ষেত্রে উপস্থিত বুদ্ধি অতি প্রয়োজনীয়।

**১৬. নিরপেক্ষতা ঃ** সাংবাদিক দেশ জাতি সবার জন্য কাজ করে থাকেন। একজন সাংবাদিক কোন দলের লোক নন; তিনি নিরপেক্ষ ভাবে কাজ করে থাকবেন। সাংবাদিক' সাংবাদিকতা পেশার একজন কর্মী এবং সাংবাদিকতা আদর্শের ভিত্তিতে কাজ করেন। কোন দলীয় নীতিমালার ভিত্তিতে কাজ করবেন না

**১৭. আবেগ ঃ** যে কোন পেশায় সফলতার জন্য **'আবেগ'** একটি শক্তি। তবে এই আবেগকে নিয়ন্ত্রণ করে কর্ম সম্পাদন করার মধ্যেই রয়েছে সফলতা। তাই সাংবাদিকতায় ভাব প্রবণ না হয়ে রসবোধ ও সাহিত্যবোধের মাধ্যমে তথ্য ভিত্তিক সমালোচনা মূল সমালোচনামূলক সংবাদ রচনা করে পাঠকের মন আকৃষ্ট করা যায়।



www.pathagar.com

**১৮. নেতৃত্বদান ঃ** সাংবাদিক একজন সমাজ কর্মী। সমাজ সেবার মহান লক্ষ্যই তার পাথেয়। তাই সামাজিক উন্নয়ন ও কল্যাণে তাকে নেতৃত্বের গুণাবলী থাকতে হবে।

**১৯. টাইপ বা কম্পিউটার কম্পোজ ঃ** দুনিয়ার প্রযুক্তির পরিবর্তনের সাথে সাথে, সাংবাদিকতার প্রেস ও প্রিন্টিং ক্ষেত্রে পরিবর্তন এসেছে। প্রায় প্রতিটি সংবাদপত্রে এখন কম্পিউটার কম্পোজ, টেলেক্স, ফেকস্, টেলিকম ইত্যাদি সংগ্রহ করে সরাসরি কম্পিউটারে ইন করান; বার্তা সম্পাদক তার কম্পিউটার সেটে রিপোর্টটি এডিট করে ছেড়ে দেন বিধায় টাইপ বা কম্পিউটার কম্পোজের দক্ষতা একজন সাংবাদিকের থাকা দরকার।

**২০. পোশাক পরিচ্ছদ ঃ** পোশাক মানুষের মনে কমবেশ প্রভাব বিস্তার করে। পোশাকধারী এবং দর্শক উভয়ের মধ্যেই প্রভাব পড়ে। একজন সাংবাদিকের পোশাক পরিচ্ছেদে রুচিশীলতার পরিচয় থাকা দরকার। এর অর্থ বিলাসীতার প্রয়োজন নেই; তবে পরিস্কার পরিচ্ছন্ন এবং শালীন হওয়া দরকার। কারন সাংবাদিক একজন সমাজ কর্মী, সামাজিক পরিবেশ রক্ষা করা তার দায়িত্ব। তিনি এমন পোশাক পরবেন না বা মদ্য পান করবেন না বা নিষিদ্ধ ঘোষিত এলাকায় ধুমপান করবেন না যাতে সমাজে তিনি ঘৃণিত হন।

সাংবাদিকতার গুণাবলীর সাথে আরও কিছু গুণের সূত্র সংযোগ করা যায়, যা ভারতের প্রখ্যাত সাংবাদিক ডাঃ পার্থ চট্টোপাধ্যায় তরুণ সাংবাদিক ও সাংবাদিকতা শিক্ষার্থীদের প্রতি তার উপদেশ বলে বর্ণনা করেছেন। আমার কাছেও তার উপদেশগুলি খুবই বাস্তবধর্মী মনে হয়েছে। তাই নিম্নে তুলে ধরলাম।

১. সর্বদা পকেটে পেনসিল ও নোট বই রাখবেন, যেখানে কোন নতুন শব্দ দেখবেন লিখে রেখে দিবেন।

২. নিয়মিত অভিধান দেখবেন। বানান ভুল সাংবাদিকের মারাত্মক অপরাধ। উপরন্তু অন্যের বানান সাংশোধনও করতে হতে পারে।

৩. সর্বদা নতুন নতুন মানুষের সঙ্গে পরিচয় করবেন। ভবিষ্যতে সংবাদ সূত্র হিসাবে যাদের কাজে লাগতে পারে বলে মনে হবে তাদের নাম ঠিকানা লিখে রেখে দেবেন ও তাদের সংঙ্গে নিয়মিত যোগাযোগ রাখবেন।

৪. প্রতিদিন একাধিক সংবাদপত্র ও সপ্তাহে অন্তত দুটি ম্যাগাজিন পড়বেন।

৫. যাবতীয় প্রচার পুস্তিকা, সরকারি রিপোর্ট যা হাতে পাবেন, না পড়ে ফেলে দেবেন না

৬. প্রচলিত প্রেস আইন সম্পর্কে ওয়াকিবহাল থাকবেন।

৭. অপরের কাজে নিজের বিজ্ঞতা ও অজ্ঞতা একেবারেই প্রকাশ করবেন না।

৮. সংবাদ সূত্রের কাজে সংবাদ ছাড়া অন্য কোন অনুগ্রহ চাইতে যাবেন না, অপরের জন্য কোন তদ্বির ও তদারকও নয়। আপনার কর্তৃপক্ষের কাছে কখনও



www.pathagar.com

এমন ধারনার সৃষ্টি করবেন না যে সংবাদ সংগ্রহের চেয়ে তদ্বির তাদারকে আপনার প্রবণতা বেশী এবং আপনি অসাধ্য সাধন করতে পারেন। Be a newsman and remain a newsman. মালিকপক্ষ যদি একবার টের পান আপনি ভাল তদ্বির তদারকে পটু এবং সরকারী কর্তাদের সঙ্গে আপনার খাতিরের ফলে আপনি কোম্পানীর কার্য উদ্ধার করতে পারবেন, তাহলে আপনার প্রফেশনের দফা শেষ। আপনি হয়ে উঠবেন কোম্পানীর P. R. O.

৯. প্রতিদিন একজন করে নতুন ব্যক্তির সঙ্গে আলাপ করুন। অফিসে সহকর্মীদের সঙ্গে আড্ডা দিয়ে সময় নষ্ট না করে নিউজ সোর্সের সঙ্গে আড্ডা দিন।

১০. খবরের জন্যে উপযাচক হয়ে জিজ্ঞাসা করবেন না। কিছু আছে নাকি দাদা? কথা বলা শুরু করুন। আপনাকে এমন ভাবে কথা শুরু করতে হবে যাতে করে আপনি বক্তার কথাবার্তার মধ্যেই ঈপ্সিত নানা খবর পেয়ে যান। তবে কিছু লেখার আগে জিজ্ঞাসা করে নেবেন, আপনাকে "কোট" না করে এই খবরটা কি লিখতে পারি?

১১. "অফ দি রেকর্ড" কোন বক্তব্য" কদাচ খবরে লিখবেন না। কাউকে "মিস কোর্ট" করবেন না। কারও নামের বানান ভুল লিখবেন না, যিনি যেমন স্টাইলে নাম লেখেন ঠিক তেমন ষ্টাইলে নাম লিখবেন।

১২. অফিসে বস বা সহকর্মীর কাছে প্রশংসা প্রত্যাশা করবেন না। জনসাধারণের অযাচিত প্রশংসাই আপনার একমাত্র পুরস্কার।

১৩. আপনার "নিউজ সোর্স" হল আগুণের মত। তাদের বেশী কাছে যাবেন না, পুড়ে যাবেন। বেশী দূরে সরে যাবেন না, তাহলে উত্তাপ পাবেন না। সরকারী অফিসার ও শিল্পপতিদের সাথে বেশী উঠাবসা ও মাখামাখি করবেন না।

১৪. সামাজিক আচার আচরণের ব্যাপারে সাংবাদিককে সংযত থাকা উচিত।

১৫. সাংবাদিককে সংযত থাকা উচিত।

(১৫ সাংবাদিকের মধ্যে পড়াশুনার অভ্যাস কম। সমকালীন সাহিত্য, শিল্প অর্থনীতি ও রাজনীতি সম্পর্কে সদ্য প্রকাশিত বিখ্যাত বইগুলি পড়া ও সে সম্পর্কে খোঁজ খবর রাখবেন।

১৬. যে শহরে কাজ করছেন সেই শহরের রাস্তাঘাট, বিশিষ্ট ব্যক্তিদের বাড়ী, রাজনৈতিক দলের অফিস, বিখ্যাত প্রতিষ্ঠান গুলির ঠিকানা নখদর্পণে রাখবেন। শহরের ভি,আই,পি দের ব্যক্তিগত পরিচয় নখদর্পণে রাখতে হবে।


www.pathagar.com

## সাংবাদিকতা কেন?

সাংবাদিকতা একটি মহৎ পেশা। পৃথিবীতে যত পেশা আছে প্রতিটি পেশার কার্য-করণ এবং লক্ষ্য ও উদ্দেশ্য আছে।

আদিকালে সাংবাদিকতা একটা গোয়েন্দাগিরী পেশা হিসাবে চালু হয়েছিল। বিশেষ করে একজন ফেরেস্তাকে (মালাইকা বা আল্লার সংবাদ আদান-প্রদানকারী দূত) যদি একজন সাংবাদিকের প্রতিরূপ হিসাবে গণ্য করি; তবে সাংবাদিকতার মূল উদ্দেশ্য নিরূপণ করা সহজ হবে। আল্লাহ আমাদের সৃষ্টিকর্তা বা খালিক ও মালিক। তিনি বিশ্বকে পরিকল্পিত পরিমিতভাবে সৃষ্টি করেছেন। এবং গোটা সৃষ্টিকে পরিচালনার জন্য সুনির্দিষ্ট বিধি-বিধান দিয়ে পরিচালনা করে যাচ্ছেন। আল্লার বিধি বিধান পৃথিবীতে চালু করা ও প্রতিষ্ঠার জন্য নবী-রাসূল বা দূত পাঠিয়েছেন। এসব নবী-রাসূল ও মানবজাতীর সাথে যোগাযোগ রক্ষা ও সংবাদ আদান-প্রদানের জন্য আল্লাহপাক মালাইকা (ফেরেশ্তা) নিয়োগ করে রেখেছেন। হজরত মোহাম্মদ (সঃ) পৃথিবী থেকে বিদায় নেওয়ার পর থেকে নবী-রাসূলদের পৃথিবীতে আগমন বন্ধ হয়ে গেছে। কারণ আল্লাহ তার নবী মোহাম্মদ (সঃ)-এর মাধ্যমে। মানবজাতীর জন্য দেয়া সংবিধান সম্পূর্ণ করে নাজিল করেছেন এবং আল্লার নবীও সকল বিধি-বিধান পরিপূর্ণভাবে প্রচার ও প্রতিষ্ঠা করে গেছেন। এখন আর নতুন করে সংবিধানের দরকার নাই বিধায় নবী-রাসূল ও আসবেন না। আমাদের জ্ঞাতব্য বিষয় হল "মালাইকা"। মালাইকা আল্লার কাছে পৃথিবী থেকে মানুষের কর্মতৎপরতা ও পরিস্থিতির উপর সংবাদ সংগ্রহ করে নিয়ে যান। এর একমাত্র উদ্দেশ্য সঠিক তথ্য প্রেরণ ও জীব-জগত তথা মানব জাতীর কল্যাণের অগ্রগতি সাধন।

অনুরূপভাবে সাংবাদিকতা পেশার একমাত্র উদ্দেশ্য তথ্য প্রদান এবং লক্ষ্য হল মানব জাতীর কল্যাণ সাধন।

ভাষা যেমন মানুষের আশা-আকাংখা ও মনোভাব প্রকাশের অবলম্বন, ঠিক তেমনি সংবাদপত্র ও সাংবাদিকতা সমাজের মানুষের স্বপ্ন, সাধ, আর্তি, আকুলতা প্রকাশের উপযুক্ত মাধ্যম।

তাই পাঠকের চাহিদার দিকে লক্ষ্য রেখে সাংবাদিকতার উদ্দেশ্যকে পাঁচভাগে বিভক্ত করা যেতে পারে।

১. জ্ঞাপন (TO INFORM)
২. শিক্ষণ (TO EDUCATE)
৩. প্রভাবন (TO PERSUADE)
৪. প্রমোদন (TO ENTERTAIN)
৫. উন্নয়ন (DEVOLOPMENT)



www.pathagar.com

১। **জ্ঞাপন (TO INFORM) ঃ** সাংবাদিকতার প্রথম এবং প্রধান কাজ হচ্ছে জ্ঞাপন। মূলতঃ জানার এবং জানাবার ইচ্ছে মানুষের চিরন্তন (MAN IS BORN TO KNOW)। মানুষের এই সুতীব্র আকাঙ্খাকে ভিত্তি করেই সপ্তদশ শতক থেকে সংবাদপত্রের যাত্রা শুরু।

সমাজ ও মানবজাতি তথ্য ও সঠিক পরিসংখ্যানের উপর ভিত্তি করেই পরিকল্পনা ও উন্নয়ন সাধন করছে। তাই সংবাদপত্রে সমস্যা, সম্ভাবনা, দুর্ঘটনা, অর্থনীতি, রাজনীতি, পরিবেশ, বিজ্ঞান, শিক্ষা, গবেষণা, বিনোদন, দুঃখ-সুখ, ব্যবসা-বাণিজ্য, রাষ্ট্রিয় পারস্পরীক সম্পর্ক, আবহাওয়া, প্রাকৃতিক বিপর্যয়, জীবন ও জগতের পরিবর্তন ইত্যাদি তুলে ধরা সাংবাদিকের দায়িত্ব। কারণ এসবই পাঠক জানতে চান; এগুলির উপর ভিত্তি করেই তার জীবন চাহিদা পূরণ করেন। সর্বোপরি তথ্য প্রবাহের মাধ্যমে সরকার ও জনগণের মধ্যে যোগসূত্র গড়ে তোলা। H. G. WELL বলেছিলেন, "THE ROMAN empire could not endure because there was no newspaper no methods of apprising the out lying peoples of the behavior of the center."

২। **শিক্ষন (TO EDUCATE) ঃ** মার্কিন যুক্তরাষ্ট্রে সংবাদপত্রকে শিক্ষার উপকরণ হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে। কারণ একটি মান সম্পন্ন এবং আদর্শ স্থানীয় পত্রিকা জনগণকে শিক্ষিত করে তোলার ভূমিকা পালন করতে পারে। বর্তমানে বাংলাদেশে দৈনিক জনকণ্ঠসহ কয়েকটি দৈনিক পত্রিকা নিয়মিত স্কুল কলেজের বিভিন্ন বিষয়ের উপর শিক্ষামূলক রচনা প্রকাশ করে থাকে। সাংবাদিকতায় অবশ্যই শিক্ষার বিষয় রয়েছে। সংবাদপত্রের সম্পাদকীয়, উপ সম্পাদকীয় এবং বিভিন্ন মননশীল প্রবন্ধ, নিবন্ধ, গবেষণামূলক রচনা পাঠকের অজ্ঞাতসারে মর্মমূলে গিয়ে সঞ্চিত হয় এবং জীবনের উপর স্থায়ী প্রভাব বিস্তার করে। অর্থাৎ বিদ্যালয় ছাড়া বিদ্যা অর্জনের বড় পথ। এখানেই সাংবাদিকতার বিশেষত্ব। এজন্য সংবাদপত্র শিল্পিদের এমন এক দৃষ্টিকোণ থাকা প্রয়োজন যার ভেতর দিয়ে পাঠক সমাজ বিশ্বজগতকে প্রত্যক্ষ করতে পারে।

৩। **প্রভাবন (TO PERSUADE) ঃ** যে কোন সংবাদপত্রের কিছু নীতিমালা আছে, এবং রাষ্ট্রের উন্নয়নমূলক ও জাতীয় নীতিমালা আছে। এগুলিকে সংবাদপত্রের মাধ্যমে পাঠকের কাছে সহজভাবে তুলে ধরা হয়। জনগণকে উদ্বুদ্ধ করা হয়। এটাকে প্রভাবন বা MOTIVATION বলা যায়। পত্রিকার একাজটি অত্যন্ত শক্তিশালী। কামানের গুলির চেয়েও শক্তিশালী। কারণ পত্রিকায় একটি বিষয়ের উপর ভাল-মন্দ কল্যাণ-অকল্যাণ সমূহ বিস্তারিত আলোচনা করা হলে মানুষের মনে সুদূর প্রসারী প্রভাব পড়ে। যেমন ঃ "ধুমপান" এ বিষয়ের উপর পৃথিবীর সকল পত্র-পত্রিকা লেখালেখি করছে; বিধায় আজ ধুমপানের বিরুদ্ধে



www.pathagar.com

একটি সামাজিক আন্দোলন গড়ে উঠেছে। তাই সংবাদপত্র হচ্ছে যোগাযোগের মাধ্যম, আর যোগাযোগের লক্ষ্য হচ্ছে নিজেদের দৃষ্টিভঙ্গির প্রতি অন্যকে প্রভাবিত করা; (WE COMMUNICATE TO INFLUENCE—TO EFECT WITH INTENT).

৪। **প্রমোদন (TO ENTERTAIN)ঃ** মানুষ যে জিনিষটি বেশী চায় সেটি আনন্দ। কারণ কোন মানুষই নিস্পৃহ নয় আর নিস্পৃহ হলে মানুষ আর স্বাভাবিক মানুষ থাকেনা। মানবীয় প্রবৃত্তিগুলো অর্থাৎ প্রেম, প্রীতি, ভালোবাসা, হিংসা, দ্বেষ, প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা ইত্যাদি বিশ্লেষণ করলে সুখ এবং আনন্দটাই মুখ্য হয়ে দাঁড়ায়। আনন্দহীন জীবন মানুষের কাম্য নয়। কাজেই কোন সংবাদপত্র মানুষের এই আবশ্যিক চাহিদাকে এড়িয়ে যেতে পারে না। অবশ্য বিনোদন ব্যাপারটা আপেক্ষিক। সবাই সব বিষয়ে সমানভাবে আনন্দ পায়না। কারণ মানুষের রুচি স্বাতন্ত্র্য চিরায়ত। কেউ মজা পায় শুধু সংবাদ পড়ে, কেউ রাজনীতি চর্চায়, কেউবা সাহিত্যের পাতায়। পাঠকের এই দুর্বল দিকটাকে সম্বল করে সাংবাদিকতার নামে ইদানিং কিছু কিছু পত্রিকা (PORNOGRAPHY) পাঠকের মনোজগৎকে বিকৃত ও রুগ্ন করে যাচ্ছে। ফলে সুশৃঙ্খল সুস্থ সমাজে বিকৃত ও উগ্র মানসিকতার জন্ম নিচ্ছে। সুতরাং বিনোদনের নামে বিকৃতি ছড়ানো কোন সাংবাদিকের উচিত নয়।

৫। **উন্নয়ন (DEVOLOPMENT) ঃ** পৃথিবী পরিবর্তনশীল। এক সময় আমরা বাস করেছি কৃষি জগৎ, শিল্প জগতে; বর্তমানে কম্পিউটার জগতে এসেছি। কম্পিউটার তথা তথ্য ভিত্তিক দুনিয়ায় এখন চলছে মিডিয়া ওয়ার, মিডিয়া ডেভলাপমেন্ট। এখন কম্পিউটার দিয়ে তথ্য, পরিসংখ্যান, পরিকল্পনা, গবেষণা এমনকি যুদ্ধ পরিচালনা করা হচ্ছে। তাই "তথ্য ভিত্তিক" জগতে সংবাদপত্র হচ্ছে অন্যতম শক্তি; যার মাধ্যমে দেশ ও জাতিকে উন্নয়নের পথে নিয়ে যাওয়া সহজ। কারণ সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পণ ও জাতির দিক দর্শন। সংবাদপত্র যাবতীয় প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম করে সম-সাময়িক কালের হতাশা ও নৈরাজ্যকে অতিক্রম করে সুন্দর জীবন ও সমাজ গড়ার প্রেরণা যোগাবে এটাই সমাজের মানুষের প্রত্যাশা।


www.pathagar.com

## তৃতীয় অধ্যায়

## ● সাংবাদিকতা কিভাবে ?

প্রতিটি পেশার জন্য সুনির্দিষ্ট নীতিমালা আছে। অর্থাৎ কিভাবে পেশার পরিচালনা ও বিকাশ করা যায়?

সাংবাদিকতার মূল বিষয় হচ্ছে সংবাদ বা খবর সংগ্রহ, সংবাদ পরিবেশন, পত্রিকায় ছাপার ধরন ও বিধিবিধান। বিশেষ করে নবীন সাংবাদিকদের জন্য এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## ● সংবাদ বা খবর কি ?

বাংলায় সংবাদ, আরবীতে আখবার বা খবর; ইংরেজিতে NEWS বা REPORT বলা হয়।

*** সংবাদ ঃ** আভিধানিক অর্থে সংবাদ হল ঃ "কোন সাম্প্রতিক ঘটনা বা প্রস্তাব সম্পর্কিত বিবরণ।"

"কোন নতুন বা এ পর্যন্ত সাজানা জিনিস সম্পর্কিত খবর বা তথ্য।" সংবাদ সম্পর্কে প্রবাদ বাক্য আছে "তৃষ্ণার্তের নিকট যেমন ঠান্ডা পানি; ঠিক তেমনি বিদেশ থেকে আকাঙ্খিত কোনো সু-সংবাদ।"

সাংবাদিকতাকে বলা হয়। "সাত তাড়াতাড়ির সাহিত্য (Literature in a hurry)। অনুরূপ ভাবে সংবাদকে বলা হয় "চলন্ত ইতিহাস (History on the wings)।" কারণ আগামীতে যারা ইতিহাস লিখবেন তারা পত্রিকা থেকেই তথ্য বা খবর সংগ্রহ করবেন।

*** বিশেষ করে সংবাদ হল ঃ**

কোন ঘটনা সত্য নির্ভর, যথার্থ, সহজ-সরল, সুষম, সংক্ষিপ্ত, বস্তুনিষ্ঠ, সময়োচিত, আপেক্ষিক ও রুচিশীল হলে সংবাদ বলা যায়।

*** আখবার বা খবর ঃ** আরবীতে খবরের একটা মৌল দর্শন আছে। তা, হল "সনদ" বা তথ্য সূত্রের ধারা বর্ণনা সঠিক সত্য নির্ভর ও সার্টিফাইড তথা সত্যায়িত হতে হবে বিধায় দুনিয়ার মাবনজাতি, পশু-পাখি, আকাশ-বাতাস, আগুন-পানি তথা গোটা সৃষ্টির মধ্যে কোন কিছু সংঘটিত হলে পরিবর্তন, পরিবর্ধন, দুঘর্টনা, উন্নয়ন অথাৎ আল্লার সৃষ্ট জীব-জড় বা অন্য কিছুর স্বাভাবিক চলার গতির অস্বাভাবিক পরিবর্তন হলে তাই আখবার বা খবর।

*** NEWS বা REPORT :**

NEWS কে কেউ কেউ NEW বা নতুন কোন ঘটনার বহুবচনিক রূপ বলেন। সুধাশু শেখর রায় এর মতে NEWS মানেই NEW SOMETHING নতুন কোন ঘটনা।


www.pathagar.com

কেউ বলেন NEWS হল NORTH. EAST. WEST ও SOUTH তথা কম্পাসের চর্তুদিকের আদ্যাক্ষর নিয়েই গঠিত।

অর্থাৎ চর্তুর্দিক চিন্তা করে যে ঘটনা বর্ণনা করা হয় তাই NEWS.

**REPORT** সাংবাদিকতার জগতে NEWS এর প্রতিশব্দ হিসাবে REPORT শব্দটি প্রচলিত আছে।

REPORT কে শাব্দিক অর্থে বিশ্লেষণ করলে

RE + PORT = REPORT

RE = পুনঃ

PORT = নৌ-বন্দর/পোতাশ্রয়।

আমরা জানি নৌ-বন্দর বিভিন্ন অঞ্চল ও দেশ থেকে নৌযান এসে একত্রিত হয় এবং বয়ে আনা সামগ্রি বা পণ্য খালাস করে। একজন সাংবাদিক সারাদিন বিভিন্ন অঞ্চল ও দেশ থেকে ঘটনা প্রবাহ সংগ্রহ করে তার PORT তথা পত্রিকা অফিসে নিয়ে যান এবং RE/পুনঃ পরীক্ষা নিরীক্ষা করে যে কোন ঘটনার বিবরণ পত্রিকায় পেশ করেন, তাই রিপোর্ট (REPORT).

সংবাদের সঠিক সংজ্ঞা নিরূপণের জন্য বিভিন্ন জন নানা ধরণের ব্যাখ্যা প্রদান করেছেন। তা নিম্নরূপ ঃ

THOMSOM FOUNDATION এর মতে "সংবাদ কখনও উদ্ঘাটিত হয়। সংবাদ হচ্ছে এমন কিছু যা কিছু লোকে লুকাতে চায়, বাকী সবটাই বিজ্ঞাপন।"

MAC DOUGALL-র মতে "সংবাদ হল ঘটনার বিবরণ নিছক ঘটনা নয়' Account of the event, not something intrinsic in the event itself."

ORTHAR CRISTENSEL বলতেন "যার মধ্যে অভিনবত্ব আছে সেটাই খবর। যেমন ঃ Decembor-এর প্রিমরোজ, বসন্তের কোকিল, বেকনের দেড়পেনি দাম বৃদ্ধি এ সবই খবর।"

New yourk sun সম্পাদক JONE. B. BOGRET একজন কাব (CUB) রিপোর্টারকে বলেছিলেন "যখন কুকুর মানুষকে কামড়ায় তখন নয়; কিন্তু মানুষ যখন কুকুরকে কামড়ায় তখন তা খবর।" তবে একজন V.I.P কে কুকুর কামড়ালে তা খবর হয়ে যায়।

CHARLS A. DANA বলেছেন, "সংবাদ হচ্ছে যে কোন কিছু যা সমাজ গোষ্ঠীর বিরাট অংশকে আগ্রহী করে তোলে এবং যা কোনদিন তাদের দৃষ্টিগোচরে আনা হয়নি।"

NEEL MACNIL বলেন—"সংবাদ হচ্ছে সংবাদপত্র পাঠকদের জন্য চলমান কিছু আগ্রহোদ্দীপক ও গুরুত্বসম্পন্ন ঘটনা বা বাস্তব অবস্থার বিবরণীর সমষ্টি যা সংবাদপত্রগুলি প্রকাশ করে থাকে।"



www.pathagar.com

JULIYAN HARIS ও STANLIJONSON বলেছেন–"সংবাদ হচ্ছে সকল চলতি ঘটনাবলীর সংমিশ্রণ যার প্রতি সাধারণ মানুষের আগ্রহ রয়েছে এবং সেরা সংবাদ হচ্ছে তাই যা অধিকাংশ পাঠককে আগ্রহী করে তোলে।"

WILIAM MATSJ বলেন– "সংবাদ হচ্ছে একটি ঘটনা, বিষয়, বা মতামতের বিবরণী যা জনগণকে পড়তে আগ্রহী করে তোলে।"

ইউনাইটেড প্রেস এসোসিয়েশনের মতে "মানুষের জীবনের কোন কিছু বা সব কিছু এবং তাদের অভিব্যক্তির উপাদানই হচ্ছে সংবাদ।"

## ● কিভাবে সংবাদ যাচাই করবেন?

এতক্ষণ আমরা খবরের সংজ্ঞা নিরূপণ করার চেষ্টা করেছি। কিন্তু যে কোন ঘটনা, রটনা, দুর্ঘটনার বিষয়কে কিভাবে বিচার করবেন যে এটি একটি সংবাদ?

এর বিচারের জন্য একটা ফর্মূলা বা সূত্র বা মাপকাঠি দরকার যাতে একটি ঘটনাকে সঠিক সংবাদ হিসাবে বের করা ও প্রচার করা যায়।

**প্রথমত ঃ** MICHAEL L. SIMMONS-এর ANATOMY OF THE NEWS STORY'র সূত্র মতে একটি ঘটনাকে THE FIVE W'S AND ONE H এই সূত্রে বিচার করলে প্রকৃত সংবাদ নিরূপণ করা যাবে। ANATOMY অর্থ শরীর গঠন বিদ্যা। অর্থাৎ একটি সংবাদের শরীর কি কি কাঠামো নিয়ে গঠিত। একজন মানুষের যে ভাবে মাথা, নাক, কান, মুখ, হাত, পা, পেট নিয়ে শরীর গঠিত; তেমনি একটি সংবাদের ঃ

WHAT (কি) ?

WHO (কে) ?

WHEN (কখন) ?

WHERE (কোথায়) ?

WHY (কেন) ? এবং

HOW (কিভাবে) ? এইসব কাঠামো নিয়ে সংবাদ শরীর গঠিত।

যেমন ঃ "হামিদ গতকাল বিরোধী দলীয় মিছিলে যোগ না দেওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে কিছু সংখ্যক ছাত্র হকিষ্টিক ও ছুরির আঘাতে তাকে হত্যা করেছে।"

**লক্ষ্যণীয় যে**

কি (WHAT) ঘটেছে ঃ হত্যাকান্ড

কে (WHO) করেছে ঃ বিরোধীদলীয় ছাত্র

**কখন** (WHEN) করেছে ঃ গতকাল (৫-৭-৯৬)

কোথায় (WHERE) করেছে ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে।



www.pathagar.com

কেন (WHY) করেছে ঃ মিছিলে যোগ না দেওয়ায়।

এবং কিভাবে HOW) করেছে ঃ হকিষ্টিক ও ছুরির আঘাতে।

তাহলে ANATOMY OF THE NEWS-এর সূত্র অনুসারে উপরোক্ত সংবাদটি যথোপযুক্ত। তা পত্রিকায় প্রকাশ যোগ্যতা অর্জন করেছে; মান-উত্তীর্ন হয়েছে। সাথে সাথে স্মরণযোগ্য যে একটি সংবাদ পবিবেশনের ক্ষেত্রে যেন ইতিপূর্বে বর্ণিত "সাংবাদিকতার নীতিমালা" লংঘন করা না হয় এবং নিম্ন বর্ণিত সংবাদের গুণাবলী বজায় থাকে।

## ● সংবাদের বিশেষ গুণাবলী কি কি ?

একটি ভাল পত্রিকার, একজন ভাল সাংবাদিক প্রতিদিন প্রতিযোগীতা করেন অন্য পত্রিকার সাথে; এবং প্রতিযোগীতা করেন প্রতিদিনের সংগৃহীত সংবাদ তথ্যগুলির সাথেও। কারণ প্রতিদিন অসংখ্য সংবাদের তথ্য বা কাঁচামাল তার কাছে জমা হয়। এসব কাঁচামাল থেকে তাঁকে বাছাই করতে হয়, কোন কাঁচামাল পাঠকের জন্য জরুরী,উপযোগী,গ্রহণযোগ্য,তথ্যবহুল কল্যাণকর, দিকনির্দেশনা বহনকারী বিধায় একজন সাংবাদিকের জন্য সংবাদের গুণাবলী ও শ্রেণীবিভাগ সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা দরকার।

**১. সময় উপযোগীতা** (TIMELINESS) ঃ সময় দ্রুত বয়ে চলেছে। সময় গতিশীল একটি প্রবাহ। সময়ের গতির সাথে কাজের সমন্বয় যে করতে পারে সেই সফল ব্যক্তি বা সেই সফল সাংবাদিক। তাই একজন সাংবাদিক বিবেচনা করবেন সংবাদটি কি নতুন? এটা কি আজ ঘটেছে? গতরাত্রে? গতকাল? অথবা আদিমকালের। ঐতিহাসিক ঘটনা? "আজকের সংবাদ আজকেই" এটাই হচ্ছে সংবাদের সময় উপযোগীতার বড় গুণ। ANATOMY OF THE NEWS STORY সূত্রমতে কখন (WHEN)? বা সময়ের প্রশ্নটাই হচ্ছে বড়। কারণ সংবাদ হচ্ছে কাঁচামালের মত বা মাছের মত পঁচনশীল। তাকে সময়মত পরিবেশন না করলে তার গুরুত্ব কমে যায়; আবেদন থাকে না। তবে সময়ের গতিতে কোন সংবাদ প্রকাশিত না হলেও পরবর্তীতে এই সংবাদের গুরুত্ব ও কল্যাণকর দিক থাকলে তা প্রকাশযোগ্য। বিশেষ করে বিজ্ঞানের উন্নতির ফলে বিশ্ব এখন ছোট হয়ে এসেছে। কম্পিউটার ও সেটেলাইটের মাধ্যমে C.N.N. BBC. VTV. GTV সহ অনেক সংস্থা সারা বিশ্বে নেটওয়ার্ক গড়ে তুলেছে। ফলে এখন তাৎক্ষণিক ভাবে সংবাদ উন্নতি, সাংবাদিকতার প্রসার, গ্রাহক/পাঠকের ধরে রাখার জন্য সংবাদকে সময় উপযোগী করে প্রচার করা একান্ত কর্তব্য।

**২. নৈকট্যতা** (PROXIMITY) ঃ মানুষ তার পারিপার্শ্বিক অবস্থা, ঘটনা ও পরিবেশ নিয়েই বসবাস করে এবং তার কাছে ঘরের কাছের বিষয়, ঘটনা ও পরিস্থিতিই খুব সহজে ও দ্রুত প্রভাব ফেলে। যদিও পৃথিবীর যে কোন প্রান্তে ঘটে



www.pathagar.com

যাওয়া একটি বিষয়ের সাথে একজন মানুষের সম্পর্ক থাকতে পারে। বিধায় একটি পত্রিকা তার সার্ক্যুলেশনের এরিয়ার মধ্যে ঘটে যাওয়া টেম্পু দুর্ঘটনার খবর আগেই গুরুত্ব দিবে, যদিও একই দিন দক্ষিণ আফ্রিকায় একটি প্লেন দুর্ঘটনা ঘটে থাকে।

৩. **ফলাফল** (EFFECT OR CONSEQUENCE) ঃ একটি সংবাদ পাঠকের কাছে কতটুকু গহণযোগ্য বা উপকারী বা ফলদায়ক তার উপর নির্ভর করে সংবাদের নির্বাচন। অনেকগুলি তথ্য হাতে আসার পর সাংবাদিক চিন্তা করবেন এটা কি পাঠকের জন্য কল্যাণকর? এটা কি ব্যক্তি স্বাধীনতা, স্বাস্থ্য, সাধারণদের জন্য কল্যাণ বয়ে আনবে? অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ক্ষেত্রে সংবাদ কতটুকু ভূমিকা রাখবে? এজন্যই স্থানীয় সরকার বা সংসদের কর্মতৎপরতার সংবাদ বিশেষ গুরুত্ব রাখে। এবং শিক্ষা, বিজ্ঞান, নতুন গবেষণা পদ্ধতি, শিল্প উন্নয়ন ও আবিস্কার ও এই শ্রেণীভূক্ত। যেমন ঃ গবেষণার ফলাফল যদি দাঁড়ায় যে, " কেন্সার রোগ পুরাপুরি নিরোগ করা সম্ভব" তাহলে এটা প্রথম পৃষ্ঠার লীড নিউজ হবে।

৪. **প্রসিদ্ধি** (PROMINENCE) ঃ স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক ক্ষেত্রে কোন প্রসিদ্ধ স্থান, ঘটনা, ব্যক্তি, বিষয়কে সংবাদের বিশেষ গুণাবলীর অংশ হিসাবে বিবেচনা করা হয়। যেমন ঃ কোন দুর্ঘটনায় হতাহতের মধ্যে একজন মন্ত্রী বা প্রখ্যাত ব্যক্তি থাকলে তিনিই বেশি গুরুত্ব পাবেন।

**৫. একই ধরনের চার প্রকার সংবাদ কাহিনী FOUR COMMON TYPES OF NEWS STORIES**

(ক) অগ্রীম কাহিনী (THE ADVANCE STORY)
(খ) সম্ভাব্য একটি কাহিনী (SINGLE INCIDENT STORY)
(গ) সম্পূর্ণ কাহিনী (THE ROUND-UP STORY)
(ঘ) অনুবর্তী কাহিনী (THE FOLLOW-UP STORY)

**(ক) অগ্রীম কাহিনী** (ADVANCE STORY) ঃ বিশেষ বিশেষ ঘটনার কিছু অগ্রীম আভাস পাওয়া যায় বিভিন্ন সংস্থা, প্রতিষ্ঠান বা সরকারের প্রেস নোট, সংবাদ সম্মেলন ইত্যাদি থেকে।

যেমন ঃ কোন প্রেসিডেন্ট বা প্রধান মন্ত্রী কোন মন্ত্রী সভার রদ-বদল করলেন। এই রদ-বদলের পিছনে নিশ্চয়ই কারণ আছে। এক্ষেত্রে তিনি তার আস্থাভাজন লোকদের মন্ত্রী করে কাছে এনেছেন অথবা পূর্বের দূর্ণীতিবাজ মন্ত্রীকে বাদ দিয়ে সৎমন্ত্রীকে দায়িত্ব দিয়েছেন। তাহলে দুর্নীতিবাজ মন্ত্রী কি দূর্নীতি করেছেন তার তথ্য সূত্র আবিস্কারের জন্য এই রদবদলের সংবাদটি হল অগ্রীম কাহিনী।

**(খ) সম্ভাব্য একটি কাহিনী** (SINGLE INCIDENT STORY) ঃ দৈনন্দিন জীবনে দুর্ঘটনা, মৃত্যু, দুর্নীতি, ক্ষয়ক্ষতি, অগ্নিকান্ড, আইন শৃঙ্খলার অবনতি


www.pathagar.com

ইত্যাদির উপর একটি সম্ভাব্য কাহিনী রচনা করা যায়; তবে প্রাথমিকভাবে এটাকে চূড়ান্ত সংবাদ বলা যাবে না।

যেমন ঃ উপরোক্ত মন্ত্রীর রদ-বদলের দুর্নীতির উপর একটি সংবাদ হবে। দুর্নীতির সম্ভাব্য তথ্য দিয়ে।

**(গ) সম্পূর্ণ কাহিনী** (THE ROUND-UP-STORY) **ঃ** সম্পূর্ণ কাহিনীকে Composite story ও বলা হয়। Composite অর্থ দুই বা ততোধিক বিভিন্ন অংশের সংমিশ্রণ।

ইতিপূর্বে বর্ণিত রাষ্ট্র প্রধানের মন্ত্রীপরিষদের রদবদল; মন্ত্রীর সম্ভাব্য দুর্নীতির খবরকে ভিত্তি করে একটি চূড়ান্ত দুর্নীতির খবর তৈরি করা যায়। সেখানে দুর্নীতির ধরন, পরিমাণ, সাক্ষ্য প্রমাণ, ক্ষতিগ্রস্থ পক্ষ, বর্তমান মন্ত্রীর সাক্ষাতকার, অপসারিত মন্ত্রীর সাক্ষাতকার, মামলা হয়ে থাকলে প্রয়োজনীয় বিবরণ, মামলার ফলাফল, রাজনৈতিক নেতৃবর্গের বক্তব্য, জনগণের দাবী ইত্যাদি সহ একটি সম্পূর্ণ কাহিনী তুলে ধরা যায়।

**এ প্রসঙ্গে আরেকটি উদাহরণ তুলে ধরা যায় ঃ**

যেমন ঃ "ভাষা আন্দোলন" ভাষা আন্দোলনের পূর্ববর্তী তৎপরতা, প্রাথমিক তৎপরতা, ভাষা আন্দোলনের সময়কাল ও চূড়ান্ত পর্ব; এবং ৪৪ বৎসর পর আজকে "ভাষা-দিবস" পালন উপলক্ষে বাংলা ভাষার বর্তমান প্রেক্ষাপট সহ একটি কাহিনী নির্মাণ করা যায়। এ ধরনের সংবাদকেই Composite story বলে।

**(ঘ) অনুবর্তী কাহিনী** (FOLLOW-UP- STORY) **ঃ** ইতিপূর্বে প্রকাশিত কোন সংবাদের জের বা অংশ বিশেষ পুনঃরায় প্রকাশ করাকে ফলো-আপ-স্টরী বলা হয়। যুদ্ধ, রাজনৈতিক তৎপরতা, কোর্ট রিপোর্ট, হত্যাকান্ড, দুর্ঘটনা ইত্যাদির সংবাদের ধারাবাহিকতা দিনের পর দিন প্রবাহিত হতে থাকে। অনুবর্তী কাহিনী পূর্ববর্তী কাহিনীর একটি সূত্র হিসেবে কাজ করে এবং এটা সংবাদের গুরুত্ব বাড়িয়ে দেয়। কারণ সংবাদ প্রকাশের পর ফলো-আপ স্টরী অনেক পাঠককে আগ্রহী করে তোলে এবং নতুন তথ্য দেয়।

যেমন ঃ বাংলাদেশে সংসদ নির্বচন '৯৬ উপলক্ষে প্রাক্তন সেনাবাহিনী প্রধান মেজর জেনারেল নূরউদ্দীন নির্বাচনী প্রচারণা উপলক্ষে দুর্ঘটনায় গুরতর আহত হন। তাকে সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার কারণ রহস্যাবৃত এবং চালক পলাতক রয়েছে। পার্শ্ববর্তী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

এক সপ্তাহ পর জেনারেল নূর উদ্দীনের স্বাস্থ্যের উন্নতি হতে থাকে। এই দুর্ঘটনায় পলাতক আসামী ও চালককে পুলিশ গ্রেফতার করে। ব্যাপক জিজ্ঞাসাবাদের পর জানা যায় প্রতিহিংসামূলক তৎপরতায় এই ঘটনা হয়। অন্যান্য আসামীদের তল্লাসী চলছে।

উপরোক্ত সংবাদটির প্রথম দিনের সংবাদ প্রকাশ হওয়ার পরই পাঠকরা অপেক্ষা করছিলেন–



www.pathagar.com

* রোগীর পরবর্তী অবস্থা জানবেন
* দূর্ঘটনার মূল কারণ জানবেন
* পলাতক চালক গ্রেফতার হবে
* মামলার ফলাফল কি?

২য় দিনের "ফলো-আপ" সংবাদ প্রকাশ হওয়ার পরও; পাঠকের আগ্রহ শেষ হয় নাই। প্রতিহিংসা ও অন্যান্য আসামীর গ্রেফতার বিষয়টি জানার বিষয় বিধায় "ফলো-আপ" ততক্ষণ পর্যন্ত চলবে। যতক্ষণ ন্যায় বিচার ও আইনের দৃষ্টিতে বিষয়টির নিষ্পত্তি না হয়।

**৬. প্রবল মতবিরোধ** (CONFLICT & VIOLENCE) ঃ ব্যক্তিগত মতবিরোধ থেকে শুরু করে বিশ্ব যুদ্ধ পর্যন্ত সকল সংবাদ এর শ্রেণীভূক্ত। বিভিন্ন দলের রাজনৈতিক দ্বন্দ্ব; স্পোটিং ক্লাবের দ্বন্দ্ব, ভূমি দখল ইত্যাদি একটি বড় সংবাদের সূত্রপাত করতে পারে।

**৭. বিনোদন** (DRAMA AND EMOTIONS) ঃ কমেডি, খেলাধুলা, চলচ্চিত্র, ভালবাসা, বিচ্ছেদ, জাতীয় উৎসব ইত্যাদি এক একটি আকর্ষনীয় সংবাদের জন্ম দিতে পারে।

**৮. অদ্ভুত** (ODDITY) ঃ যে সব ঘটনা সাধারণত ঘটে না তাই অদ্ভুত। সাধারণ কোন ঘটনা সাধারণত কোন সংবাদ নয়। যেমন ঃ কোন শিশু ২ মাথা নিয়ে জন্ম গ্রহণ করেছে বা সুউচ্চ ভবন থেকে পড়েও শিশু অক্ষত থাকা। এসবই অদ্ভুত সংবাদের উপাদান।

**৯. যৌনতা** (SEX) ঃ বলার অপেক্ষা রাখে না যে এ বিষয়টি মানব মনের একটি দুর্বল বিষয়। যা নর-নারীর জীবনে বিরাট ভূমিকা রাখে। ফলে প্রেম-প্রীতি, ভালবাসা, বিচ্ছেদ ও নারী ঘটিত বিষয় সংবাদ শিরোনাম হয় সবার আগে কারণ একজন পুরুষের চেয়ে একজন নারী ঘটিত বিষয় বেশি আলোচিত ও আকৃষ্ট হয় সমাজে।

**১০. পরিসংখ্যান** (VITAL STATISTICS) ঃ সংবাদ রচনার জন্য পরিসংখ্যান অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেমন ঃ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফলের সংবাদ প্রচারকালে কোন দল কত ভোট পেল; প্রতিযোগী প্রার্থীর ভোটের সংখ্যা কত; একটি সার্থক সংবাদরে জন্য একান্ত জরুরী।

## ● সাড়া জাগানো সংবাদ ঃ

**১. অভিনবত্ব** ঃ মানুষ কুকুরকে কামড়ায় অপ্রত্যাশিত। (যে বিমান নিরাপদে অবতরণ করে, সুখী বিবাহ সকল উদ্যেগ এসব নিয়মিত ব্যাপার) পরিচিত উদাহরণ কিন্তু নতুন চেহারা। একটি ঘটনা যা আগে কখনও ঘটেনি, অর্থাৎ মহাশুন্যে প্রথম মানুষ। ফ্যাশনের প্রবণতা, যেমন দীর্ঘ অথবা খাটো স্কার্ট।

**২. ব্যক্তিগত প্রতিক্রিয়া** ঃ সাধারণ পাঠক একজন অভিভাবক, নিজের অথবা ভাড়া বাড়িতে থাকেন, গাড়ি কেনার স্বপ্ন দেখছেন এবং ছুটি কাটানোর


www.pathagar.com

পরিকল্পনা করছেন। সুতরাং বিয়ে, শিশু, বাড়ির দাম, নতুন স্কুল, সস্তা গাড়ি অথবা ছুটি কাটানোর আকর্ষনীয় ব্যবস্থা সম্পর্কে কোন রিপোর্ট তাকে ব্যক্তিগতভাবে প্রভাবিত করতে পারে। তার নিজের মত লোকজন সম্পর্কে কোন রিপোর্ট তাকে সে সব লোকজনের সঙ্গে একাত্মতাবোধের সুযোগ দিবে।

৩. **স্থানীয় সংবাদ** ঃ আপনি কি এর সঙ্গে জড়িত? লোকজনকে জানেন অথবা এলাকাটি চেনেন? (ভুলে যাবেন না, আজকে সস্তা ভ্রমণের যুগে মানুষের দিগন্ত অনেক প্রসারিত) স্থানীয় বাস দুর্ঘটনায় তিনজনের মৃত্যু, পৃথিবীর অন্যত্র বিমান দুর্ঘটনায় ৬০ জনের মৃত্যুর চেয়ে অনেক বেশি আকর্ষনীয় হতে পারে।

৪. **অর্থ** ঃ ভাগ্যের উত্থান এবং পতন। কর এবং বাজেট। দোকানে জিনিষপত্রের দাম, বেতন বৃদ্ধি, অর্থনৈতিক সংকট ইত্যাদি।

৫. **অপরাধ** ঃ বিশেষ করে খুন, যার আবেদন বিষাদময়। এমনকি হতে পারে যে গোপনে আমরা অপরাধীর সঙ্গে একাত্মবোধ করি? অথবা অপরাধের শিকার হতে পারার ভয়ে ভীত?

৬. **যৌনতা** ঃ যৌনতা জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ চালিকাশক্তির অন্যতম এবং নিয়ত আবিষ্টকারী এমনকি সে সব সমাজেও যেখানে এ বিষয়ে খোলাখুলি আলোচনা হয় না। পিন আটা ছবি, রোমান্টিক প্রেম, বিয়ে এবং বিবাহ বিচ্ছেদ। ভুলে যাবেন না, একজন সাধারণ মহিলার জীবনে বিয়ের দিনটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা।

৭. **সংঘর্ষ** ঃ যুদ্ধ, ধর্মঘট, পর্বতারোহন, অভিযান, বিপ্লব, নির্যাতন এবং রাজনৈতিক ক্ষমতার লড়াই।

৮. **ধর্ম** ঃ ধর্মীয় সংস্কার আন্দোলন, পোপের নির্বাচন এবং যাজকদের পদচ্যুতি ইত্যাদি।

৯. **বিপর্যয় এবং ট্র্যাজেডি** ঃ বিশেষ করে আপনি যখন অনুভব করেন এটা আমার ক্ষেত্রেও ঘটতে পারত। বেঁচে যাওয়ার দলে থাকার স্বস্তি। আকস্মিক মৃত্যুর আতঙ্ক। বুড়োদের দলে থেকেও যুবক এবং সকল মানুষের চেয়ে বেশী থাকার তৃপ্তি।

১০. **কৌতুক** ঃ ইচ্ছাকৃত অথবা আকস্মিক কৌতুক দৈনন্দিন জীবনের উদ্ধৃত্তির একটি মূল্যবান প্রতিষেধক হতে পারে এবং মৃত্যু ও বিপর্যয়ের সংবাদে পূর্ণ সংবাদপত্রকে ঔজ্জ্বল্য দিতে পারে। ব্যঙ্গ রচয়িতা, হালকা মনের কলামিষ্ট অথবা সংবাদ লেখক উদ্ভট ঘটনা, ঠাট্টা এবং কার্টুন সব কিছুই উপযোগী

১১. **মানবিক আকর্ষণ** ঃ একটি গুরুত্বপূর্ণ বিষয়ের বহু ব্যবহৃত লেবেল। অন্যান্য মানুষের জীবনের গোপনীয়তা, জন্ম, মৃত্যু এবং বিয়ের সংবাদ আগ্রহ সহকারে পড়া হয়। আমরা সবাই প্রতিবেশীদের ব্যাপারে উৎসাহী। মানবিক সুখ অথবা যন্ত্রনা, তীব্র আবেগ, বদান্যতার কাহিনী, নির্মমতা, দারিদ্র এবং আকস্মিক সাফল্য।

১২. **হতভাগ্য** ঃ সাহিত্য এবং নাটকের একটি প্রধান বিষয়। কেননা আমরা


www.pathagar.com

অনেকেই নিয়োগকর্তা; ভূস্বামী, সরকারী কর্মচারী, ধনী এবং ক্ষমতাবানদের কারনে হতভাগ্য এবং পরাজিত। সংবাদপত্রের একটি ঐতিহ্যবাহী ভূমিকা হচ্ছে সাধারণ মানুষের অধিকার রক্ষা করা, অন্যায়কারী অফিসারের বিরুদ্ধে সৈনিক, মিথ্যা অভিযোগের বিরুদ্ধে নির্দোষ মানুষ, শোষকের বিরুদ্ধে বঞ্চিত, অলস অথবা উদাসীন সরকারী কর্মচারীর বিরুদ্ধে অসহায় বিধবা। একটি যথার্থ দায়িত্ব এবং একাত্মবোধকারী পাঠকের জন্য সান্তনাদায়ক।

**১৩. রহস্য ঃ** এটা কেমন করে ঘটল? অপরাধের প্রতি আকর্ষণের একটি কারণকে এটা করেছে। উৎকণ্ঠার কারণে একটি রিপোর্ট অনেকদিন চলতে পারে।

**১৪. স্বাস্থ্য ঃ** একটি সর্বজনবিদিত উদ্বেগ বা আতংকের কারণ হতে পারে। কিন্তু আমাদের অনেকেই বন্ধুকে জিজ্ঞেস করি কেমন আছ? (কথাবার্তা এবং পড়াশোনার একটি অতি প্রয়োজনীয় বিষয়) অবিশ্বাস্য অস্ত্রোপাচার,আপনার স্বাস্থ্য, বিখ্যাত প্রতিবন্ধী।

**১৫. বিজ্ঞান ঃ** বিজ্ঞানের আগামী জয়যাত্রার কল্পনায় আমরা বিস্মিত হই। মহাশূন্য অভিযানের ফলে অতি শ্লথ কল্পনাও এখন অনেক তথ্য দাবী করছে।

**১৬. বিনোদন ঃ** নীরস একঘেয়ে জীবনে আমরা থিয়েটার, অথবা সিনেমা; টেলিভিশন দেখতে এবং বিনোদনকারীর প্রশংসা করতে ভালবাসি। "শো-বিজনেসের" জগত সম্পর্কে পড়ে পুরনো স্মৃতি রোমন্থন করি এবং আগামী অনুষ্ঠানে প্রতিক্ষা করি। বুদ্ধিবৃত্তির উপভোগের আলোকে শিল্পকলা সবচে বেশি প্রশংসিত বিষয়।

**১৭. বিখ্যাত ব্যক্তি ঃ** আমাদের শাসক এবং রাজনীতিবিদেরা কি করছেন, তাদের জীবনযাত্রা এবং চেহারা বহু পাঠককে আকর্ষণ করে। রাস্তায় অথবা বড় ঘটনায় ক্রীড়াতারকা ও চিত্রতারকাদের দেখার জন্য লোক ভিড় জমায়। এটা গ্লামার, অনুরাগ, ঈর্ষা বা তারাও সাধারণ মানুষের মতই নশ্বর "এই অনুভূতির কারণেও হতে পারে। ক্ষমতাচ্যুত হলে টাকা পয়সা হারালে অথবা কেলেঙ্কারীতে জড়িয়ে পড়লে তারা বিশেষভবে সংবাদযোগ্য হয়ে উঠেন।

**১৮. আবহাওয়া ঃ** আবহাওয়া জনগণের দৈনন্দিন জীবনযাত্রাকে প্রভাবিত করে এবং আর্থ-সামাজিক উন্নয়ন ও অবনতিতে বিরাট ভূমিকা রাখে।

**১৯. আহার্য্য ঃ** আহার্য্য এবং পানীয় আনন্দ অথবা উদ্বেগের কারণ হতে পারে। ধনীরা ভোজ সভায় পরিকল্পনা করে এবং গরীবরা পেটপুরে খেতে চায়। খাদ্যের ঘাটতি এবং অতি সরবরাহ, ফসল এবং সম্ভাবনা।

**২০. গোষ্টী রিপোর্ট ঃ** প্রত্যেক দেশেই গোষ্ঠীগত স্বার্থের প্রশ্ন রয়েছে। পাঠকদের শতকরা মাত্র দশভাগ দাবাড়ু হতে পারে। কিন্তু দাবা-কলাম এই গ্রুপের প্রত্যেকে পড়বে। ধর্মীয়, জাতিগত, অর্থনৈতিক, অথবা সামাজিক সংখ্যালঘু এবং গ্রুপগুলো সম্পর্কে নিয়মিতভাবে সামান্য খবর ছাপা হলেও তারা মনে করবে আপনি তাদের নিয়ে ভাবেন এবং বিনিময়ে এরা গোটা কাগজের নিবেদিত পাঠকে পরিণত হতে পারে।



www.pathagar.com

# চতুর্থ অধ্যায়

## ● কিভাবে খবর সংগ্রহ করবেন ?

সাংবাদিকতা পেশায় সংবাদ সংগ্রহ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। সংবাদ সংগ্রহ করা ঝুঁকিপূর্ণও বটে। কারণ সংবাদ কোথায় আছে তা নির্দিষ্ট নয়। আপনাকে খুঁজে বের করতে হবে। সাংবাদিক সম্মেলন থেকে শুরু করে যুদ্ধক্ষেত্র পর্যন্ত একজন সাংবাদিক বিচরণ করেন। এ কাজে সফলতার জন্য সুনির্দিষ্ট কর্মসূচীর ভিত্তিতে একজন সংবাদ কর্মীকে অগ্রসর হতে হবে।

তা হল ঃ

১. পরিকল্পনা
২. সংবাদ সূত্র নির্ধারণ
৩. সংবাদ সূত্র বা সোর্স এর সাথে সম্পর্ক
৪. বিষয় নির্বাচন
৫. ভিট নির্ধারণ
৬. রেকর্ড ও চিত্র ধারণ
৭. আইনের স্বপক্ষ
৮. নিরাপত্তা
৯. যানবাহন সুবিধা ইত্যাদি।

**১. পরিকল্পনা ঃ** পরিকল্পনা ছাড়া কোন কাজ সফল করা যায় না। সংবাদ সংগ্রহের জন্য একটি মোটামুটি পরিকল্পনা থাকা দরকার। উপরোক্ত ২ থেকে ৯ পর্যন্ত বিষয়গুলি পরিকল্পনার মধ্যে আসবে। তবে প্রয়োজনে পরিবর্তন পরিবর্ধন করা যাবে।

**২. সোর্স সম্পর্ক ঃ** সোর্স বা সংবাদ সূত্র একজন সাংবাদিকের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সোর্সের সাথে প্রথম সামাজিক সম্পর্ক, বন্ধুত্ব স্থাপন করা যায়। ক্রমান্নয়ে তার মাধ্যমে মূল তথ্যগুলি বের করে নিয়ে আসবেন। স্মরণ রাখা দরকার; সোর্স যাতে একথা না বুঝেন যে একমাত্র তথ্যের জন্যই তার সাথে সম্পর্ক রাখা হচ্ছে। যেখানেই সংবাদের তথ্য সম্ভাবনা আছে সেখানে সম্পর্ক সৃষ্টি করতে হবে। অর্থাৎ সুইপার, রিকসা ড্রাইভার, কাজের মেয়ে, কেরানী, স্কুল মাষ্টার, পিওন-দারওয়ান, ভূষিমালের দোকানদার, বিয়ের ঘটক, পুলিশ, আনসার, গ্রাম পুলিশ, চৌকীদার, সরপঞ্চ, মসজিদের ইমাম, সরকারী কমকর্তা-কর্মচারী, ডি, সি, এস-পি, জজ, সচিব, রাজনৈতিক নেতৃবৃন্দ ও কর্মী, এনজিও কর্মী, ডাক্তার, ধাত্রী, ক্যামিষ্ট ইত্যাদি সর্বস্তরের মানুষের সাথে সম্পর্ক রাখতে হবে।



www.pathagar.com

**৩. সংবাদসূত্র ঃ** সংবাদ সূত্র নির্ধারণ করতে হবে; যাতে যার সাথে, কোন সময়, কোন স্থানে যোগাযোগ করা যায়। এবং ঐ সূত্রের কাছ থেকে কোন বিষয় জানা যায়।

**৪. বিষয় নির্বাচন ঃ** সংবাদ সংগ্রহের জন্য বিষয় নির্ধারণ করতে হবে; যে আমি এ "বিষয়ে" তথ্য জানব। এজন্য বিষয় সম্পর্কে প্রয়োজনীয় বই, পত্রিকা, রেফারেন্স দেখতে হবে এবং সোর্সের সাথে যোগাযোগ করতে হবে।

**৫. ভিট নির্ধারণ ঃ** একটি পত্রিকার কোন সাংবাদিক কোন এলাকা বা ভিটে কাজ করবেন, তা নির্ধারণ করা দরকার। কারণ তাকে ঐ এলাকায় পরিচিতির প্রয়োজন আছে।

**৬. রেকর্ড চিত্র ধারণ ঃ** সোর্স থেকে সংবাদ তথ্য সংগ্রহ কালে প্রয়োজনীয় রেকর্ড রাখা দরকার। মিনি টেপ রেকর্ডার দিয়ে কথাগুলি রেকর্ড করা যায়; ক্যামেরা দিয়ে প্রয়োজনীয় ছবি ধরে রাখা দরকার। এবং তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য কোন কাগজ পত্রেরও রেকর্ড রাখা দরকার।

**৭. আইনের স্বপক্ষ ঃ** তথ্য সংগ্রহকালে একজন সাংবাদিক পুলিশের ভূমিকায় যাবেন না। চাপ প্রয়োগ করে জবানবন্দি নেওয়ার চেষ্টা করবেন না। বিনা অনুমতিতে একজনের ঘরে প্রবেশ করা উচিৎ নয়। সর্বাবস্থায় আইনের গন্ডির মধ্যে থেকে তথ্য নেওয়া দরকার।

**৮. নিরাপত্তা ঃ** "জান বাঁচলে বাপের নাম"-এই প্রবাদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ তথ্য সংগ্রহ কালে অনেক অপরাধী সাংবাদিক বুঝতে পারায় আক্রমণ করতে পারে। বা যুদ্ধক্ষেত্রে, সমুদ্রে তথ্য সংগ্রহকালে অবশ্যই; মাস্ক, লাইফ জেকেটসহ অন্যান্য প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জামের নিশ্চয়তা থাকতে হবে এবং নিজেকে সর্বদা সতর্ক থাকতে হবে। একজন সাংবাদিক কবি সাহিত্যিকের মত খেয়ালী হবেন না। একজন "সাংবাদিক-সদা-সতর্ক-সৈনিক।"

**৯. যানবাহন সুবিধা ঃ** তথ্য সংগ্রহের জন্য যানবাহনের সুবিধা কাজটিকে সহজতর করবে। তবে একান্ত কোন পরিবহণ ব্যবস্থা যেখানে নাই; সেজন্য তথ্য সংগ্রহ বা সাংবাদিক বসে থাকবেন না। বিকল্প ব্যবস্থায় কাজ চালিয়ে যেতে হবে।

বিশেষ করে; সংশ্লিষ্ট ঘটনার কারণ; কখন, কেন, কিভাবে, কে, কোথায় ঘটেছে তার বিস্তারিত তথ্য নেওয়া দরকার। সোর্সের সকল কথাই নোট রাখা ভাল। প্রয়োজনে সাক্ষ্য প্রমাণ রাখাও উচিৎ।

একজন বার্তা সম্পাদক ভোরবেলার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিকে নিজের এবং বিরোধী সংবাদপত্রগুলোর (সাময়িকী/সাপ্তাহিকসহ) প্রতিটি খবর পড়তে বলবেন; যাতে পরবর্তী সংবাদের জন্য বিষয় বের করা যায়। তাকে এগুলো কাটতে বলুন


www.pathagar.com

(গঠনমূলকভাবে চিন্তা করার জন্য রিপোর্টারদের প্রশিক্ষিত করার সর্বোত্তম ব্যবস্থা) এবং বার্তা-সম্পাদক অনুসরণ করার মত কাটিং বাছাই করবেন। এসব কাটিং দিয়ে একজন রিপোর্টারকে যদি বলা হয়, মেয়রকে (অথবা মন্ত্রী, অথবা স্থানীয় ইউনিয়ন অথবা নাগরিক কমিটির নেতাকে) গিয়ে জিজ্ঞেস করুন, তিনি এ সম্পর্কে কি ভাবছেন। তাহলে আগে থেকেই অধিকাংশ তথ্য তার জানা থাকবে। পরবর্তী সংবাদের জন্য যে সব কাটিং উপযুক্ত নয় তা ভবিষ্যতে ডাইরীতে রেখে দেওয়া উচিত। মাসের প্রতিদিনের জন্য নির্দিষ্ট ফাইল অথবা ফোল্ডারে এগুলো রাখা যেতে পারে অথবা বার্তা সম্পাদক বা তার সহকারী সুবিধামত কোন ব্যবস্থা করতে পারেন।

## ● কিভাবে সংবাদ লিখবেন?

একটি কবিতা বা একটি গল্প কিছু আবেগ এবং একটি কাহিনীকে ভাষা ও শব্দের অলঙ্কার দিয়ে রূপ দেয়া সহজ।

কিন্তু একটি "সংবাদ" সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে তৈরী করতে হবে। সংবাদকে ইংরেজীতে STORY বা গল্প বলা হয়। গল্প সংবাদ নয়। আবার সংবাদও গল্প নয়। গল্প ও সংবাদ লিখার পদ্ধতিও ভিন্ন। গল্পের মূল বক্তব্য থাকে (Morale অথবা নামকরণের সার্থকতা) গল্পের শেষ অংশে। সংবাদের মূল বক্তব্য থাকে প্রথম অংশে এজন্য আমরা একটি সংবাদকে তিনভাগে ভাগ করতে পারি।

১. সংবাদ শিরোনাম (HEADLINES)

২. সংবাদ প্রথমাংশ বা (INTRO)

৩. সংবাদ গর্ভাংশ (BODY STORY)

**১। সংবাদ শিরোনাম (HEADLINES) ঃ** সংবাদের বাইরের অংশে 'পতাকার' মত সংবাদের যে 'চুম্বক' বক্তব্য তুলে ধরা হয় তাকে সংবাদ শিরোনাম বলা যায়।

অর্থাৎ সংবাদের প্রথমাংশ বা লীডের সংক্ষিপ্ত অংশকে সংবাদ শিরোনাম বলা হয়। যার মধ্যে সর্বোচ্চ ৯ শব্দে শিরোনাম লেখা থাকবে। শিরোনাম বা সংবাদ HEADLINES হল একটা সংবাদের "পতাকা"। সেই পতাকায় সংবাদের জাতীয় পরিচয় ও অন্যান্য দিকগুলির ধারণা পাওয়া যায়। অর্থাৎ শিরোনাম পাঠককে বলে দিবে প্রিয় পাঠক, আপনি আরো পড়তে চাইলে সংবাদ কাহিনীতে চোগ দেন। শিরোনাম অতি সংক্ষিপ্ত আকারে পাঠককে ঘটনার বিবরণ জানিয়ে দেয়; এবং সংবাদের গুণগত ও সংবাদ কাহিনীর দিকে আগ্রহী করে। শিরোনাম দেখেই একজন পাঠক পত্রিকাটি কিনতে আগ্রহী হবেন।



www.pathagar.com

**শিরোনামের নিয়ম ঃ**

১. শিরোনাম সাধারণত একটি মাত্র বাক্যেই লেখা হয় এবং এক থেকে নয় শব্দের মধ্যে লিখতে হয়। এ বিষয়টি অবশ্যই চার-পাঁচ কলাম ব্যাপী সংবাদ বিবরণীর ক্ষেত্রে বেশী প্রযোজ্য। সিঙ্গেল কলাম খবরের ক্ষেত্রে তিন-চার বাক্যেও শিরোনাম হতে পারে। তবে ৯ শব্দের সীমারেখাটা সাধারণত সব সময়ই মেনে চলার চেষ্টা করা হয়।

২. সংবাদ শিরোনাম হবে খুবই সহজবোধ্য, সহজ পাঠ্য ও আকর্ষণীয়। শিরোনামের আকর্ষণেই সংবাদ কাহিনীর উপর পাঠকের আকৃষ্ট হবার বিষয়টি অনেকাংশেই নির্ভর।

৩. শিরোনাম সব সময়ই কর্তৃবাচ্যে (ACTIVE VOICE) লিখতে হবে। দ্বারা, দিয়া, কর্তৃক এভাবে না লিখে কারো কোন কথা বা বক্তব্য সরাসরি কর্তার মুখে বলাতে হবে।

৪. শিরোনামের ভাষা ব্যাকরণগত দিক দিয়ে শুদ্ধ হতে হবে। শিরোনাম ছোট ও চাঁচা-ছোলা করতে গিয়ে তার মধ্যে ব্যাকরণগত অশুদ্ধি আনা যাবেনা। একটা জিনিষ মনে রাখতে হবে যে একেকটি পত্রিকা পাঠশালা। মানুষের মাঝে শিক্ষা ছড়িয়ে দেওয়া তার একটি কাজ।

৫. শিরোনাম সব সময়ই বস্তুনিষ্ঠ হতে হবে। শিরোনামে কখনই মিথ্যাচার করা চলে না। আমাদের দেশে কিছু কিছু সাপ্তাহিক পত্রিকা (দু-একটি দৈনিকও আছে) অযথা চাঞ্চল্য সৃষ্টির জন্য মিথ্যাচারে পরিপূর্ণ শিরোনাম লিখে থাকে।

৬. শিরোনাম সব সময় বর্তমান কালকে (PRESENT TENSE) ভিত্তি করে লিখতে হবে। এতে শিরোনামের সজীবতাও যেমন থাকে সংবাদ ঘটনার সজীবতা সম্পর্কেও পাঠকের দ্বিধা থাকেনা। অবশ্য অনেক ক্ষেত্রে সদ্য অতীতকে (IMMEDIATE PAST) কেন্দ্র করেও শিরোনাম লিখা হয়।

৭. শিরোনাম লেখার ক্ষেত্রে কোন ভণিতা থাকবে না। কোন নেতিবাচক দিক এতে থাকবেনা। বলার ভঙ্গি সোজা। কোন জটিলতা থাকবেনা।

৮. শিরোনামের ওই ছোট্ট পরিসরেই সহ-সম্পাদকগণ তার কথায় যথেষ্ট পরিমাণ বিশ্লেষণের ইঙ্গিত রাখবেন। এ হবে অর্থগুণ সম্পন্ন।

২। **সংবাদ প্রথমাংশ বা মুখ (INTRO/LEAD) ঃ** একজন সাংবাদিক তার পাঠককে যথাসম্ভব কম কথায় সম্পূর্ণ বিষয়টি তুলে ধরার চেষ্টা করেন। কারণ ব্যস্ত মানুষ দৈনিক লম্বা সংবাদ পড়ার সময় নাই। বিধায় সংবাদের মূল বক্তব্য বা আকর্ষণীয় দিকটা প্রথমেই লিখতে হয়। এ অংশকে "সংবাদ মুখ" বা "সংবাদ শীর্ষ" বা INTRO বা LEAD বলা হয়। তাই প্রথম অনুচ্ছেদটুকু পড়েই পাঠক



www.pathagar.com

কোন সংবাদ কাহিনী সম্পর্কে মোটামুটি অবহিত হয়ে যান এবং সংবাদ শীর্ষটি যদি পাঠকের আগ্রহকে বাড়িয়ে দেয় তবে সে খবরের বাকি অংশটাও পড়তে আগ্রহী হয়। ইতিপূর্বে আমরা এনাটামি অব দি নিউজ তুলে ধরেছি।

যেখানে-কে?

কি?

কখন?

কোথায়?

কেন?

এবং কিভাবে? এই প্রশ্নগুলির উত্তর সংবাদ মুখ বা সংবাদ প্রথমাংশে পাওয়ার আশা করেন একজন পাঠক। সংবাদ মুখে ১৯ থেকে ২৫ শব্দ ব্যবহার করাই বাঞ্ছনীয়। বড় জোর ৩০টি শব্দের বেশী ব্যবহার করলে সংবাদের মূল ধারাটির জোর কমে যায়। সংবাদ মুখ বা সংবাদ প্রথমাংশ লিখতে টমসন ফাউন্ডেশনের প্রশিক্ষকরা ৪টি নিয়ম মানতে বলেন।

১. সংবাদমুখ পুরো সংবাদ কাহিনীর সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।
২. সংবাদসূচনাটি পড়ে যেন পাঠক সংবাদ কাহিনীর বাকি অংশ পড়তে আগ্রহী হন।
৩. সংবাদ মুখ সাধারণত সংক্ষিপ্ত হওয়াই বাঞ্ছনীয়
৪. সংবাদ মুখ বা সূচনা সাধারণত সংবাদ কাহিনী বা বিবরণীর প্রধান বা মূল তথ্যকে ভিত্তি করেই হবে।

তবে ঘটনা ভেদে সংবাদ মুখ বা সূচনা রচনার পার্থক্য একেক সময় একেকটি নতুন আঙ্গিকের সংবাদ বিবরণী উপহার দেয়। সংবাদের ঘটনাভেদের পার্থক্যেই সংবাদ শীর্ষের কোনটায় FIVE W ও One H এর ভিন্ন ভিন্নটি আপনগুণে জোরদার ও গুরুত্বপূর্ণ হয়ে উঠে।

যেমন ঃ কোন দেশের প্রেসিডেন্ট নিহত হলে FIVE W-র WHO বা কে উপাদানটিই জোরদার হয়।

**৩. সংবাদ গর্ভাংশ বা বিবরণী (BODY/STORY)** ঃ একজন পাঠক সংবাদের 'সংবাদ শিরোনাম' পড়ার পরই যদি আকৃষ্ট হন; তখন সংবাদ মুখ বা সংবাদ প্রথমাংশ পড়তে শুরু করেন। ক্রমান্বয়ে তিনি সংবাদের গর্ভাংশে বা বিবরণী পড়েন।

সংবাদ শিরোনাম ও সংবাদ মুখের পর যে পরবর্তী অংশ তাকেই সংবাদের গর্ভাংশ বা সংবাদ বিবরণী বলে। যেমন ঃ গতকাল হামিদকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে


www.pathagar.com

কিছু সংখ্যাক ছাত্র প্রতিহিংসাপরায়ণ হয়ে হকিষ্টিক ও ছুরির আঘাতে হত্যা করেছে।

প্রকাশ ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল স্বৈরাচারী সরকার বিরোধী কর্মসূচীর অংশ হিসাবে বিক্ষোভ মিছিল ও ভিসি অফিস সম্মুখে সভা অনুষ্ঠিত হচ্ছিল।


বিরোধী দলীয় ছাত্ররা মিছিল সহকারে বিশ্ববিদ্যালয়ের হলগুলি প্রদক্ষিণ করছিল। হামিদ তার নিয়মিত ক্লাস করার জন্য রওনা হয়। এনেক্স বিল্ডিং এর সামনে যাওয়া মাত্র মিছিলের মুখোমুখীহলে মিছিলকারী ছাত্ররা মিছিলে যোগ দেয়ার জন্য আহবান করে। সে আহবানে সাড়া না দেওয়ায় কয়েকজন ছাত্র চড়াও হয় এবং এলোপাতাড়ি হকিষ্টিক ও ছুরির আঘাতে ক্ষতবিক্ষত হয়ে ছাত্রটি মারা যায়। সে রাষ্ট্র বিজ্ঞান বিভাগের শেষ বর্ষের ছাত্র। এ ব্যাপারে পুলিশি তদন্ত চলছে; কাউকে গ্রেফতার করা হয় নাই। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হামিদের লাশ তার পিতার কাছে হস্তান্তর করেন। পরে তার নিজ বাড়ীর গোরস্তানে দাফন করা হয়।

উপরোক্ত সংবাদের INTRO তে FIVE W এবং BODY তে ONE H এর ব্যাখ্যা পাওয়া গেল।


এক সময় সংবাদ লেখা হত এলোমেলো ভাবে। কিন্তু টেলিগ্রাফ আবিষ্কার হওয়ার পর সংবাদদাতারা বড় স্টোরি টেলিগ্রাফে পাঠাতে গিয়ে দেখতেন কয়েক প্যারা খবর পাঠাবার পর লাইন হয়ত বিকল হয়ে যাচ্ছে। এর ফলে গোটা খবরটাই মাটি হয়ে যেত। তাই তারা সংবাদকে এমনভাবে সাজাতে লাগলেন যাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ আগে যায়। তারপর যায় তার চেয়ে কমগুরুত্বপূর্ণ অংশ। অনেক সময় সংবাদ কাটছাঁটকরতে হয়। জায়গার সংকুলান না হওয়ায় প্রেস থেকে অনেক সময় কপির শেষ থেকে বেশ কিছু অংশ ছেঁটে ফেলতে হয়। তাই খবর এমনভাবে লেখা হয় যে শেষের দিক থেকে ছেঁটে দিলেও তার কিছু ক্ষতি না হয়। ইংরেজীতে এই সংবাদ রচনা পদ্ধতিকে INVERTED PYRAMID প্রথা বলা হয়। অর্থাৎ পিরামিডকে উল্টো দিলে যেমন দাড়ায় ঠিক তেমনি। যত নিচের দিকে নামা যায়। সংবাদের গুরুত্বপূর্ণ অংশ তত কমতে থাকে।


www.pathagar.com

**উল্টো পিরামিড কাঠামোর সংবাদ বিবরণী নির্মাণের ছক নিম্নরূপ ঃ**




**এই পদ্ধতিকে আরো সহজভাবে বর্ণনা করা যায় ঃ**






www.pathagar.com

## ● সংবাদ লেখার কৌশল ঃ

১. বিষয় নির্ধারণ করুন এবং বিষয়টি সম্পূর্ণ নিজের জ্ঞানে এনে হজম করুন; তারপর লিখার চেষ্টা করুন।

২. সংবাদটি যে ভাবে ঘটেছে তার বিবরণ দিন। কিন্তু নিজে বিচারকের ভূমিকায় গিয়ে রায় দেবেন না।

৩. ছোট ছোট অনুচ্ছেদ ব্যবহার করুন।

৪. লেখার অনবরত চর্চাই ভালো লেখার প্রধান শর্ত।

৫. আপনার লেখার মধ্যে অর্থটাই গুরুত্বপূর্ণ। আপনি যা লিখেন তার অর্থ পাঠকের কাছে স্পষ্ট না হলে লেখক হিসাবে আপনি ব্যর্থ।

৬. আপনি বস্তুনিষ্ঠভাবে যা লিখবেন তা অবশ্যই হতে হবে সুসংগঠিত, সহজে পাঠযোগ্য, সাধারণ পাঠকদের কাছে স্পষ্ট এবং কৌতুহল উদ্দীপক।

৭. পাঠকের আগ্রহ বৃদ্ধির জন্য লেখার প্রথম ও শেষে কৌতুহল উদ্দীপক কথা দিয়ে শুরু এবং শেষ করুন।

৮. নিশ্চিত হয়ে লিখুন। সংবাদের তথ্যগুলি সরাসরি তুলে ধরুন। এবং বিষয়, ক্রিয়া, উদ্দেশ্য এভাবে ধারাবাহিকতা বজায় রেখে লিখুন।

৯. আপনার পাঠক সবাই সমান নয় বিধায় সংক্ষিপ্ত বাক্য, সহজবোধ্য ছোট ছোট শব্দ ব্যবহার করুন।

১০. অকারণে বিশেষ শব্দ বা বাক্য জুড়বেন না।

১১. আপনার বাক্যে গড়পড়তা ১৫ থেকে ২০ শব্দ ব্যবহার করুন।

১২. ভাল লেখার জন্য তিনটি গুণ ঃ স্পষ্টতা, স্পষ্টতা, স্পষ্টতা, বিশেষ করে সংবাদ লেখার সময় এমন কোন শব্দ ব্যবহার করবেন না যা দিয়ে অনেক কিছু বোঝানো যায়। যেমন ঃট্রাজেডী; এ শব্দ আপনি একটি সংবাদে লিখলে বিষয়টি স্পষ্ট হয়না। কারণট্রাজেডী শব্দ দিয়ে অনেক অর্থ হতে পারে।

ট্রাজেডী = আগুণ, বিস্ফোরণ, পানিতে ডোবা

একসিডেন্ট = সংঘর্ষ, গাড়ী দুর্ঘটনা;

সিরিমনি = বিয়ে জন্মদিন; এওয়ার্ড বিতরণ

ডকুমেন্ট = বিক্রির রেকর্ড; সার্টিফিকেট

**এছাড়া ঃ**

সভায় প্রচুর লোক উপস্থিত ছিলেন। (অস্পষ্ট)

সভায় প্রায় এক হাজার লোক ছিলেন। (স্পষ্ট)

১৩. বিশেষণ আপনার বক্তব্য অতিরঞ্জিত করে তুলতে পারে। এরকম বিশেষণ হল ঃ প্রতিক্রিয়াশীল, ফ্যাসীবাদী, দূর্নীতিপরায়ন, একনায়কপনা ইত্যাদি।

যেমন ঃ ওয়াসা গত এপ্রিল মাসে একটা স্মরণীয় রেকর্ড করেছেন। তাহল প্রতিমাসে প্রতিটি দিনই তারা পানি সরবরাহ করেছে।



www.pathagar.com

এখানে "স্মরণীয়" রিপোর্টিং এর শব্দ নয়। বিশেষণ জুড়ে দেবার দায়িত্ব কলামিষ্টের হাতে ছেড়ে দিন। রিপোর্ট এমনভাবে লিখুন যা পড়ে পাঠকই বলবেনঃ "সত্যিই স্মরণীয় ঘটনা।"

১৪. লেখার পর আরেকবার পড়ুন।

১৫. আপনার লেখার বিশ্বাসযোগ্যতা বাড়ানোর জন্য প্রচুর পরিমাণ উদ্ধৃতির ব্যবহার করুন।

১৬. সংবাদ লেখার ক্ষেত্রে কখনও প্রচারধর্মী হবেন না; সব সময় যোগাযোগধর্মী হবার চেষ্টা করুন।

বিশেষ করে পত্রিকার লেখা জটিল, দুর্বোধ্য হবে না। প্রতিটি ঘটনার প্রয়োজনীয় ব্যাখ্যা তার মধ্যে থাকবে। NORTH CLIF বলেন, EXPLAIN, SIMPLIFY, CLARIFY; ব্যাখ্যা করুন, সরল করুন, সহজবোধ্য করুণ।"

DAILY EXPRESS সম্পাদক AR THUR CHRIS TIANSEN বলতেন, সংবাদ লেখককে ধরে নিতে হবে কোন খবর সম্পর্কে পাঠকের কোন পূর্ব ধারণা নেই। এজন্য বিষয়টি পাঠকের কাছে বোধগম্য করে তুলতে হবে। প্রতিটি খবরের মধ্যে যতখানি সম্ভব মানবিক স্পর্শ (HUMAN TOUCH) দেয়া ভাল।

বিশেষ করে প্রতিটি ঘটনার ছোট ছোট বিষয়গুলিও সংবাদের আওতায় আনা দরকার।

যেমন ঃ প্রধানমন্ত্রী বিদেশ সফরে গেছেন। এই বিদেশ সফরকালে শুধু শুষ্ক বক্তৃতা ও সৌজন্যমূলক সাক্ষাৎকারের বিবরণ তাজা খবর হতে পারে। কিন্তু সেই সঙ্গে তার যাত্রার বর্ণনা, তার বিভিন্ন সময়ের মুড ও পোষাকের বিবরণ, বিদেশে যেখানে তিনি যাচ্ছেন সেখানকার জনতার ভিড়ের মধ্যে যদি কেউ বিশেষ কোন ব্যক্তি থাকেন যার সঙ্গে প্রধান মন্ত্রী কিছু সময় কাটালেন, অথবা যে বাচ্চা ছেলেটিকে স্বস্নেহে কোলে তুলে নিলেন তার নাম, এগুলি বর্ণনার মধ্যে মানবিক আবেদন ফুটে উঠে।

## ● সংবাদে ব্যাকরণের দিক ঃ

* প্রতিবেদক যেন এখানে শিল্পী; কিছুটা মনৃয়তা তাকে না আনলে তার লেখা হৃদয়গ্রাহী হয় না।

* আদর্শ প্রতিবেদন নাতিদীর্ঘ হওয়া উচিত।

* দীর্ঘশব্দের বদলে ছোটশব্দের ব্যবহার।

এজন্য বড় বড় পত্রিকায় STYLE BOOK বা রচনারীতি নির্দিষ্ট করা থাকে। এই রচনারীতির মধ্যে দীর্ঘশব্দের বিকল্প ছোট শব্দ দেওয়া থাকে। যেমন PASSED AWAY লেখা নিষিদ্ধ, লিখতে হয় Died; বা বাংলায় ইহলোক ত্যাগ করেছেন না লিখে মারা গেছেন লিখতে হয়।



www.pathagar.com

ভাষা স্পষ্ট সরল অথচ ঋজু হবে। অর্থাৎ ভাষার মধ্যে কোন দ্ব্যর্থবোধক অর্থ থাকবেনা।

যৌগিক বাক্য বা মিশ্র বাক্য পরিহার করে যথাসম্ভব সরল বাক্য ব্যবহার করতে হবে।

যেমন ঃ চট্টগ্রামে পাহাড়ী উপজাতীয় বিচ্ছিন্নতাবাদীঁদের বিরুদ্ধে সরকারী তৎপরতার আপাত প্রস্তুতি হিসাবে এবং উপজাতীয়দের বিক্ষোভের পরিপ্রেক্ষিতে পাহাড়ী এলাকা ঘিরে নিরাপত্তা ব্যবস্থা কঠোরতর করা হয়েছে।" এর পরিবর্তে লিখতে হবে-উপজাতীয় বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে সরকার এখন তৎপর। তাদের বিক্ষোভের প্রেক্ষিতে পাহাড়ী এলাকায় নিরাপত্তা ব্যবস্থাও কঠোরতর করা হয়েছে।

দুর্বোধ্য শব্দ বর্জন করতে হবে।

যেমন ঃ অনীহার বদলে অনিচ্ছা

| | |
|---|---|
| অনুধাবণ | স্মরণ |
| অভিমুখে | দিকে |
| অভিধা | সংজ্ঞা |
| ভূম্যধিকারী | জমিদার |
| সন্তর্পণে | সাবধানে ইত্যাদি। |

বড় শব্দের বিকল্প হিসাবে ছোট শব্দ থাকলে ছোট শব্দকে প্রাধান্য দিতে হবে।

যেমন ঃ

| বড় শব্দ | ছোট শব্দ |
|---|---|
| সম্মুখে | কাছে |
| অবরুদ্ধ | আটক |
| শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন | মারা গেছেন |
| বিরাট জনসভা | বড় সভা |
| ভাব গম্ভীর পরিবেশে | সুন্দর পরিবেশে |
| প্রকাশ্য দিবালোকে | দিন-দুপুরে |
| উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্থাৎ Higher Authorities; কিন্তু কর্তৃপক্ষ সব-সময়ই উর্ধ্বতন।) | কর্তপক্ষ (ই যথেষ্ট)। |
| কাঁদুনে গ্যাস (গ্যাস কখনও কাঁদে না-কাঁদায়) | কাঁদনে গ্যাস |



www.pathagar.com

| বড় শব্দ | ছোট শব্দ |
|---|---|
| উষ্ণ অভ্যর্থনা (উষ্ণ ইংরেজীতে WARM বা গরম বুঝায়; চোখ গরম করা; মেজাজ গরম করা; গরম অভ্যর্থনা হয় না; তেমনি Cold Reception অর্থ হবে উপেক্ষা।) | সাদর অভ্যর্থনা বা স্বাগত জানান |
| জন্মগ্রহণ করা (কেউ নিজের ইচ্ছায় জন্ম নেয় না।) | জন্ম হয়; (বা সামীনার জন্ম ৪ অক্টোবর ১৯৯৫ সালে।) |

ব্যাকরণ যে কোন বাক্য রচনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংবাদ রচনার ক্ষেত্রেও ব্যাকরণরীতির অনুসরণ করা দরকার। প্রয়োজনে বাংলা ব্যাকরণ পড়া ও সহযোগীতা নেওয়া যায়।

যেমন ঃ এইসব দলগুলিকে।

বাংলাভাষার দু'টি বহুবচন পরপর বসে না।

লিখতে হবে-"এইসব দলকে।"

| | |
|---|---|
| প্রয়াস নেওয়া হয়েছে | চেষ্টা চালানো হয়েছে। |
| আবেদন রাখেন | আবেদন করা হয়। |
| আকর্ষণীয় নির্বাচন | আকর্ষক নির্বাচন। |

(আকর্ষক অর্থে যা আকর্ষণ করে। আকর্ষণীয় অর্থে যা আকর্ষণের যোগ্য)।

ইতিপূর্বে সরল বাক্যের উল্লেখ করেছি। বাক্য তিন প্রকার। ১. সরল বাক্য; ২. জটিল বাক্য; ৩. যৌগিক বাক্য।

**১. সরল বাক্য ঃ** যে বাক্যে একটি মাত্র অসমাপিকা ক্রিয়া থাকে তাকে সরল বাক্য বলে। যেমন ঃ পুলিশ আসতে দেখে জনতা শেষ পর্যন্ত সরে যায়।

**২. জটিল বাক্য ঃ** উক্ত বা অনুক্ত একাধিক সমাপিকা ক্রিয়া যে বাক্যে থাকে এবং একটি প্রধান ও এক বা একাধিক অধীন উপবাক্য থাকে তাকে জটিল বাক্য বলে। যেমন ঃ পুলিশবাহিনী এসে পাঁচ রাউন্ড গুলি চালায় তার পুরোভাগে ছিলেন একজন এস,পি। যখন পুলিশ এল তখনই জনতা সরে গেল, তার আগে নয়।

**৩. যৌগিক বাক্য ঃ** যে বাক্যে একাধিক সমাপিকা ক্রিয়া থাকে এবং পরস্পর নিরপেক্ষ স্বাধীন বাক্যগুলি সমুচ্চয়ী অব্যয় দ্বারা সংযুক্ত হয়ে বাক্যের গঠনকে সমগ্রতা দেয় তাকে যৌগিক বাক্য বলে। যেমন ঃ লোকটি দিনে চাকরি করে এবং রাত্রে দোকান চালায়।



www.pathagar.com

## ● ভাষার ব্যবহার ঃ

একজন সাংবাদিক তার অন্যান্য দায়িত্ব পালন করার সাথে সাথে ভাষা সম্পর্কে সজাগ থাকতে হবে। ভাষার প্রয়োগ ও উন্নয়ন সাংবাদিকতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। (এ প্রসঙ্গে বাংলাদেশ প্রেস ইনষ্টিটিউটের তৎকালীন চেয়ারম্যান আব্দুল ওয়াহাব/ "সংবাদপত্রের ভাষা" এ বিষয়ে মাসিক নিরীক্ষা জানুয়ারী-ফেব্রুয়ারী ১৯৮৪ সংখ্যায় বলেন)

প্রত্যেক ভাল সংবাদপত্র, শব্দের ব্যবহার বা অপব্যবহার সম্পর্কে যেমন কড়া নজর রাখে তেমনি শুদ্ধতা বজায় রাখে ও গতানুগতিকতা থেকে নিজেকে রক্ষা করে চলে। এই প্রথার দর্শনাংশ জীবন থেকে নেয়া।

যেমন সংসারে চলতে চলতে প্রত্যেক পথিকই শ্রান্ত হয়ে পড়ে, তেমনি শব্দ বা শব্দ গুচ্ছ (Phrase) হয়রান হয়ে যায় ও ফলতর সেগুলো মানুষ কিংবা পাঠকের চিন্তাধারার উপর আর আগেকার মত প্রভাব বিস্তার করে না ও অবশেষে "Cliche' তে পরিণত হয়। পরিভাষায় এই "মামুলি সাহিত্যিক কথা" অর্থাৎ Cliche কালক্রমে সক্রিয় কিংবা মৌলিক চিন্তা-ভাবনার প্রতিকল্প হয়ে দাঁড়ায় In other words a substitute for thought. ভাষা তো এক ঘেঁয়ে হয়ই, উপরন্তু, অতি ব্যবহারে অবক্ষয় প্রাপ্ত হয় ও এগিয়ে যাবার অন্তরায় হয়ে পড়ে মন। মনীষী Orwell-এর মতে, যে দেশে ভাষার অবনতি ঘটে সেই পরিমাণে রাজনীতির মানও হ্রাস পায়।

কাজে কাজেই সাংবাদিকতার উৎকৃষ্টতার অপরিহার্য উপকরণ ভাষার দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখা।

এই যজ্ঞের এক উপকরণ সময় সময় "Copy Book" বা "Style Book" বের করা। এগুলো কিন্তু সব অবিরাম গবেষণা ভিত্তিক (Continual research gased new york times-এর ) বিষয়েও আমার জানা আছে যেহেতু আমি এটা পেতাম একটা সাপ্তাহিক Leaflet "Winners and sinners" যেটাতে সম্পাদকেরা যে সপ্তাহের কাগজে তথ্য ও রচনার উৎকৃষ্টতা কিংবা নিকৃষ্টতা নিয়ে আলোচনা করতেন।

আমার সময়ের London times-এর এ রকম পুস্তিকাতে কতগুলো শব্দের ব্যবহার নিষিদ্ধ করে দেয়া হয়েছিল, যেমন "Considerable" এত বহুল প্রচলিত হয়েছিল যে তার শান ও ধার বলে কিছুই ছিলনা। এ বিষয়ে London times বলেছিল যে, "Considerable" শব্দটি বাদ দিয়ে "a great deal" কথাগুলো ব্যবহার করা শ্রেয় ঃ।


www.pathagar.com

অনুরূপ আমাদের দেশের আর আমাদের নিজেদের ভাষাতেও এমন কতগুলো শব্দ এত ব্যবহৃত হয়েছে যে, আমার ক্ষুদ্রমতে এগুলো এখন পাঠকের মনে আঁচড় কাটার স্বার্থে বদলানো দরকার।

আরেকদিকে ভালো সাংবাদিকতার অবদান দেখা যায়, ভাষার বিশুদ্ধতা রক্ষার ও নতুন শব্দ উদ্ভাবনের ক্ষেত্রে। যেমন, London times এ বিধি নিষেধের তালিকার মধ্যে আমাদের কালে "Pralagónist শব্দের সঠিক ব্যবহারের উপর জোর বা একটা শৃঙ্খল ছিল। "Never use the word 'pratagonist' to refer to more then one person. The word is of greek origin and means the central. Character.in a ploy and there on chief character in a drama."-এ প্রসংগে এ কথাও বলা চলে যে, 'Copy Book' যে সব সময়ে অনুসরণ করা হত এমনও নয়। মূল কথা হচ্ছে একটা আদর্শ থাকা ভাল।

এখন আসা যাক, আমাদের নিজেদের ভাষায়। আমি এতক্ষণ ইংরেজী ভাষা থেকে উদাহরণ দিচ্ছিলাম। এটা হয়ত কেউ অস্বীকার করবেন না যে, বাংলায় সাংবাদিকতা অনেক কিছু নিয়েছে ইংরেজি আখবারের পথ ও পদ্ধতি থেকে। তার মধ্যে একটি হচ্ছে পেশাগত নৈপুন্য। ইংরেজী ভাষা থেকে শব্দ কাঠামোও অনেক দেখা যায়।

ডঃ মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলাতে প্রায় সাড়ে তিন হাজার শব্দ উর্দু, ফার্সি, তুর্কি ও আরবী থেকে নেয়া। সংসদের দুই খন্ড অভিধানেও রয়েছে। বিভিন্ন ভাষা থেকে নেয়া বাংলার লক্ষাধিক শব্দ। কোথাও থেকে এরূপ নেয়াটা কোন দোষের নয়। ইংরেজি সবাই নিচ্ছে ও দিচ্ছে। একজন বড় ইংরেজ লেখকের মতে, প্রত্যেক বছরে ইংরেজী চারটি করে নতুন শব্দ গ্রহণ করে ও তিনটি করে হারায়। এমনি দেয়া নেয়া বাংলাতেও চলছে এবং তার সাথে চলছে শব্দের অভিযোজন–যেমন, বাংলায় আগ্রাসন ইংরেজি aggression থেকে নেয়া এবং সম্প্রতিকালে আমি পেয়েছি 'কারিশিমা' শব্দটা এটা হয়ত উর্দু ফার্সি থেকে নেয়া। অর্থাৎ Miracle কিংবা অলৌকিক ঘটনা বা ক্ষমতা। জ্ঞাত বা অজ্ঞাতভাবে আবর্তন ও বিবর্তনের মধ্য দিয়ে বিশ্বসংসার পরিচালিত হচ্ছে এবং এই পরিপ্রেক্ষিতে সংবাদপত্র যে নিজের প্রভাব ভাষার মধ্যে বিস্তার করবে তাতে আশ্চর্য কি? তবে জেনে শুনে কোন উদ্ভট শব্দ সৃষ্টি না করাই ভাল।



www.pathagar.com

# ETHICS OF JOURNALISM
## (সাংবাদিকতার নীতিমালা)

সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের জন্য আন্তজার্তিক নীতিমালা এবং বিভিন্ন দেশের নিজস্ব নীতিমালা রয়েছে। বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠানের সাংবাদিকতা নীতিমালা নিম্নে উদ্ধৃত হলোঃ

**AMERICA**

● **Code of Ethics**

First Adopted by the Society of professional Journalist (Sigma Delta Chi) in df 1926 Revised in 1973 and 1984.

The society of Professional Journalist, Sigma Delta Chi believes the duty of journalists is to serve the truth.

We believe the agencies of mass communication are carriers of public discussion and information, acting on their Constitutional mandate and freedom to learn and report the facts.

We believe in public enlightenment as the forerunner of justice, and in our Constitutional role to seck the truth as part of the public's right to know the truth.

We believe those responsibilities carry obligations that require journalists to perform with intelligence, objectivity, accuracy and fairness.

To those ends we declare acceptance of the standards of practice hers set forth.

● **Responsibility**

The public's right to know of events of public importance and interest is the overriding mission of the mass media. The purpose of distributing news and enlightened opinion is to serve the general welfare. Journalists who use their professional status as representatives of the public for selfish or other unnorthy motives violate a high trust.

● **Freedom of the press**

Freedom of the press is to be grarded as an



www.pathagar.com

inalienable right of people in a free society. It carries with it the freedom and the responsibility to discuss, question and challenge actions and utterances of our government and our public and private institutions. Journalists up hold the right to speak unpopular opinions and the privilege to agree with the majority.

● **Ethics**

Journalists mist be free of obligations to any interest other than the public's right to know the truth.

1. Gifts, favours, free travel, special treatment or privileges can compromise the integrity of journalists and their employers. Nothing of value should be accepted.

2. Secondary employment, political involvement, holding public office and service in community organizations should be avoided if it compromisses the integrity of journalists and their employers. Journalists and their employer's should conduct their professional lives in a maner which protects them from conflict of interest, real of apparent. Their responsibilities to the public are paramount. This is the nature of the profession.

3. So-Called news communications from private sources should not be published or broadcast wihtout substantiation of their claims to news value.

4. Journalists will seek news that serves the public interest, despite the obstacles. They will make constant efforts to assure that the public's business is conducted in public and that public records are open to public inspection.

5. Journalist acknowledge the newsman's ethic of protecting confidential sources of information.

6. Plagiarism is dishonest and unacceptable.

● **Accuracy and objectivity**

Good faith with the public is the foundation of all worthy journalism.


www.pathagar.com

1. Truth is our ultimate goal.

2. Objectivity in reporting the news is another goal which serves as the mark of an experienced professional. It is a standard of performance toward which we strive. We honour those who achieve it.

3. There is no excuse for inaccuracies or lack of thoroughness.

4. Newspaper headlines should be fully warranted by the contents of the articles they accompany. Photographs to telecasts should give a accurate picture of an event and not highlight a minor incident out of context.

5. Sound practice makes clear distinction between news reports and expressions of opinion, News reports should be free of opinion or bias and represent all sides of an issue.

6. Partisanship in editorial comment which knowingly departs from the truth violates the spirit of Acerican journalism.

7. Journalists recognize their responsibility for offering informed analysis, comment and editorial opinion on public events and issues. They accept the obligation to present such material by individuals whose competence, experience and judgement qualify them for it.

8. Special articles or presentations devoted to advocacy or the writer's own conclusions and interpretations should be labeled as such.

● **Fair play**

Journalists at all times will show respect for the dignity, privacy, rights and well-being of people encountered in the course of gathering and presenting their news.

1. The news media should not communicate unofficial charges character without giving the accused a chance to reply.

2. The news media must guard against invading a person's right to privacy.


www.pathagar.com

3. The media should not pander to morbid curiosity about details of vice and crime.

4. It is duty of news media to make prompt and complete correction of their crime.

5. Journalists should be accountable to the public for their reports and the public should be encouraged to voice its grievances against the media, Open dialogue with or readers, viewers and listeners should be fostered.

● **Pledge**

Journalists should actively censure and try to prevent violations of these standards, and they should encourage their observance by all newspeople. Adherence to this code of ethics is intended to preserve the bond of mutual trust and respect between American journalists and the American people.

**United Kingdom**

● **Code of Professional Conduct**

Adopted by the Annual Delegate Meeting of the National Union of Journalists of the Untited Kingdom and Ireland on 4 April 1987.

Like other trade unions, formed for mutual protection and economic betterment, the National Union of Journalist desires and encourages its members to maintain good quality of work and high standards of conduct.

Through the Years of courageous struggle for better wages and working conditions its pioneers and their successors have kept these aims in mind, and have made provision in Union rules not only for penalties offenders, but for the guidance and financial support of member who may suffer loss of work for conforming to Union principles.

While punishment by fine, suspension of expulsion is provided for cases of "conduct detrimental to the interests of the Union or the profession," any members who is victimised Rule 20, clause (g) for refusing to do


www.pathagar.com

work...." incompatible with the honour and interests of the profession" may rely on adequate support form Union funds.

A members of the Union has two claims on his/her loyalty one by his/her Union and one by his/her employer. These need not clash so long as the employer complies with the agreed Union conditions and make no demand for forms of service incompatible with the honour of the profession or with the principle of trade unionism.

1. A journalist has duty to maintain the highest professional and ethical standard.

2. A journalist shall at all times defend the principle of the freedom of the Press and other media in relation to the collection of information and the expression of comment and criticism. He/she shall strive to climinate distortion, news suppression and censorship.

3. A journalist shall strive to ensure that the information he/she disseminates is fair and accurate, avoids the expression of comment and conjecture as established fact and falsification by distortion, selection or misrepresentation.

4. A journalist shall rectify promptly any harmful inaccuracies, ensure that collection and apologies receive due prominence and afford the right of reply to persons criticised when the issue is of sufficient importance.

5. A journalist shall obtain information, photographs and illustrations only by straight forward means. The use of other means can be justified only by overriding consideration of the public interest. The journalist is entitled to exercise a personal conscientious objection to the use of such means.

6. Subject to justification by over-riding considerations of the public interest, a journalist shall do nothing which entails intrusion into private grief and distress.

7. A journlist shall protect confidential sources of information.


www.pathagar.com

8. A journalist shall not accept bribes nor shall he/she allow other inducements to influence the performance of his/her professional duties.

9. A journalist shall only mention a person's race, colour, creed, illegitimacy, marital status or lack of it, gender or sexual orientation if this information is striectly relevant. A journalist shall neither originate nor process material which encourages discrimination on any of the above mentioned grounds.

10. A journalist shall not take private advantages of information gained in the course of his/her duties, before the information is public knowledge.

11. A journalist shall not by way of statement, voice or appearance endorse by advertisement any commercial product or service save for the promotion of his/her own work or of the medium by which he/she is employed.

**FRANCE**

**Declaration of Ethical Principles of the jouralis profession**

**Proposed in the preamble to the National Collect: Agreement**

● **Preamble**

The freedom of information and of the press is a fundamental right of people and the comerstone of all freedoms enshrined in the Charter of the United Nations Organization and the Universal Declaration of Human Rights. It is guaranteed by the French Constitution.

Consequently, the signatoreis of this agreement proclaim their will to observe and to cause the principles of this declaration to be freely observed by all members of the professional organizations the represent and in particular all those who are entrusted with gathering, transmitting, disseminating or commenting the needs and information, with reporting in writing, speaking or otherwise the current development.



www.pathagar.com

● **Article 1**

The journalists and newspaper directors will try to do their best to provide the public with only true and undistorted information. They are obliged to verify in the best possible way each piece of information, not voluntarily omit any essential aspect, not to deliberately distort anything. They renounce to invoke an imaginary title or quality and in general to make use of disloyal means to get information, acquire a document or take advantages of the good faith of somebody.

● **Article 2**

A journalist worthy of the name considers slander, unfounded accusations,alteration of documents distortion of facts, and lying to be the most serious professional misconduct, he shall not receive money in a public service or a private enterprise where his status of journalist, his influence and his relations may be made use of. He abstains from any plagiarism and states the names of his colleagues whose texts he reproduces. he demands the freedom to honestly publish his information, respects justice but does not confuse his role with that of a police officer.

● **Article 3**

The journalists and newspaper directors must accept only those tasks that are compatible win the integrity and dignity of the profession.

Those who make public any piece of information or commentary must assume the full responsibility for it unless they expressly decline this responsibility beforehand. They shall not tolerate this information or commentary be published under their name if the texts have been distorted. Those who will face accusations harming their morality or reputation shall enjoy the right to answer in harmony with the existing laws.

The journalists shall accept only such assignments that are compatible with his professional dignity. He



www.pathagar.com

renounces to invoke an imaginary title or quality, use disloyal means to get information or take advantages of the good faith of anybody. He pledges to respect the private life of all individuals.

Secrecy should be kept as regards the sources of information. All pieces of information handed over confidentially shall be covered by the professional secrecy which must be respected unless the person (s) involved explicitly authorizes (s) the journalists to quote his (their) names (s) or information has been provided by a person who knew it was untrue and who, in one way or another, misused the good faith of the journalist.

The journalist assumes responsibility for everything that he writes. He shall not use the freedom of the press for ulterior motives.

**● Article 4**

The journalist recognizes that the jurisdiction of his colleagues is the only one which is soveregin in matters of professional honour.

**JAPAN**

**● Canons of journalism**

Adopted by the Nihan Shinbun Kyakai in 1946 Sphere of News Reporting and Editoral Writing. The freedom of news reporting and editorial writing should be bound by the following voluntary restrains.

1. The fundamental rule of news reporting is to convey facts accuratly and faithfully.

2. In reporting news the personal opinion of the reporter should never be inserted.

3. In treating news, one should always remember and be strictly on guard against possibility of such news being utilized for propaganda purposes.

4. Criticism of person should be limited to such as that which could be made direct in the face of the persons involved.

5. Partisanship in editorial comments, which



www.pathagar.com

knowingly departs from thr truch, does violence to the best spirit of journalism.

● **The principle of Editorial Comments**

An editorial comments should be a bold expression of the writer's belief and conviction and not a faltering speech. Futhermore, in writting an editorial comment, the writer should maintain the public spirit being a speaker for those who otherwise have no means of voicing their opinions. The characteristic of a newspaper a public organ should be best upheld in this field.

● **Impartiality**

The honour of an individual should be respected and procted as in the case of his other fundamental personal rights. Those who are to be criticised should be given the opportunity to defend themselves. Mistakes, if made, should be retracted immediately upon receipt of information that the article in question is false, and should be corrected.

● **Tolerance**

A fundamental principle of democracy recognizes that the freedom of individual assertion and counter-assertions, should be reflected clearly in editing newspapers space in introducing and reporting the policies which a newspaper opposes as it would give to other which it supports is the fundamental character of democratic newspapers.

● **Guidance, Responsibility and pride**

The principal difference between newspapers and other commercial enterprises is that newspapers in their reporting and editoral activities exercise great influence over the public. The public chiefly depend on newspapers as the source of information and the basis of their judgement of public events and problems. From


www.pathagar.com

this distinction arises the public character of journalists enterprises and the special social status of journalists. The realization of their responsibility and pride by journalists is fundamental in ensuring their special status. These two points must be observed by each individual journalist.

● **Decency**

A high sence of public is naturally required of newspapers because of their share in influencing public opninion. Such standard of decency can be achieved by abiding with the above mentioned principles. Newspapers and journalists, when they fail to observe those principles, will invite public condemnations and disapproval by other papers and journalists and in the end will be unable to operate or work. Therefore, all members of the Association should make efforts to co-operate and maintain a higher standard by promoting their moral unity, garanteeing free access to news material and assisting each other newspaper production. Thus, the association of Newspapers which strictly observes the Canons of journalism shall be able to accelearate and ensure the democratization of japan and simultancously elevate japanese to the world standard.

## American Society of Newspaper Editors
## A Statement of Principles

● **Preamble**

The First Amendment, protecting freedom, of expression from abridgment by any law, guarantees to the people through their press a constitutional right, and thereby places on newspaper people a particular responsibility.

Thus journalism demands of its practitioners not only industry and knowledge but also the pursuit of a standard of integrity proportionate to the journalist's singular obligation.

To this end the American Society of Newspaper



www.pathagar.com

Editors set forth this Statement of Principles as a standard encouraging the highest ethical and professional performance.

**● Article 1-Responsiblity**

The primary purpose of gathering and distributing news and opinion to serve the general welfare by informing the people and enabling them to make judgements on the issues of the time. Newspapermen and women who abuse the power of their professional role for selfish movtives or unwrothy purposes are faithless to that public trust.

The American press was made free to just to inform or just to serve as a forum for debate but also to bring an independent scrutiny to bear on the forces of power in the society, including the conduct of official power at all level of government.

**● Article II-Freedom of the Press**

Freedom of the press belongs to the people. It must be defended against encroahment or assault from any quarter, public or private.

Journalists must be constantly alert to see that the Public' because is conductcd in public. They must be vigilant against all who would exploint the press for selfish purpose.

**● Arcticle III—independence**

Journalists must avoid impropricty as well as any conflict of interest or the appearance of conflict. they should neither accept anything nor pursue any activity that might compromise or seem to compromise their integrity

**● Article IV—Truth and Accuracy**

Good faith with the reader is the foundation of good journalism. Every effort must be made to assure that the news content is accurate, free from bias and in


www.pathagar.com

context, and that all sides are presented fairly. Editorials, Analytical articles and commentary should be hold to the same standards of accuracy with respect to facts as news reports.

Significant errors of fact, as well as errors of omission, should be corrected promptly and prominently.

**● Article V-Impartiality**

To be impartial does not require the press to unquestioning or to refrain from editorial expression.

Some practice, however, demaads a clear distincition for the reader between news reports and opinion or perosnal interprctation should be clearly identified.

**● Article VI-Fair Play**

Journalists should respect the rights of people involved in the news observe the common standards of decency and stand accountable to the public for the fairness and accuracy of their news reports.

Persons publicly accused should be given the earlier opportunity to respond.

Pledges of confidentiality to news source must be honored at all costs, and therefore should not be given lightly. Unless there is clear and pressing need to maintain confidence, source of information should be indentified.

These principles are intended to preserve, protect and strengthen the bond of trust and respect between American journalists and the American people, a bond that is essential to sustain the grant of freedom entrusted to both by the nation's founders.

-adopted by the ASNE board of directors, Oct. 23 1975.


www.pathagar.com

# Consultation on Press. Systems in SAARC
### Kathmandu, Nepal 2-5 April 1991
## Recommendations and resolution.

● **Recommendation**

Philosophical and Legal tenets of the press Systems in SAARC countries.

The philosophical tenets of the press systmes in SAARC countries are derived from :

–The recognition of the diversity in the cultures and relgions beleifs of the countries in the region.

-the understanding of the impat of religious, social and cultural vaiucs existing in the region.

-The need to comperehend the popular perceptions and to articulate them.

-The need for the promotion of social values and pragmatism within socicty.

- the need to conribut towards national inteorgration and climination of tensions.

-The need for society to be better cquipped to bring about the well being of the people.

-The urge for the betterment of the quality of life of the individual in SAARC. countries while discarding negative impusles undermining the social and cultural fabric.

The influcce of tradition of heritage in the development of the society.

Based on these philosophical tenets, legal tenets are given expression through :

Assertion of the fundamental right of the freedom of throught and expression in the constitutions

- further evolution of codes of conduct consistent with individual faith and beliefs while reinforcing human rights.

● **Recommendation**

It is recommended that the information pertaining to fundamental human rights and obligations be widely disseminated to the peoples in the SAARC countries by the press. This in turn will make the people aware of their rights and obligations to society and help them to attain a better quality of news.



www.pathagar.com

# Role and Responsibility of the Press

**In SAARc countries**

The primary functions of the SAARC press are :

a, To assist in nation building and human resource development.

● **Resolution**

The Consultation on Press systems in SAARC countries held at kathmandu (April 2-5. 1991). attended by delegations, from Bangladesh, Bhutan, India, Maldives, Nepal, pakistan and Sri Lanka, has unaimously made the following recommendations for early consideration and implementation by the SAARC Secretariat;

1. To facilitate free and prompt movement of information, the accredited journalists of SAARC countries should be exempted from visa restrictions while travelling in the couhtries of the region.

2. TO ensure free and adequate flow of information, there should be a special concessional tariff for communication with SAARC countries.

3. To promote and encourage mutual interaction and interface, the SAARC Secretariat should assist profeessional bodies to hold regional seminars, **coloduia,** conferences and training programmes for media practitioners in the SAARC countries.

4. The SAARC Secretariat should set up a media Research and Documentation Centre for facilitation the development and expansion of media activity in the SAARC region.



www.pathagar.com

# সাংবাদিকতার–পরিভাষা
# (ইংরেজী–বাংলা)

**A**

absolute privilege — সর্বময় অধিকার
accuracy — যথার্থ
advertisement — বিজ্ঞাপন
advertisment manager — বিজ্ঞাপন-ব্যবস্থাপক
advertiser — বিজ্ঞাপনদাতা
agency, news — বার্তা-প্রতিষ্ঠান
angle, news — সংবাদ-দৃষ্টিকোণ
arrangement, news — সংবাদ-বিন্যাস
articles — নিবন্ধরাজি
article, feature — কাহিনী-নিবন্ধ
asceticism — তপশ্চর্যা

**B**

backgrounder — নেপথ্য সংবাদদাতা
background material — নেপথ্য উপকরণ
bad debt — কুঋণ
banner — ফলাও শিরোনাম
bi-weekly — অর্ধ-সাপ্তাহিক
black sheep — কালো ভেড়া
blasphemous — কলঙ্ককর
boards — পর্ষদ
Board of Trustees — অছি-পর্ষদ
bold type — বড় টাইপ, ভারী টাইপ
bold type-setting — বড় টাইপ-সজ্জা
box-story — বাঁধাই-কাহিনী
brain power — চিন্তাশক্তি
brevity — সংক্ষিপ্ততা
brilliantined — উজ্জ্বল
bureaux, news — বার্তা-ব্যুরো
butchering — জবাই
by-line — নামাঙ্কন
by way of Poland — বোহেমিয়ান কায়দায়

**C**

cap, letters — জ্যেষ্ঠ অক্ষর
caption — পরিচিতি
career — জীবনবৃত্তি
careerism — জীবনবৃত্তিবাদ
cartoon — ব্যঙ্গচিত্র
censor — নিরীক্ষা-নিষ্কাশন
censorship — নিরীক্ষা-নিষ্কাশন ব্যবস্থা
chief sub-editor — মুখ্য অবর-সম্পাদক
circulation, gross — সার্বিক প্রচার
circulation manager — ব্যবস্থাপক
city reporteer — নগর-প্রতিবেদক
clarity — বিশদ্ধতা
code — নীতিমালা
colloluial writing — কথ্য রচনা
column — স্তম্ভ
clolumn gossip — কথকতা-স্তম্ভ
columnist — স্তম্ভকার
columnist, keyhole — রূপক স্তম্ভকার
columnist, special — বিশেষ স্তম্ভকার
column rule — স্তম্ভরেখা
comic-strip — কৌতুক-কণিকা
commentator — ভাষ্যকার
communication — যোগাযোগ
communique, press — সংবাদ ইশতেহার
compilation — গ্রন্থনা
compilatin desk — সংবাদ গ্রন্থনা-পীঠ
compose — অক্ষর-বিন্যাস
conflict — বিরোধ, দ্বন্দ্ব



www.pathagar.com

consequence পরিণতি
contempt of court আদালত অবমাননা
copy লিপি
copy-editing লিপি-সম্পাদনা
copy-reader লিপি-পাঠক
copyright লিপিস্বত্ব
copytaster লিপি-পরীক্ষক
correspondent সংবাদদাতা
crime-story অপরাধ-কাহিনী
cross-hadline ক্রস-শিরোনাম
cub-reporter নবীশ প্রতিবেদক
cutting machine কাটনি-যন্ত্র

D

dailies দৈনিকী
data উপাত্ত
dateline সময়রেখা
deadline সময়ঘাত
decency ন্যায়ানুগতা
deck, single একক স্তর
declaration ঘোষণাপত্র
defamation মানহানি
desk সংবাদ-পিঠ
desk, editorial গ্রন্থনা-পীঠ
desk, news সংবাদ-পীঠ
despatch সংবাদ-প্রতিবেদন
diplomatic correspondent কুটনৈতিক সংবাদদাতা
display প্রদর্শন-কলা
display advertisement প্রদর্শনী বিজ্ঞাপন
displayman প্রদর্শন-কুশলী
distribution বিতরণ
dummy নক্‌শা, খসড়া
duplication অনুলিপি

E

eccentric উৎকেন্দ্রিক
editor, news বার্তা-সম্পাদক
editor, sub অবর-সম্পাদক
editorial desk গ্রন্থনা-পীঠ
editorial notes সম্পাদকীয় টীকা
editorial pagee সম্পাদকীয় পাতা
element উপকরণ
emotion আবেগ
enterprise উদ্যোগ
estate রাষ্ট্র
estate, fourth চতুর্থ রাষ্ট্র
ethics of journalism সাংবাদিকতা নীতিমালা
exchange বদলী
exclusive intervew একান্ত সাক্ষাৎকার
exclusiveness স্বকীয়ত্ব
exclusive news-story একান্ত সংবাদ-কাহিনী
eye catching appeal দর্শন আকর্ষণ

F

feature কাহিনী-নিবন্ধ
feature-article কাহিনী-নিবন্ধ
feature, human interest মানব আবেদনমূলক কাহিনী-নিবন্ধ
feature, mythological অতিকথা-মূলক কাহিনী-নিবন্ধ
feature, personality ব্যক্তিত্ব ভিত্তিক কাহিনী-নিবন্ধ
feature-photo নিবন্ধ-চিত্র
feature-story কাহিনী-নিবন্ধ



www.pathagar.com

fiction কল্প-রচনা
film critic চলচ্চিত্র-সমালোচক
fine writing পরিশীলিত লেখা
five w's one H ষড়-ক
flush-left বামস্পর্শক (শিরোনাম)
flush-right and left দক্ষিণ-বাম স্পর্শক (শিরোনাম)
follow-up অনুগামী কাহিনী
forecast পূর্বাভাস
foreign correspondent বিদেশস্থ সংবাদদাতা
fortnigntly পাক্ষিক
fourth estate চতুর্থ রাষ্ট্র
fraud তঞ্চক
freak headline খেয়ালী শিরোনাম
freedom of press সংবাদক্ষেত্রের স্বাধীনতা
freelance journalist স্বাধীন সাংবাদিক
front page প্রথম পাতা

G

gathering, news সংবাদ-সংগ্রহ
general manager মহা ব্যবস্থাপক
golden rule স্বর্ণ-সূত্র
gossip column কথকতা-স্তম্ভ
gross circulation সার্বিক প্রচার
guiding principle নির্দেশ-নীতি

H

handouts তথ্য-বিবরণী
heading শীর্ষক
heading, paragraph অনুচ্ছেদ-শিরোনাম
headline শিরোনাম
headline, cross ক্রস-শিরোনাম
headline, freak খেয়ালী শিরোনাম
headline, inverted pyramid উল্টো পিরামিড শিরোনাম
headline, label পরিচিতি-শিরোনাম
headline, multiple-decked বহুস্তর শিরোনাম
headline, sub উপশিরোনাম
headline, waistline কটিরেখ শিরোনাম
history on the wings চলন্ত ইতিহাস
hit-and-hit-style সরব ও উচ্চকিত পদ্ধতি
house journal ঘরোয়া সাময়িক
human interest মানব আবেদনমূলক
human interest feature মানব আবেদনমূলক কাহিনী-নিবন্ধ
human interest story মানব আবেদনমূলক কাহিনী

I

immediacy তাৎক্ষণিকতা
impartiality নিরপেক্ষতা
impliedly অন্তর্লীনভাবে
imprint line মুদ্রণ-লেখ-পংক্তি
indented কেন্দ্রীকৃত
individualism ব্যক্তিতাবাদ
informative তথ্যমূলক, সমৃদ্ধ
innuendo কটাক্ষ
inside page ভিতরের পাতা
instinct স্বতঃপ্রবৃত্তি
interpretative বিশ্লেষণমূলক
interpretor ভাষ্যকার
interview সাক্ষাৎকার
interviewee সাক্ষাৎকারদানকারী
interviewer সাক্ষাৎকার গ্রহণকারী
interviewing সাক্ষাৎকার গ্রহণ
into ভূমিকা
intuition স্বতঃজ্ঞান
inverted pyramid উল্টো পিরামিড
item, news সংবাদখণ্ড

J

journalism সাংবাদিকতা


www.pathagar.com

journalism, news বার্তা-সাংবাদিকতা
journalist সাংবাদিক
journalist, freelance স্বাধীন সাংবাদিক
journalist, working পেশাদার সাংবাদিক, কার্যরত সাংবাদিক

**K**

keyhole columnist রূপক স্তম্ভকার
killing হত্যা

**L**

label headline পরিচিতি-শিরোনাম
laboratory গবেষণাগার
Law of privacy একান্ততা আইন
layout অঙ্গসজ্জা, ছক
layoutman মুদ্রণ-পরিকল্পক
lead সংবাদ-শীর্ষ
leader শীর্ষ-সম্পাদকীয়
lead-story শীর্ষ-সংবাদ
lecturer প্রভাষক
letters, cap. জ্যেষ্ঠ অক্ষর
libel লিখিত কুৎসা
libel per quod কটাক্ষ-কুৎসা
libel per se স্বয়ংকুৎসা
light type হাল্কা টাইপ
link-shift সংযোগ-পালা
literature in a hurry সাত তাড়া-তাড়ির সাহিত্য
living laboratory স্বভাব গবেষণাগার
lower case style নিচু মুদ্রণ-শৈলী

**M**

make-up অঙ্গসজ্জা
make-up-man অঙ্গসজ্জাকার
malice বিদ্বেষ
man, layont মুদ্যণ-পরিকল্পক
man in the street ছিন্নমূল
managing editor ব্যবস্থাপক-সম্পাদক
market analysis বাজার-বিশ্লেষণ
material উপাদান
material, background নেপথ্য উপকরণ
memorandum of association সংঘপত্র
mid-shift মাঝের পালা
morality নৈতিকতা
multiple-decked headline বহুস্তর শিরোনাম
mythological feeature অতিকথা-মূলক কাহিনী-নিবন্ধ

**N**

national correspondent জাতীয় সংবাদদাতা
net circulation প্রকৃত প্রচার
news সংবাদ, খবর
news agency বার্তা-প্রতিষ্ঠান
news angle সংবাদ-দৃষ্টিকোণ
news arrangement সংবাদ-বিন্যাস
news bureaux বার্তা-ব্যুরো
news desk সংবাদ-পীঠ
news division বার্তা-বিভাগ
news dramatisation সংবাদ নাটকীয়করণ
news editor বার্তা-সম্পাদক
news feature সংবাদ-জীবন্তিকা
news gathering সংবাদ-সংগ্রহ
news gist সংবাদ-সার
news hounds সংবাদ-সন্ধানী
news item সংবাদ-খণ্ড
news-journalism বার্তা-সাংবাদিকতা
news-letter সংবাদ-চিঠি
news material সংবাদ-উপকরণ
news order সংবাদ-ক্রম
newspaper সংবাদ, খবরের কাগজ
newspaperman সংবাদ-প্রতিনিধি
news-peg বার্তা-কীলক
news-photo সংবাদচিত্র
news-photograph সংবাদচিত্র


www.pathagar.com

news-pool সংবাদকেন্দ্র
news repooting সংবাদ-প্রতিবেদন
news room সংবাদ-কক্ষ
news sense সংবাদ-চেতনা
news services সংবাদ-প্রতিষ্ঠান
news source সংবাদ-সূত্র
news story সংবাদ-কাহিনী
news story, exclusive একান্ত সংবাদ-কাহিনী
news summery সংবাদ-সংক্ষেপ
news treatment সংবাদ-বিচার
news value সংবাদ-মূল্য
newsworthy সংবাদ সম্ভাবনাপূর্ণ
news, scoop একক সংবাদ
news, straight - নিরপেক্ষ সংবাদ
news, purveyance of সংবাদ সংগ্রহপূর্বক সরবরাহ
non-news form of writing অসংবাদসুলভ লিখনরীতি

O

objectivity বস্তুনিষ্ঠ, বস্তুমুখিতা
obscene অশ্লীল
oddity চমৎকারিত্ব
out of date বাসী
overlines শীর্ষ-পরিচয়

P

paragraph heading অনুচ্ছেদ শিরোনাম
peace-perfect-peace-make up অনাড়ম্বর ও নীরব শৈলী
personality feature ব্যক্তিত্বভিত্তিক কাহিনী-নিবন্ধ
personality building ব্যক্তিত্ব নির্মাণ
personality element ব্যক্তিত্ব উপাদান
photo. feature নিবন্ধ-চিত্র
pictorial feature চিত্র-কাহিনী নিবন্ধ
plaintiff ফরিয়াদী
pool সংবাদ-সংগ্রহ কেন্দ্র
position অবস্থান
precision শব্দবাহুল্যহীনতা
press (the) সংবাদক্ষেত্র
press agentry সংবাদক্ষেত্রীয় প্রচারণা
press conference সাংবাদিক সম্মেলন
press communique সংবাদ ইশতেহার
pressman সাংবাদিক
press-message সংবাদ-বার্তা
print ছাপুন
printer মুদ্রাকর
privilege অধিকার
preduction routine উৎপাদন-ক্রম
prominence গুরুত্ব
promotion উন্নয়ন
proof-reading মুদ্রণিকা-সংশোধন
propaganda প্রচারণা
prosaic গৎবাঁধা
prospectus সম্ভাবনাপত্র
proximity নৈকট্য
public order জনশৃঙ্খলা
publisher প্রকাশক
public relation জনসংযোগ
publicity প্রচার
puff-writer চাটু লেখক
puff-stuff রঞ্জন-কাহিনী
punctuation যতি
purveyance of news সংবাদ-প্রচার

Q

qualified privilege শর্তাসাপেক্ষ অধিকার



www.pathagar.com

quarterly — ত্রৈমাসিক
quotes — উদ্ধৃতি

**R**

radio commentator — বেতার ভাষ্যকার
radio journalism — বেতার সাংবাদিকতা
rash — হঠকারী
realism — বাস্তববাদ
reference records — মৌলিক তথ্যসমৃদ্ধ গ্রন্থ, উপকরণ
reference library — রেফারেন্স গ্রন্থাগার
Regulatory provisions — রাষ্ট্রীয় নিরাপত্তা আইন
releases — সংবাদ-বিজ্ঞপ্তি
report — প্রতিবেদন
reporter — প্রতিবেদক
reporter, steno — সঙ্কেতলিপিকার প্রতিবেদক
Reuters world pool — রয়টারের বিশ্ব-সংবাদ পরিবেশন-বলয়
revelation — খবর
rewrite man — পূনর্লেখক
ring — বলয়
routine, production — উৎপাদন-ক্রম

**S**

scoop news — একক সংবাদ
screamer — সরব প্রদর্শন
scribe — বয়ানকারী
Secrets Act — গোপনীয়তা আইন
sedition — বিদ্রোহ
Sensationalisotion — রোমাঞ্চ বিলাস
shift — পালা
shift incharge — পালা-তত্ত্বাবধায়ক
shoddy writing — যাচ্ছেতাই লেখা
signpost — সতর্ক সঙ্কেত
single deck — একক স্তর
skill — দক্ষতা
slander — অপবাদ
slipshod writing — আলগা লেখা
sanake in the grass — ঘাসে ঘাপটি দিয়ে থাকা সাপ
space — ফাঁক
special columnist — বিশেষ স্তম্ভকার
special respresentative — বিশেষ প্রতিনিধি
special supplement — বিশেষ ক্রোড়পত্র
specialisd journalism — বিশেষজ্ঞিত সাংবাদিকতা
speach — কথা
speed — দ্রুততা
spoken language — কথকতার ভাষা
spot news — স্থানিক সংবাদ
staffer — নিজস্ব সংবাদদাতা
staff correspondent — নিজস্ব সংবাদদাতা
staff-writer — বেতনভুক লেখক
steno reporter — সঙ্কেত-লিপিকার প্রতিবেদক
stereo — মূদ্রণ-ফলক
story-teller — গল্প-কথক
straight news — নিরপেক্ষ সংবাদ
stubby — চাপা
stunt — চমক
style — শৈলী
subbing — অরর-সম্পাদনা
sub editing — অবর-সম্পাদনা
sub-editor — অবর-সম্পাদক
sub-editor, chief — মুখ্য অবর-সম্পাদক
sub-heads-headline — উপশিরোনাম
sub pense — উৎকণ্ঠা, বিস্ময়
symbol — চিহ্ন

**T**

tabloid — আকর্ষী পত্রিকা


www.pathagar.com

Tariff Board — শুল্ক পর্ষদ
terseness — তীক্ষ্ণতা
texture — বুনট
theme — মৌল-প্রতিপাদ্য বিষয়
thesis — গবেষণা-সার
timeliness — সময়ানুবর্তিতা
timely — সময়োচিত
tone — সুর
top — শীর্ষক
topic — বিষয়
tri-weekly — ত্রি-সাপ্তাহিক
type, bold — বড় টাইপ, ভারী টাইপ
type, light — হাল্কা শিল্প
typographer — অক্ষর-শিল্পী
typographical style — মুদ্রণ-কৌশল
typography — অক্ষরবিদ্যা
type-setting, bold — বড় টাইপ-সজ্জা

U

under graduate level — অবস্নাতক পর্যায়
understatement — অপর্যাপ্ত বর্ণনা
upper case style — উঁচু মুদ্যণ-শৈলী
usage — রচনারীতি

V

vested interest — কায়েমী স্বার্থ

W

war correspondent — সমর-সংবাদদাতা
watch-dog — অতন্দ্র প্রহরী
watch-word — মূলমন্ত্র
word — ভাষা
working journalist — পেশাদার সাংবাদিক
would-be journalist — হবু সাংবাদিক
writing — লেখা

* সাংবাদিকতার-পরিভাষা-

[বাংলা-ইংরেজী]

অ

অক্ষরবিদ্যা — typography
অক্ষর-বিন্যাস — compose
অক্ষর-শিল্পী — typographer
অঙ্গসজ্জা — layout, make-up
অছি-পর্ষদ — Board of Trustees
অতন্দ্র প্রহরী — watch-dog
অতিকথামূলক কাহিনী-নিবন্ধ — mythological featuree
অধিকার — privilege
অনাড়ম্বর ও নীরব শৈলী — peace-perfect-peace make-up
অনুগামী কাহিনী — follow-up
অনুচ্ছেদ শিরোনাম — paragraph heading
অনুলিপি — duplication
অন্তর্লীনভাবে — impliedly
অপবাদ — slander
অপরাধ-কাহিনী — crime-story
অপর্যাপ্ত-বর্ণনা — understatement
অবর-সম্পাদক — sub-editor
অবর-সম্পাদনা — subbing, sub-editing
অবস্নাতক পর্যায় — undergraduate level
অবস্থান — position
অর্ধস্থান — position
অর্ধসাপ্তাহিক — bi-weekly
অশ্লীল — obscene
অসংবাদসূলভ লিখনরীতি — non-news form of writing

আ

আকর্ষী পত্রিকা — tabloid
আদালত অবমাননা — contempt of court

আবেগ emotion
আলগা লেখা slipshod writing

ই

ইশতেহার communique

উ

উঁচু মুদ্রণ শৈলী upper case style
উজ্জ্বল brilliantined
উৎকণ্ঠা suspense
উৎকেন্দ্রিক eccentric
উদ্যোগ enterprise
উদ্ধৃতি quotes
উন্নয়ন promotion
উপকরণ reference records
উপশিরোনাম sub-heads, sub headline
উপাত্ত data
উপাদান material
উল্টো পিরামিড শিরোনাম inverted pyramid headline
উৎপাদন-ক্রম production routine

এ

একক সংবাদ scoop news
একক স্তর single deck
একান্ত সংবাদ-কাহিনী exclusive news-story
একান্ত সাক্ষাৎকার exclusive interview
একান্ততা আইন Law of privacy

ক

কটাক্ষ innuendo
কটাক্ষ কুৎসা libel per innuendo, libel per quod
কটিরেখ শিরোনাম waistline headline
কথকতার ভাষা spoken language
কথকতা স্তম্ভ gossip column
কথা speech
কথ্য রচনা colloquial writing
কলঙ্ককর blasphemous
কল্পরচনা fiction
কাটনি-যন্ত্র cutting machine
কায়েমী স্বার্থ vested interest
কালো ভেড়া black sheep
কাহিনী নিবন্ধ feature, feature-article; feature-story
কর্মরত সাংবাদিক working journalist
কুঋণ bad debt
কূটনৈতিক সংবাদদাতা diplomatic correspondent
কেন্দ্রীকৃত indented
কৌতুক-কণিকা comic strip
ক্রস-শিরোনাম cross-headline

খ

খবর nwes, revelation
খবরের কাগজ newspaper
খসড়া dummy
খেয়ালী শিরোনাম freak-headline

গ

গৎবাঁধা prosaic
গবেষণাগার laboratory
গবেষণা-সার thesis
গল্পকথক story-teller
গুরুত্ব prominence
গোপনীয়তা আইন Secrets Act

ঘ

ঘরোয়া সাময়িকী house journal
ঘাসে ঘাপটি দিয়ে থাকা সাপ snake in the grass
ঘোষণাপত্র declaration



www.pathagar.com

**চ**

চতুর্থ রাষ্ট্র — fourth estate
চমক — stunt
চমৎকারিত্ব — oddity
চলচ্চিত্র সমালোচনা — film critic
চলন্ত ইতিহাস — history on the wings
চাটু লেখক — puff-writer
চাপা — stubby
চিত্র-কাহিনী নিবন্ধ — pictorial feature
চিন্তাশক্তি — brain power
চিহ্ন — symbols

**ছ**

ছক — layout
ছাপুন — print
ছিন্নমূল — man in the street

**জ**

জনশৃঙ্খলা — public order
জনসংযোগ — public relation
জবাই — butchering
জাতীয় সংবাদদাতা — national correspondent
জীবনবৃত্তি — career
জীবনবৃত্তিবাদ — careerism
জ্যেষ্ঠ অক্ষর — cap. letter

**ত**

তঞ্চক — fraud
তথ্য বিবরণী — handouts
তথ্যমূলক, সমৃদ্ধ — informative
তপশ্চর্যা — asceticism
তাৎক্ষণিকতা — immediacy Tri weekly
ত্রি সাপ্তাহিক — terseness
তীক্ষ্ণতা — quarterly
ত্রৈমাসিক

**দ**

দক্ষতা — skill
দক্ষিণ-বাম স্পর্শক — flush right and left
দর্শন আকর্ষণ — eye catching appeal
দৈনিকী — dailies
দ্বন্দ্ব — conflict
দ্রুততা — speed

**ধ**

ধ্বনি — sound

**ন**

নক্সা — dummy
নগর প্রতিবেদক — city reporter
নবীশ-প্রতিবেদক — cub reporter
নামাঙ্কন — by-line
নিচু মুদ্রণ-শৈলী — lower case style
নিজস্ব সংবাদদাতা — staffer, staff correspondent
রেফারেন্স গ্রন্থাগার — reference library
নির্দেশ-নীতি — guiding principle
নিবন্ধ-চিত্র — feature photo
নিবন্ধরাজি — articles
নিরপেক্ষ সংবাদ — straight news
নিরপেক্ষতা — impartiality
নিরীক্ষা-নিষ্কাশন — censor
নিরীক্ষা-নিষ্কাশন ব্যবস্থা — censor ship
নীতিমালা — code
নেপথ্য উপকরণ — background material
নেপথ্য সংবাদদাতা — backgrounder
নৈকট্য — proximity
নৈতিকতা — morality

**প**

পরিচিতি — caption
পরিচিতি শিরোনাম — label headline
পরিণতি — consequence
পরিশীলিত লেখা — fine writing
পর্ষদ — board
পাক্ষিক — fortnightly
পালা — shift
পালা-তত্ত্বাবধায়ক — shift-incharge


www.pathagar.com

| | |
|---|---|
| পুনর্লেখক | rewrite-man |
| পূর্বাভাস | forecast |
| পেশাদার সাংবাদিক | working journalist |
| প্রকাশক | publisher |
| প্রকৃত প্রচার | net circulation |
| প্রচার | publicity |
| প্রচার-ব্যবস্থাপক | circulation manager |
| প্রচারণা | propaganda |
| প্রতিবেদক | reporter |
| প্রতিবেদন | report |
| প্রথম পাতা | fornt page |
| প্রদর্শন-কলা | display |
| প্রদার্শন-কুশলী | displayman |
| প্রদর্শনী-বিজ্ঞাপন | display advertisement |
| প্রভাষক | lecturer |
| **ফ** | |
| ফরিয়াদী | plaintiff |
| ফলাও শিরোনাম | banner, streamer |
| ফাঁক | space |
| **ব** | |
| বদলী | exchange |
| বলয় | ring |
| বস্তুনিষ্ঠতা, বস্তুমুখিতা | objectivity |
| বহুস্তর শিরোনাম | multiple-decked headline |
| বড় টাইপ | bold type |
| বড় টাইপ-সজ্জা | bold type-setting |
| বয়ানকারী | scribe |
| বাঁধাই-কাহিনী | box-story |
| বাম-স্পর্শক | flush-left |
| বার্তা-কীলক | news-peg |
| বার্তা-প্রতিষ্ঠান | news-agency |
| বার্তা-ব্যুরো | news-bureaux |
| বার্তা-সম্পাদক | news-editor |
| বার্তা-বিভাগ | news division |
| বার্তা-সাংবাদিকতা | news journalism |
| বাসী | out of date |
| বাস্তববাদ | realism |
| বিজ্ঞাপন | advertisement |
| বিজ্ঞাপন-দাতা | advertiser |
| বিজ্ঞাপন-ব্যবস্থাপক | advertisement manager |
| বিতরণ | distribution |
| বিদেশস্থ সংবাদদাতা | foreign correspondent |
| বিদ্বেষ | malice |
| বিদ্রোহ | sedition |
| বিরোধ | conflict |
| বিশদতা | clarity |
| বিশেষ ক্রোড়পত্র | special representative |
| বিশেষ প্রতিনিধি | special |
| বিশেষ স্তম্ভকার | special columnist |
| বিশেষজ্ঞিত সংবাদিকতা | specialized journalism |
| বিশ্লেষণমূলক | interpretative |
| বিষয় | topic |
| বিস্ময় | suspense |
| বুনট | texture |
| বেতনভুক লেখক | staf-writer |
| বেতার ভাষ্যকার | radio commentator |
| বেতার সংবাদিকতা | radio journalism |
| বোহেমিয়ান কায়দায় | by way of poland |
| ব্যক্তিত্ব উপাদান | personality element |
| ব্যক্তিত্ব নির্মাণ | personality building |
| ব্যবস্থাপক সম্পাদক | managing editor |
| **ভ** | |
| ভারী টাইপ | bold type |
| ভাষা | word |
| ভাষ্যকার | commentator, interpretor |
| ভিতরের পাতা | inside page |
| ভূমিকা | intro |
| **ম** | |



www.pathagar.com

| | |
|---|---|
| মহা ব্যবস্থাপক | general manager |
| মাঝের পালা | mid shift |
| মানব আবেদনমূলক কাহিনী-নিবন্ধ | human interest feature story |
| মানহানি | defamation |
| মুখ্য অবর-সম্পাদক | chief subeditor |
| মুদ্রণ-কৌশল | typographical style |
| মুদ্রণলেখ-পংক্তি | imprint line |
| মুদ্রণ-পরিকল্পক | leyoutman |
| মুদ্রণফলক | stereo |
| মুদ্রণিকা সংশোধন | proof reading |
| মুদ্রাকর | printer |
| মূলপাঠ | text |
| মূলমন্ত্র | watchword |
| মৌল প্রতিপাদ্য বিষয় | theme |
| মৌলিক তথ্যসমৃদ্ধ গ্রন্থ | reference records |

য

| | |
|---|---|
| যতি | punctuation |
| যাচ্ছেতাই লেখা | shoddy writing |
| যথার্থ্য | accuracy |
| যোগাযোগ | communication |

র

| | |
|---|---|
| রচনা-রীতি | usage |
| রঞ্জন-কাহিনী | puff-stuff |
| রাষ্ট্র | estate |
| রূপক স্তম্ভকার | keyhole columnist |
| রোমাঞ্চবিলাস | Sensationalisation |

ল

| | |
|---|---|
| লিখিত কুৎসা | libel |
| লিপি-পাঠক | copyreader |
| লিপি-সম্পাদনা | copy-editing |
| লিপিস্বত্ব | copyright |
| লেখা | writing |

শ

| | |
|---|---|
| শব্দবাহুল্যহীনতা | precision |
| শর্তসাপেক্ষ অধিকার | qualified privilege |
| শিরোনাম | headline |
| শীর্ষক | heading, top |
| শীর্ষ পরিচয় | overlines |
| শীর্ষ-সংবাদ | lead story |
| শীর্ষ-সম্পাদকীয় | leader |
| শুল্ক-পর্ষদ | Tariff Board |
| শৈলী | style |

ষ

| | |
|---|---|
| ষড়-ক | five Ws one H |

স

| | |
|---|---|
| সংক্ষিপ্ততা | brevity |
| সংঘপত্র | memorandum of association |
| সংবাদ | news |
| সংবাদ ইশতেহার | press communique |
| সংবাদ-উপকরণ | news material |
| সংবাদ-কক্ষ | news-room |
| সংবাদ-কাহিনী | news-story |
| সংবাদ- কেন্দ্র | news-pool |
| সংবাদ-ক্রম | news-order |
| সংবাদ-ক্ষেত্র | the press |
| সংবাদক্ষেত্রের স্বাধীনতা | freedom of press |
| সংবাদক্ষেত্রীয় প্রচারণা | press agentry |
| সংবাদখণ্ড | news item |
| সংবাদ গ্রন্থনা-পীঠ | compilation desk |
| সংবাদ-চিঠি | newsletter |
| সংবাদ- চেতনা | news-photo, news |
| সংবাদ-জীবন্তিকা | photograph |
| সংবাদ দাতা | news-sense |


www.pathagar.com

সংবাদ-দৃষ্টিকোণ news angle
সংবাদ-পত্র newspaper
সংবাদ-পীঠ desk, news desk
সংবাদ-প্রচার purveyance of news
সংবাদ-প্রতিনিধি newspaperman
সংবাদ-প্রতিবেদন news report, -ing, despatch
সংবাদ-প্রতিষ্ঠান news services
সংবাদ-বার্তা press message
সংবাদ-বিজ্ঞপ্তি releases
সংবাদ-বিচার news treatment
সংবাদ-বিন্যাস news arrangement
সংবাদ-মূল্য news value
সংবাদ-সংক্ষেপ news summery
সংবাদ-সংগ্রহ news gathering
সংবাদ-সংগ্রহ- কেন্দ্র pool
সংবাদ-সন্ধানী news hounds
সংবাদ-সম্ভাবনাপূর্ণ newsworthy
সংবাদ-সার news-gist
সংবাদ-সূত্র news source
সংবাদ-শীর্ষ lead
সংযোগ পালা link-shift
সঙ্কেতলিপিকার প্রতিবেদক steno-reporter
সতর্ক সঙ্কেত signpost
সর্বময় অধিকার absolute privilege
সময়ঘাত deadline
সময়রেখা dateline
সময়ানুবর্তিতা timeliness
সময়োচিত timely
সমর-সংবাদদাতা war correspondent
সম্পাদকীয় টীকা editorial notes
সম্পাদকীয় পাতা editorial page
সম্ভাবনা-পত্র prospectus
সরব ও উচ্চকিত পদ্ধতি hit-and hit-hard style
সরব প্রদর্শন screamer
সাক্ষাৎকার গ্রহণ interveiew
সাক্ষাৎকার গ্রহণকারী interviewing
সাক্ষাৎকার দানকারী interviewer
সাত তাড়াতাড়ির সাহিত্য literature in a hurry
সার্বিক প্রচার gross circulation
সাংবাদিক pressman, journalist
সাংবাদিক সম্মেলন press conference
সাংবাদিকতা journalism
সাংবাদিকতা নীতিমালা ethics of journalism
সুর tone
স্তম্ভ column
স্তম্ভকার columnist
স্তম্ভরেখা column rulu
স্থানিক সংবাদ spot news
স্বকীয়ত্ব exclusiveness
স্বতঃজ্ঞান intuition
স্বতঃপ্রবৃত্তি instinct
স্বভাব গবেষণাগার living laboratory
স্বয়ং কুৎসা libel per se
স্বাধীন সাংবাদিক free lance journalist

## হ

হঠকারী rash
হত্যা killing
হবু সাংবাদিক would be journalist
হাল্কা টাইপ light type


www.pathagar.com

## ● সাংবাদিকতার পরিভাষার ব্যাখ্যা

**এড** (Ad)–ইংরেজি Advertisement (বিজ্ঞাপন)-এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে এড। সোজা কথায় বিজ্ঞাপন।

**এড** (Add)–কোন মূল সংবাদের সঙ্গে বাড়তি কোন অংশ সংযুক্ত করার জন্য কম্পোজিটর (Compositor) বা কম্পিউটার অপারেটরদের (Operator) প্রতি নির্দেশকে এড (Add) বলে।

**এডভান্স** (Advance)–ভবিষ্যতে কোন বড় ধরনের ঘটনা ঘটতে পারে। সে সংক্রান্ত আগাম রিপোর্ট। কোন অবহেলার কারণে কোথাও একটা দুর্ঘটনা ঘটার আশংকা নিয়ে রিপোর্ট হতে পারে।

**অ্যাঙ্গল** (Angle)–কোন সংবাদ কাহিনীর দিকসমূহ। কোন সংবাদ ঘটনার অনেকগুলো দিক থাকে। রিপোর্টার তার পত্রিকা সংগঠনের পলিসি অনুসারে কোন সুনির্দিষ্ট দিক নিয়েই সাধারণ রিপোর্ট করে থাকেন।

**অ্যাসাইনমেন্ট** (Assignment)–পত্রিকার রিপোর্টারদের জন্য প্রদত্ত নির্দিষ্ট কাজের দায়িত্বকে অ্যাসাইনমেন্ট বলে। যেমন, একজনকে নির্বাচনী খবর সংগ্রহের জন্য নির্বাচন কমিশনে যেতে বলা হলো।

**ব্যাংক** (Bank)–কোন শিরোনামের নিচের ভাগকে ব্যাংক বলে। অর্থাৎ শিরোনামের দুটো অংশ থাকলেই কেবল নিচের অংশটি ব্যাংক বলে অভিহিত হয়।

**ব্যানার** (Banner)–সারা পৃষ্ঠা জুড়ে অর্থাৎ প্রথম কলাম থেকে শুরু করে অষ্টম কলাম পর্যন্ত বিস্তৃত মোটা হরফে সজ্জিত শিরোনামকে ব্যানার বলে। ব্যানার অবশ্য ছয় কলামেও হয়। ব্যানারকে বাংলায় ফলাও শিরোনাম বলে।

**বীট** (Beat)–একজন রিপোর্টার যখন কোন সুনির্দিষ্ট এলাকা বা বিষয়ের ওপর সংবাদ সংগ্রহ করেন তাকে বীট বলে। এটা রিপোর্টারদের অ্যাসাইনমেন্টের একটি অংশ।

এছাড়া প্রতিপক্ষ সংবাদপত্রের আগেই কোন সংবাদ ঘটনা সংগ্রহ করাকেও বীট বলে।

**ব্ল্যাংকেট** (Blanket)–মুদ্রণযন্ত্রের একটি অংশের নাম ব্ল্যাংকেট। এটি হচ্ছে কোন প্রাকৃতিক বা সিনথেটিক রাবারের তৈরি একটি শীট যা মুদ্রণযন্ত্রের একটি সিলিন্ডারের চারপাশে মোড়ানো থাকে। মুদ্রণযন্ত্র চালু করলেই তেল-পানি মাখানো লেখা ও ছবির প্লেট মোড়ানো সিলিন্ডারটি একটি ঘুরপাক খেলেই লেখা ও ছবিগুলোর ছাপ উল্টোভাবে গিয়ে পড়ে ওই রাবার ব্ল্যাংকেটে। আবার সেই



www.pathagar.com

ব্ল্যাংকেটটি একটি ঘুরপাক খেতেই স্বাভাবিকভাবে রেখা ও ছবির ছাপ পড়ে নিউজপ্রিন্ট বা কাগজের গায়ে; যা আমরা পরে ও দেখে থাকি।

**ব্লক** (Block)– সাধারণ আগেকার দিনে কোন ধাতব প্লেটের ওপর খোদাই করে (etching or engraving) কোন মানুষ বা জীবজন্তুর ছবি বা অন্য কোন নকশা অংকনকে ব্লক বলতো। ছবির প্রতিরূপ উৎপাদনের ব্যবস্থায় সর্বাধুনিক প্রযুক্তি চলে আসায় ব্লকের মাধ্যমে ছবি তৈরি করার রীতি প্রায় চলে গেছে।

**বডি টাইপ** (Body type)– যে টাইপ হরফে সাধারণ সংবাদ কাহিনীর শরীর নির্মাণ করা হয় তাকে বডি টাইপ বলে।

**ব্লোআপ** (Blowup)–কোন ছবিকে বড় করাকে ব্লোআপ বলে।

**বয়েল ডাউন** (Boil down)–সংবাদের কপি কাটছাঁট করাকে বয়েল ডাউন বলে।

**বক্স** (Box) ছোট্ট অথচ কোন মজাদার বা শোকাবহ সংবাদ কাহিনীর চারপাশে রুল টেনে অর্থাৎ রেখাবেষ্টিত করে দেয়াকে বক্স বলে। আর রেখাবেষ্টিত সংবাদ কাহিনীকে বক্স স্টোরি (Box story) বলে।

**বুলেটিন** (Bulletin)–শেষ মুহূর্তের কোন তাৎপর্যপূর্ণ সংবাদকে বুলেটিন বলে। সংক্ষিপ্ত সরকারি ঘোষণা বা ইশতেহারকেও বুলেটিন বলে।

**বোল্ড ফেস বা বোল্ড** (Bold face or Bold)–মোটা ধরনের টাইপ বা হরফকে বোল্ড ফেস বা বোল্ড বলে। অর্থাৎ পাতলা ধরনের টাইপের থেকে মোটা ধরনের টাইপ। শিরোনাম বা উপ-শিরোনাম (Sub-heading) প্রভৃতির ওপর গুরুত্বারোপ করার জন্য বোল্ড টাইপ ব্যবহার করা হয়।

**বাইলাইন** (Byline)–প্রকাশিত কোন সংবাদ কাহিনী বা বিবরণীর উপরিভাগে প্রকাশিত ওই সংবাদ লেখক বা রিপোর্টারের নাম। রিপোর্টারের নাম সম্বলিত কোন সংবাদ কাহিনীকে Bylined story বা সনাম রিপোর্ট বলে।

**ক্যাপস** (Caps)–ইংরেজি পত্রিকার ক্ষেত্রে Capitals (বা বড় অক্ষরে লিখতে হবে)-এর সংক্ষিপ্তাকার।

**ক্যাপশন** (Caption)–সংবাদপত্র প্রকাশিত কোন ছবি, নকশা কিংবা ছবির পরিচিত বা পরিচিতি ব্যাখ্যা।

**ক্রেডিট লাইন** (Credit line)–সংবাদ আসে বিভিন্ন উৎস থেকে। সংবাদ কাহিনীতে সেই উৎসের নাম উল্লেখ করাকে ক্রেডিট লাইন বলে যেমন 'বাসস' কোন কাহিনী কভার করেছে।

**কভার** (Cover)–কোন সংবাদ ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ কিংবা


www.pathagar.com

কোন সংবাদ ঘটনা বা কাহিনীর জন্য দায়িত্ব নেয়াকে কভার বলে।

**ক্যাচলাইন** (Catchline)–কোন সংবাদ কাহিনী বিশেষ সংবাদ সংস্থাগুলোর প্রণিত সংবাদ বিবরণীর শীর্ষে একটা দুটো শব্দের মাধ্যমে ওই সংবাদ বিবরণীর একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয়।

**ক্রুসেড** (Crusade)–কোন সুনির্দিষ্ট বিষয় বা ইস্যুকে ভিত্তি করে কোন সংস্কার বা উন্নতিমূলক ক্ষেত্রে সংবাদপত্রের আন্দোলন বা প্রচারভিযানকে ক্রুসেড বলে। যেমন, মুক্তিযুদ্ধের চেতনা ফিরিয়ে আনার জন্য অনেক সংবাদ পত্রই প্রচারণামূলক কাজ করছে।

**কাব** (Cub)–সাংবাদিকতা পেশায় একেবারে নবীন শিক্ষার্থীকে কাব বলে।

**কাট** (Cut)–পুরানো পদ্ধতিতে তৈরি ছবিকে কাট বলে। অর্থাৎ ছবি, নকশা ইত্যাদির ব্লককে কাট বলে।

**ক্লাসিফাইড** (Classified)-ছোট ধরনের এমন বিজ্ঞাপন আছে যা শুধুমাত্র ছোট ধরনের টাইপ ও শ্রেণীবদ্ধ বা বিধিবদ্ধ বিষয়ের সংমিশ্রণে গঠিত সেটাই ক্লাসিফাইড বিজ্ঞাপন। যেমন-বাড়িভাড়া, ফ্ল্যাট বিক্রয় প্রভৃতি। এ ধরনের বিজ্ঞাপনে বড় ধরনের হরফ বা অন্য কোন ধরনের বাহারি প্রদর্শন (Display) থাকে না।

**ক্রপিং** (Cropping)–সংবাদপত্রের ছবিকে কাটছাঁট করে প্রয়োজন অনুযায়ী ছোট বড় করাকে ক্রপিং বলে।

**কাটিংস** (Cuttings)–পত্রপত্রিকাগুলো থেকে কোন বিষয় বা ব্যক্তিত্বের ওপর কেটে তা সংবাদপত্র অফিসের গ্রন্থাগারে সংরক্ষণের কাজকে কাটিংস বলে। যুক্তরাষ্ট্রে এই কাজের নাম ক্লিপিংস।

**ডাটা ব্যাংক** (Data bank)–কম্পিউটার স্টোরে রক্ষিত তথ্য বা উপাত্তের (Data) সংগ্রহশালাকে ডাটা ব্যাংক বলে।

**ডেটলাইন** (Dateline)–যে স্থান থেকে কোন সংবাদ কাহিনী পাঠানো হচ্ছে সেই স্থানের নাম ও তারিখকে ডেটলাইন বলে। সাধারণত অস্থানীয় সংবাদের ক্ষেত্রেই স্থান ও তারিখ উল্লেখ করতে হয়।

**ডেডলাইন** (Deadline)– যে চূড়ান্ত সময়ের মধ্যে (বিশেষত মধ্যরাতে) সংবাদ কাহিনী বা ভাষ্য লেখা শেষ করতে কিংবা কোন সংবাদ কাহিনী বা ভাষ্য কম্পোজিং বিভাগে কম্পোজ করার জন্য গৃহীত হবে।

**ডেক** (Deck)–এ হচ্ছে শিরোনামের অংশবিশেষ। বিশেষত কোন মূল শিরোনামের সহায়ক ও ওপরের অংশ।

**ডিসপ্লে এডস্** (Display ads)–এটা হচ্ছে সাধারণ বড় ধরনের বা



www.pathagar.com

আকারের বিজ্ঞাপন। যাতে বিভিন্ন নকশা, চিত্র বা ছবি থাকে। এসব ডিসপ্লে সাধারণত বিজ্ঞাপনী সংস্থাগুলোই সরবরাহ করে থাকে। ডিসপ্লে বিজ্ঞাপন হচ্ছে ক্লাসিফাইড বিজ্ঞাপনের বিপরীতধর্মী।

**ডিসপ্লে টাইপ (Display line)**–সাধারণত বড় আকারের টাইপ বা হরফকে ডিসপ্লে টাইপ বলে। বড় টাইপগুলোর অবয়ব বিভিন্ন আকারে ও সুন্দর করে তৈরি করা থাকে।

**ডামী (Dummy)**–সংবাদপত্রের কোন পৃষ্ঠার জন্য লে-আউট বা পরিকল্পনার নকশাকে ডামী বলে।

**ডট (Dot)**–হাফটোন প্লেটে ছবি পুনরুৎপাদনের জন্য ব্যবহৃত যে ফোঁটা বা উপাদান।

**ড্রপ লেটার (Drop letter)**–এহচ্ছে অপেক্ষাকৃত বড় আকারের হরফ যা কোন সংবাদ কাহিনী বা ভাষ্যের প্রথম শব্দের প্রথম অক্ষরে ব্যবহার করা হয় এবং এই হরফ নিচের দিকে দুই থেকে তিন লাইন পর্যন্ত বিস্তৃত হয়। ড্রপ লেটার দিয়ে শুরু করলে দেখতে সুন্দর লাগে।

**ইয়ার্স (ears)**–সাধারণত প্রথম পৃষ্ঠার দুই কোণায় অর্থাৎ পত্রিকার নামফলকের দু'পাশে অপেক্ষাকৃত ছোট বিজ্ঞাপন প্রতিস্থাপনের জন্য রক্ষিত ছোট বক্স।

**ইএম বা এম (Em)**–একই পয়েন্টের এমন হরফ যা পাশে ও লম্বায় সমান জায়গা দখল করে। আগেকার দিনের হরফমালায় ইংরেজি বড় হাতের 'M' অক্ষরটি এমনভাবে তৈরি হতো যা আড়েপাশে সমান ছিল।

এছাড়া ১২ পয়েন্টের সমান পরিমাপের একটি স্ট্যাণ্ডার্ড ইউনিট হচ্ছে এম। একে পাইকা 'এম' ও বলে। আবার 'মাটন' ও বলে।

**ইএন বা এন (En)** – একটি এমের অর্ধেক জায়গা দখলকারী আড়েপাশে সমান হরফকে ইএন বা এন বলে এটা 'নাট' হিসাবেও পরিচিত।

**এমবার্গো (Embargo)**– কোন সংবাদ কাহিনী বিশেষ করে সরকারের তথ্য বিবরণী যে নির্ধারিত সময়সীমার আগে প্রকাশিত হবে না বলে বিধিনিষেধকে এমবার্গো বলে।

**এক্সক্লুসিভ (Exclusive)**– কোন একদিন একটি মাত্র সংবাদপত্রে প্রকাশিত কোন সংবাদ কাহিনীর নাম এক্সক্লুসিভ স্টোরি। বাংলায় একে বলে একান্ত সংবাদ কাহিনী। কোন রিপোর্টারের সম্পূর্ণ নিজের প্রচেষ্টার ফল হচ্ছে এই ধরনের সংবাদ।

**ফেস (Face)**– এ হচ্ছে সংবাদপত্রে ব্যবহার্য মুদ্রাক্ষরের আকৃতি। এ হচ্ছে



www.pathagar.com

কোন টাইপ বা মুদ্রাক্ষর অথবা প্লেটের একটা অংশ যা কাগজে ছাপ সৃষ্টি করে।

**ফিচার** (Feature) –মানবিক আবেদন সৃষ্টিকারী বিবরণী। অবশ্য এটা কোন খবর নয়। কারণ এতে খবরের কোন অবদান নেই বরং কোন খবরকে কেন্দ্র করেই এর রচনা। এ হচ্ছে এমন এক নিবন্ধ যাতে পূর্ব কথন থাকে। লেখকের ব্যক্তিগত মতামত থাকে। এ ধরনের লেখা ফিচার পাতায় লেখকের নামে প্রকাশিত হয়ে থাকে।

**ফ্ল্যাশ** (Flash)–কোন গুরুত্বপূর্ণ সংবাদ ঘটনার সর্বপ্রথম প্রাপ্ত ত্বরিত সংক্ষিপ্তকার বিবরণী। মাত্র সামান্য কয়েকটা শব্দে এ ধরনের জরুরী খবর দূর থেকে টেলিফোন অথবা টেলিপ্রিন্টারের চলে আসে। বাংলায় একে চকিত সংবাদ বলে।

**ফ্ল্যাগ** (Flag)–প্রথম পৃষ্ঠায় ব্যবহৃত সংবাদপত্রের নামকে ফ্ল্যাগ বলে, যেমন 'দৈনিক বাংলাদেশ'। এটাকে 'নেমপ্লেট' ও (Nameplate) বলে।

**ফ্রীল্যান্স** (Freelance)–ফ্রীল্যান্স হচ্ছেন এমন একজন সাংবাদিক যিনি কোন সংবাদপত্র প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত নন তবে তিনি বেশ কিছু সংবাদপত্র প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদায়ক হিসাবে কাজ করে থাকেন।

**ফলোআপ বা অনুবর্তি সংবাদ** (Follow up)–কোন প্রকাশিত সংবাদের পরবর্তী ঘটনাকে ফলোআপ বলে। একে কোন বড় সংবাদ কাহিনীর পরিপূরক সংবাদও বলে। এটাকে সেকেণ্ড স্টোরি বা দ্বিতীয় দিনের গল্পও বলা যায়।

**গসিপ কলাম** (Gossip Column)–কোন নামী সাংবাদিক বা লেখক তথা ব্যক্তিত্ব যিনি প্রায়শই তার নিজ নামে বা ছদ্মনামে যে কলাম লিখে থাকেন তাকে গসিপ কলাম বলে।

**হাফটোন** (Half tone)–স্ক্রীন ব্যবহারের মাধ্যমে হরফের মধ্যে সাদা কালোর একটা শেড বা আভা ফুটিয়ে তোলা যায়। এই শেড বা আভা বা বিন্দুর বৈপরীত্যই হচ্ছে হাফটোন। সংবাদপত্রে ছবি পুনরুৎপাদনের জন্যে এই হাফটোন পদ্ধতি ব্যবহার করা হয়।

**হ্যান্ড আউট বা তথ্য বিবরণী** (Handout)–প্রকাশের স্বার্থে সরকারের তথ্য বিভাগ বা অন্য কোন প্রতিষ্ঠানের প্রেরিত সংবাদ বিবৃতি বা বিবরণীকে হ্যাণ্ড আউট বা তথ্য বিবরণী বলে। এ ধরনের বিবরণীতে প্রেরকের পক্ষেই কথা বলা হয়ে থাকে।

**হাংগিং ইনডেন্ট** (Hanging indent)–এ হচ্ছে একাধিক লাইনের শিরোনাম অথবা প্যারাগ্রাফের লাইন বসানোর একটি কায়দা। অর্থাৎ প্রথম লাইনটি যদি পুরো কলাম জুড়ে হয়, তবে তার পরের লাইনটা এক 'এম' করে



www.pathagar.com

কম রেখে বসানো হয় অর্থাৎ দু'পাশে জায়গা ছেড়ে দিয়ে প্রথমটার তুলনায় ক্ষুদ্রাকার লাইন বসানো হয়।

**হিউম্যান ইন্টারেস্ট স্টোরি** (Human interest story)–কোন সংবাদে মানুষের আবেগকে বিশেষ সংবেদনশীল করে তোলা হলে ওই সংবাদকে মানব আবেদন সমৃদ্ধ সংবাদ বা হিউম্যান ইন্টারেস্ট স্টোরি বলে। এ ধরনের সংবাদ পড়ে পাঠক মনে মনে ভাবে, এটাতো আমারও হতে পারতো।

**হোল্ড** (Hold)–প্রস্তুতকৃত কোন সংবাদ কপির ওপর 'হোল্ড' (Hold) এই কথাটি লিখে নির্দেশ দেয়া হয় যে লেখাটি প্রস্তুত হলেও আপাতত পত্রিকায় প্রকাশিত হচ্ছে না।

**ইনসার্ট** (Insert)–কোন প্রধান সংবাদ কাহিনীর অংশে পরিণত করার উদ্দেশ্যে একটি সংক্ষিপ্ত বিষয় অথবা ঘটনাকে সেই সংবাদ কাহিনীর মাঝে সন্নিবেশন করাকে ইনসার্ট বলে।

**ইনডেক্স** (Index)–এর বাংলা পরিভাষা সূচীপত্র। পত্রিকার অন্যান্য পৃষ্ঠায় যে সব খবর বা অন্যান্য আইটেম ছাপা হয়েছে প্রথম পাতায় প্রকাশিত সেগুলোর সূচীপত্র।

**ইটালিক** (Italic)–এ হচ্ছে পত্রিকার পাতায় ব্যবহার্য বাহারি ধরনের হরফগুলোর একটি যা ডানদিকে একটু কাত হয়ে থাকে। বৈশিষ্ট্যমণ্ডিত কোন খবরকে তুলে ধরতে অথবা পত্রিকার পাতায় হরফগুলোর মাঝে বৈশিষ্ট্য তুলে ধরতেই ইটালিক হরফ ব্যবহার করা হয়।

**জার্গন** (jargon)–অপরিচিত শব্দ দিয়ে বাক্য বলার ধরনকে জার্গন বলে। একে অপভাষাও বলা যায়। অনেক সাংবাদিক এ ধরনের শব্দ ব্যবহার করতে চায়। অবশ্য সংবাদপত্রে অর্থহীন শব্দ ও বাক্য প্রয়োগের কোন অবকাশ নেই।

**কিল** (Kill)–ইতিমধ্যেই কম্পোজকৃত কোন সংবাদ কাহিনীকে পরিত্যাগ করার নির্দেশকে কিল বলে। অর্থাৎ কোন কারণে কোন সংবাদ কাহিনীর পুরোটা বা আংশিক বাদ দেবার নামই হলো কিল।

**লে আউট** (lay out)–লে আউট হচ্ছে সহ-সম্পাদকের পেন্সিলে অংকিত সংবাদপত্রের কটি ছক বা নকশা যা অনুসারে মেকআপ ম্যান পত্রিকার পাতা সাজান।

**লীড** (Lead)–কোন পত্রিকায় প্রকাশিত কোন দিনের প্রধান সংবাদ কাহিনী। সেই সংবাদটি সেদিন অন্যান্য খবরের তুলনায় বেশি প্রাধান্য পেয়ে থাকে। উল্লেখ্য, কোন সংবাদ কাহিনী তার নিজগুণেই শীর্ষ সংবাদে পরিণত হয়েছে।



www.pathagar.com

**লীডার** (Leader)–সংবাদপত্রের প্রধান সম্পাদকীয়কে লীডার বলে।

**লীডারেট** (leaderett)–সংবাদপত্রের দ্বিতীয় সম্পাদকীয়কে লীডারেট বলে।

**ল্যাগম্যান** (Legman)–যে ব্যক্তি সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত থাকেন মাত্র লেখেন না, তিনি লেগম্যান হিসেবে পরিচিত। তিনি একজন রিপোর্টারকে রিপোর্ট তৈরিতে সাহায্য করেন।

**লাইবেল বা অপলেখ** (Libel)–সাংবিধানিক রক্ষাকবচের আওতায় সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিত হলেও কোন সংবাদপত্রেই উদ্দেশ্যমূলক বা ইচ্ছাকৃত কিংবা অনিচ্ছাকৃতভাবেও কোন ব্যক্তি বা গোষ্ঠী অথবা কোন প্রতিষ্ঠানের সম্পর্কে কোন বিদ্বেষ বা মানহানিকর কথা বলতে বা লিখতে পারে না। মানহানিকর বিবৃতি অপলেখর (Libel) শামিল। অপলেখর বিরুদ্ধে সংশ্লিষ্টজন বা গোষ্ঠী বা প্রতিষ্ঠান কোন সংবাদপত্র বা তার সম্পাদক অথবা রিপোর্টারের বিরুদ্ধে মানহানিকর মামলা দায়ের করতে পারে।

**মাস্টহেড** (Masthead)–সাধারণত প্রথম পৃষ্ঠায় সংবাদপত্রের নামকে মাস্টহেড বলা হয়ে থাকে। কিন্তু এই বলাটা একেবারেই ভুল। সম্পাদকীয় পাতায় প্রধান সম্পাদকীয় বা লীডারের ওপরে প্রথম পাতার তুলনায় অপেক্ষাকৃত ছোট হরফে মুদ্রিত সংবাদপত্রের নামকে মাস্টহেড বলে।

**মাস্ট** (Must)–এ হচ্ছে এমন একটি সম্পাদকীয় আইটেম বা লেখা যা পরের দিন অবশ্য প্রকাশিত হবে। তবে অবশ্য প্রকাশযোগ্য যে কোন খবরের শিরোনামের পাশে 'Must' কথাটা লিখে দেয়া হয় যাতে সেটা পরের দিন প্রকাশিত হয়।

**মোর** (More)–কপি অসমাপ্ত রয়েছে এ রকম ইঙ্গিতকে মোর বলে। বিশেষত সংবাদ সংস্থায় অসমাপ্ত কপির নিচে মোর লেখা থাকে।

**মর্গ** (Morgue) –সংবাদপত্র অফিসের বিভিন্ন রেফারেন্স ফাইল ও অন্যান্য তথ্য রাখার স্থানকে মর্গ বলে।

**নেমপ্লেট** (Nameplate)– সংবাদপত্রের প্রথম পৃষ্ঠা প্রকাশিত কোন খবরের কাগজের নামকে নেমপ্লেট বলে।

**অফ দ্য রেকর্ড** (Off the record)–মুখে বলা হলেও যা ছাপা যাবে না তাকেই বলে অফ দ্য রেকর্ড। বিশেষত সংবাদ উৎস কোন রিপোর্টারকে কোন ঘটনা প্রসঙ্গে অনেক কথা বললেও কিছু কিছু অংশ তার ব্যক্তিগত বা পেশাগত কারণে প্রকাশে অনিচ্ছুক থাকেন।

**পাইকা** (Pica)–১২ পয়েন্টের মাপের মুদ্রাক্ষরকে পাইকা বলে।


www.pathagar.com

**পিক্স** (Pix)–ছবি বা পিকচারের (Pixture) সংক্ষিপ্ত রূপ হচ্ছে পিক্স বা (Pix) একে কাটও (Cut) বলে।

**পয়েন্ট** (Point)–মুদ্রাকার বা হরফ পরিমাপের একককে পয়েন্ট বলে। এক পয়েন্টে হচ্ছে এক ইঞ্চির ৭২ ভাগের এক ভাগ।

**পেগ বা নিউজ পেগ** (Peg or News peg)–পেগ বা নিউজ পেগের বাংলা পরিভাষা হচ্ছে বার্তা কীলক। অর্থাৎ যে বিষয়ে বা ভাবকে কেন্দ্র করে যে ওজর বা ছুতোর ছলে সম্পাদকীয় লেখা হয় তার নাম নিউজ পেগ।

**প্রুফ** (Proof)–কোন লেখার কম্পোজকৃত প্রাথমিক মুদ্রাছাপ, যা সংশোধন ও ব্যাকরণ এবং ভাষাগত খুঁটিনাটি অনুসন্ধান করার জন্য মুদ্রিত হয়।

**রিজিগ বা পুনর্বিন্যাস** (Rejig)– কোন সংবাদ কাহিনী লেখার পরও নতুন তথ্য আসতে পারে যা ওই কাহিনীর মধ্যে সন্নিবেশন করার প্রয়োজন হয় অথবা কাহিনী লেখার পরও তথ্যগত ও কাঠামোগত ভুলভ্রান্তি থাকতে পারে। এসবের সামঞ্জস্য বিধানের নামই হচ্ছে রিজিগ।

**রিরাইটিং বা পুর্নলেখন** (Rewriting)–একজন রিপোর্টার কোন কাহিনী লেখার পরও সম্পাদনা বিভাগে একজন সহ-সম্পাদকের কাছে তা এলোমেলো মনে হতে পারে। সেই সংবাদ কাহিনীর বিষয়বস্তুকে অক্ষুন্ন রেখে তা নূতন করে সাজিয়ে লেখার নামই রিরাইটিং বা পুনর্লেখন। এতে কপি আরো পাঠযোগ্য ও আঁটোসাঁটো হয়।

**রিটাচিং** (Retouching)–কোন ফটোগ্রাফ কিংবা সেই ফটোগ্রাফের নিগেটিভ বা পজেটিভের মধ্যে তুলির সাহায্যে কিছু আঁচড় কেটে সুন্দর করে তোলার প্রয়াসকে রিটাচিং বলে।

**স্ক্রীন** (Screen)–সংবাদপত্রের জন্য ব্যবহার্য কোন ছবির পুনরুৎপাদনের (reproduction) জন্য ডট বা (ফোঁটা) সম্বলিত কাচের ঝালর বা জালকে স্ক্রীন বলে। সংবাদপত্রগুলোতে সাধারণ ৫৫ বা ৬৫ ডটের স্ক্রীন ব্যবহার করা হয়।

**স্কুপ বা একান্ত কাহিনী** (Scoop)–এক্সক্লুসিভের (Exclusive) মতো স্কুপও হচ্ছে কোনদিন একটি মাত্রা কাগজে প্রকাশিত কোন রিপোর্টারের একান্ত কাহিনী।

**সাইডবার বা সাইড স্টোরি** (sidebar or side story)– মূল কোন সংবাদ ঘটনার সঙ্গে কিছু কিছু ছোটখাট ঘটনা জড়িয়ে তাকে। এই সমস্ত ঘটনা প্রায়ই মানবিক আবেদনসমৃদ্ধ হয়ে থাকে। এগুলোকেই সাইডবার বলে।

**স্ল্যান্ট বা মেজাজ** (Slant) – কোন সংবাদ কাহিনীতে কোন সংবাদপত্র প্রতিষ্ঠান বা ব্যক্তি বিশেষের নিজস্ব মেজাজ প্রচ্ছন্ন থাকলে তাকে স্ল্যান্ট বলে।


www.pathagar.com

**স্লাগ (Slug)**– কোন সংবাদ কাহিনীকে প্রথম দর্শনেই চেনা বা বোঝার জন্য সংবাদ বিবরণীর ওপর দু' একটি শব্দের দিকনির্দেশনার নামই স্লাগ। সংবাদ কাহিনীকে চেনার সংক্ষিপ্ত রূপ।

**স্ন্যাপ (Snap)**– খুব সংক্ষিপ্তকার সংবাদবার্তাকে স্ন্যাপ বলে। এক প্যারা বা অনুচ্ছেদে এই সংবাদ আসে।

সংবাদপত্রের ডেডলাইন পার হয়ে যাবার চরম মুহূর্তেই সাধারণত স্ন্যাপ আকারে কোন সংবাদ এসে থাকে।

**স্পাইক (Spike)** – যে সংবাদ কপির কোন দরকার নেই বা যে কপি থেকে অনুবাদ কর্ম সারা হয়ে গেছে সেগুলোকে যে ধাতব শলাকায় বদ্ধ করা হয় তাকেই স্পাইক বলে।

**স্পল্যাশ (Splash)**– কোন সংবাদপত্রের প্রথম পাতায় কোন সুনির্দিষ্ট দিনের প্রধান সংবাদ গল্পকে স্প্ল্যাশ বলে।

**ট্যাবলয়েড (Tabloid)**– সংবাদপত্র যে সাইজের কাগজে ছাপা হয় তার অর্ধেক সাইজের ট্যাবলয়েড বলে পপুলার সংবাদপত্রগুলো এই ট্যাবলয়েড সাইজের কাগজে ছাপা হয়। এর আনুমানিক সাইজ হচ্ছে ১৬ বাই ১২ ইঞ্চি।

**টিপ (Tip)** – কোন খবর সম্পর্কে প্রাপ্ত আভাস বা ইঙ্গিতকে টিপ বলে। একে এক টুকরো তথ্যও বলা যায়, যার সূত্র ধরে কোন বড় সংবাদ কাহিনী রচিত হতে পারে।

**আপডেটিং (Updating)**–কোন ঘটনা সংক্রান্ত রিপোর্ট কম্পোজে পাঠিয়ে দেবার পর সে ঘটনার ফলোআপ থাকতে পারে। তখন প্রথমে প্রেরিত কপির সাথে নূতন তথ্য যুক্ত করার প্রয়োজন দেখা দিতে পারে। একেই বলে আপেডেটিং।

www.pathagar.com

## সহায়ক গ্রন্থ/পত্রিকা


১। * গনযোগাযোগ প্রক্রিয়া ও কৌশল/ মোঃ রুহুল আমীন শেখ/ ফজলে রাব্বী

২। * WRITERS HAND-BOOK OF THE BASIC JOURNALISM/ MICHAEL L. SIMMONS

৩। * সাংবাদিকতা; সাংবাদিক ও সংবাদপত্র/সুধাংশু শেখর রায়

৪। * স্বরণীয় সাংবাদিক/মুহাম্মদ জাহাঙ্গীর সম্পাদিত

৫। * সাংবাদিকতা/মুহাম্মদ জাহাঙ্গীর সম্পাদিত

৬। THE TIMES/ WEEKHAMSTEED

৭। সংবাদ কৌশল/(NEWS MACHINE/THOMSON FOUNDATION) অনুবাদ ঃ – মাহফুজউল্লাহ

৮। বেতার সাংবাদিকতার কলাকৌশল/মূল ঃ জন হারবার্ট; অনুবাদকঃ আনিসুর রহমান।

৯। দৈনিক সংগ্রাম ঃ দশম বর্ষপূর্তি সংখ্যা

১০। রিপোর্টারের নোটবুক/হেদায়ত হোসেন মোরশেদ

১১। সংবাদপত্রে লেখালিখি/মুহাম্মদ জাহাঙ্গীর

১২। বাংলাদেশে সাংবাদিকতা/মুহাম্মদ জাহাঙ্গীর

১৩। সিলেট জেলা সম্মেলন '৮২ (বাসাস) স্বারক/সম্পদনায় ঃ মোহাম্মদ ফয়জুর রহমান

১৪। প্রসঙ্গ ঃ সাংবাদিকতা/ সিকান্দার ফয়েজ

১৫। শিল্প ও যোগযোগ/সুধাংশু শেখর রায়

১৬। আধুনিক ভারতে সাংবাদিকতা/রোল্যাণ্ড ই উলসলে সম্পাদিত/ আসফাকউল আলম অনুদিত।

১৭। বিষয় ঃ সাংবাদিকতা/ডঃ পার্থ চট্টোপাধ্যায়।

১৮। JOURNALISM : QUARTRLY (U. S. A) EDITOR DONALD L. SHAW

১৯। THE WHY WHO. AND HOW OF THE EDITORIAL PAGE/ KENNETHRYS TROM

২০। সংবাদ বিষয়ক আইন/গাজী সামসুর রহমান

২১। JUSTICE AND JOURNALISM/ MARJORIE JONES : JP PH. D (LONDON)

২২। THE JOURNALISTS HAND BOOK BY M. V KAMATH (INDIA)

www.pathagar.com



MOHAMMAD RUHUL FAROQUE born in "DARUS SALAM" Mollik Pur, Chhatak, Dist. Sunamgonj, Bangladesh. He came from an educated, cultural, honorable muslim family. He was the Founder Secretary general of the Chhatak Press Club; General Secretary of the Chhatak Degree College, Life-Member of the Muslim Suhityo Shomshod; He was a Staff reporter of the difarant national daily Newspaper. He joins with Journalism Profession in 1981.

His father is Late Md. Shafiqul Hoq (Astt. Teacher of the Chhatak Higher Secondary School) and mother Mujibun-Nessa. Mohammad Ruhul Faroque now working is in SAUDI ARABIA.

JILLUR RAHAMAN KHAN
Asst: INFORMATION OFFICER SYLHET

রিবেশনায় ঃ নিউ এমদাদিয়া পাবলিকেশন্স-ঢাকা